উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯- ৬১(৪৫) তারিখ ঃ ১৩/০৭/২০২১ খ্রি.

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদের ২৫ তম মাসিক সাধারণ সভা ১৯/০৭/২০২১ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ রাজনগরে অনুষ্ঠিত হবে।

এ সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো। বিভাগীয় কর্মকর্তাদের স্ব-স্ব বিভাগের কার্যপত্র নিম্নোক্ত ছক মোতাবেক আবশ্যিক ভাবে আগামী ১৮/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিক ভাবে unorajnagar@mopa.gov.bd /unorajnagar16@gmail.com এ সফট কপি ও হার্ড কপি নিম্ন স্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| বিভাগের নাম | বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন (যদি থাকে) | আলোচ্য মাসে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ ও সমস্যা (যদি থাকে) |
|---|---|---|
| | | |

সভার আলোচ্যসূচি ঃ
০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
০২। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
০৩। প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক উপস্থাপিত প্রকল্প সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৪। বিবিধ।

১৩|০৭|২২
(প্রিয়াংকা পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২

ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর
চেয়ারম্যান..................................ইউপি (সকল)
উপজেলা..............................................কর্মকর্তা (সকল),রাজনগর
জনাব.........................................................................

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯- ৬১ (৪৫) তারিখ ঃ ১৩/০৭/২০২১ খ্রি।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-
০১। জনাব নেছার আহমদ, জাতীয় সংসদ সদস্য, ২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০৫ । গোপনীয় সহকারী, জেলা পরিষদ মৌলভীবাজার। চেয়ারম্যান ,জেলা পরিষদ, মৌলভীবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৩|০৭|২২
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার।

উপজেলা পরিষদ

রাজনগর, মৌলভীবাজার।

www.rajnagar.moulvibazar.gov.bdB

১৯জুলাই, ২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের (৫ম উপজেলা পরিষদ) ২৫ তম মাসিক জুম সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর মৌলভীবাজার।

তারিখ ও সময় ঃ ১৯/০৭/২০২১খ্রি. , বেলা ঃ ১১.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রাজনগর, মৌলভীবাজার।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা ,রাজনগরকে অনুরোধ জানান। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা গত ১০/০৬/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং পাঠান্তে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করেন।

অতঃপর স্থায়ী কমিটিসমূহের সংশ্লিষ্ট বিভাগীয় বিষয়ে আলোচনা করার জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিববৃন্দকে আহবান করেন।

০১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় । উক্ত কমিটির সদস্য সচিব জানান যে টিকা কার্যক্রম শুরু হওয়ায় বর্তমানে প্রতিদিন প্রায় ২০০/২৫০ জন লোক টিকা নিতে আসে। করোনা ভ্যাকসিন গ্রহীতাগন ভ্যাকসিন গ্রহনের কেন্দ্রের নাম রেজিস্ট্রেশনের সময় সঠিকভাবে উল্লেখ করা প্রয়োজন। কোভিড-১৯ করোনা ভাইরাস বৃদ্ধির সাথে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু প্রতিরোধের জন্য ফুলের টপে পানি বা এসি তে যাতে পানি না জমে সে দিকে লক্ষ্য রাখা প্রয়োজন। তিনি জানান যে করোনা ভাইরাস মোকাবিলার জন্য হাসপাতালে রোগীকে সেবা প্রদানের জন্য অক্সিজেন সিলিন্ডারের প্রয়োজন হয়। তা ছাড়া কোভিড-১৯ রোগীদের সেবা প্রদানের জন্য ০২ জন আয়া সার্বক্ষনিক কর্মস্থলে থাকা প্রয়োজন। উপজেলার পরিবার পরিকল্পনা কার্যালয় হতে কার্যপত্র পাওয়া যায়। তিনি জানান যে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ভবনের ছাদ দিয়ে পানি পড়া ও জরাজীর্ণ দেয়াল এবং দরজা জানালা মেরামত করা প্রয়োজন। অন্যান্য রোগীদের সেবা কার্যক্রম স্বাভাবিক বলে জানান।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | করোনা ভাইরাস মোকাবিলায় ও স্বাস্থ্য সচেতনার লক্ষ্যে প্রত্যেকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জনগনকে সচেতন করা ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান |

০২। যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উক্ত কমিটির সদস্য সচিব জানান যে এডিপি /২০২০-২১ অর্থ বছরের কাজ সঠিকভাবে সম্পন্ন হওয়ায় বিধি মোতাবেক সকল বিল পরিশোধ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রকল্পের কাজ ও বাকী প্রশিক্ষন লকডাউনের পর শুরু হবে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০২ | প্রকল্প সমূহের কাজ ও প্রশিক্ষণ সমুহ বিধি মোতাবেক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, রাজনগর |

দুর্যোগ ব্যবস্থাপনা শাখা ঃ সভায় কমিটির সদস্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর প্রতিনিধি জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিব বর্ষ উপলক্ষ্যে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সহ অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন

০৩। উপজেলা কৃষি ও সেচ কমিটি সংক্রান্ত ঃ

উপজেলা কৃষি কর্মকর্তা, রাজনগর সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক। আজ প্রায় ২৬ দিন হলো তিনি নুতন কর্মস্থলে যোগদান করেছেন বিধায় সকলের সহযোগিতা কামনা করেন। এ বছর আউশ ধানের চাষ গত বছরের তুলনায় কম হলেও গত বছর থেকে এ বছর উৎপাদন ভাল হয়েছে বলে জানান। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্ন ইউনিয়নে অনাবাদী জমি আবাদের আওতায় আনয়নের জন্য সাবমারসিবল সেচ পাম্প স্থাপনের লক্ষ্যে স্থান নির্বাচন করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৩ | সাবমারসিবল সেচ পাম্প এর মাধ্যমে সকল অনাবাদি জমি আবাদের আওতায় আনার জন্য কৃষককে উদ্বুদ্ধ করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রাজনগর |

০৪। <u>মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়। আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। ২০২১-২০২২ চক্রের নতুন ১৪৩৫ জন উপকারভোগীর উপজেলা কমিটির আবেদন অনলাইনে চূড়ান্ত করে উপজেলা ভিজিডি অনুমোদন নেয়া হয়েছে। আইজি প্রকল্পের আওতায় নতুন ব্যাচ এর বিজ্ঞপ্তি পাওয়া যায় এবং এপ্রিল/২১ হতে প্রশিক্ষণ শুরু হয়েছে। জুলাই/২০ হতে ৮টি ইউনিয়নে ৪০০ জন মাতৃত্বকালীন ভাতা ভোগীর চূড়ান্ত তালিকা প্রস্তুতের কাজ সম্পন্ন করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৪ | ক) বিধি মোতাবেক উপকারভোগির উপজেলা কমিটির আবেদন অনলাইনে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাল্য বিবাহ রোধে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

<u>০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা ও মদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ</u> উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়নি। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রাজনগর সভায় জানান যে অনলাইনে পাঠদান কর্মসূচির কাজ চলছে। তিনি জানান যে স্কুল খোলার নির্দেশনা পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৫ | ক) অনলাইন ভিত্তিক পাঠদান কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পরবর্তী পরিষদের সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক শিক্ষা কর্মকতা,রাজনগর |

০৬। <u>উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা শিক্ষা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে স্কুল পুনরায় খোলার বিষয়ে সরকারি নির্দেশনা সকল শিক্ষককে দেওয়া হয়েছে। কার্যক্রম সম্পাদনের জন্য স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ের অফিস কক্ষ খোলা রাখার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৬ | ক) করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে শিশুদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর । |

০৭। <u>উপজেলা সমাজকল্যাণ কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজনগর আলোচনায় অংশ নিয়ে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৭ | ক) বয়স্ক ভাতা প্রতিস্থাপন/ তালিকা প্রস্তুত করার বিষয়ে যাচাই বাছাই করে প্রস্তুতের বিষয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যানগন। |

০৮। <u>উপজেলা মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ</u>

ক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা এ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। কোভিড-১৯ এ আক্রান্ত রোগীগণ যাতে হোম কোয়ারেন্টাইন-এ থাকেন সে বিষয়ে সহযোগীতা কামনা করেন।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৮ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা রাজনগর |

০৯। উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় নি। উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), জানান নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ২০৮ টি নলকুপের মধ্যে ১৮৫ টি গভীর নলকুপের কাজ সম্পন্ন হয়েছে। তা ছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত গৃহসমুহের মধ্যে দ্রুত পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৯ | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) রাজনগরকে অনুরোধ জানানো হয়। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে নির্মিত গৃহসমূহের পানি সরবরাহের ক্ষেত্রে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজনগর |

১০। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভার কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে চলিত অর্থবছরে মোট ঋণ বিতরণ করা হয়েছে ২৯.১৫ লক্ষ টাকা মোট আদায় হয়েছে ২৮.২৫ লক্ষ টাকা। রাজনগর উপজেলাধীন মেদিনীমহল আবাসন প্রকল্পের পি আই সির সভা আহবান করে বিভিন্ন সমস্যা সমাধানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। কোভিড-১৯ এর কারনে ঋণ আদায় কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে না।

আমার বাড়ী আমার খামার ঃ সভায় আমার বাড়ী, আমার খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারীর নিকট হতে কার্যপত্র পাওয়া যায় নি। এ পর্যন্ত ৭২ টি সমিতি পল্লী সঞ্চয়ন ব্যাংকে স্থানান্তরিত হয়েছে এবং ৯৯ টি সমিতি পর্যায়ক্রমে ব্যাংকে স্থানান্তরিত হওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে মর্মে জানান। রাজনগর উপজেলায় মোট সমিতির সংখ্যা ২৪৮ টি। কোভিড-১৯ এর কারনে ও জনবল কম থাকায় ঋণ কার্যক্রম আদায় কম হচ্ছে বলে সভায় উল্লেখ করেন। প্রনোদনা ঋণ পাওয়া গেলে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে প্রদান করা হবে বলে সভায় উল্লেখ করেন।অ

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১০ | ক. কোভিড-১৯ এর কারনে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রাজনগর |
| | খ. কোভিড-১৯ এর কারনে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য সমন্বয়কারী/ব্যবস্থাপক,আমার বাড়ি,আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগর |

১১। মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা (অঃদাঃ), রাজনগর সভায় দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে জানান। তিনি জানান কোভিড-১৯ এর কারনে অফিস ও মাঠ পর্যায়ে মৎস্য চাষিদেরকে মাছচাষের উপর পরামর্শ দেয়া সম্ভব হচ্ছে না। তিনি জানান যে কোভিড-১৯ এর কারনে মৎস্য সপ্তাহ নির্দেশনা অনুযায়ী পালন করা হবে। উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজনগর জানান যে প্রাণিসম্পদ অফিসকেও সার্বক্ষনিক সেবা প্রদানের আওতায় আনা হয়েছে। আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে কোরবানির পশু যাতে অসুস্থ হয়ে না পড়ে সে দিকে লক্ষ্য রাখা হচ্ছে। এ বিষয়ে নির্দেশনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত প্রায় ৩৪২৮ টি গবাদি পশু ও ২৫,৫০০ টি হাঁস মুরগির টিকা প্রদান করা হয়েছে। এ মাসে গবাদি পশু ও হাঁস মুরগির টিকা বিক্রয় বাবদ ৮,৯৫০/টাকা এবং কৃত্রিম প্রজনন ফি ১২,৯৬০/- টাকা সংশ্লিষ্ট সরকারি খাতে জমা দেওয়া হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১১ | (ক) প্রাণিসম্পদ অধিদপ্তর এর নির্দেশনা মোতাবেক টিকা এবং কৃত্রিম প্রজনন ফি এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা রাজনগর |

১২। উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর উপস্থিত ছিলেন। আভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২১ এর আওতায় এ উপজেলায় ১৪৯১ মেঃ টন ধান ১২৯৯ মেঃ টন সিদ্ধ চাল এবং ১২৮০ মেঃটন আতব চালের লক্ষমাত্রা পাওয়া যায়। যে সমস্ত স্থান হতে চাল সংগ্রহ করা হয় তাহা জানানোর জন্য জন্য সভাপতি সভায় উল্লেখ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১২ | ক. বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা এবং চাল সংগ্রহের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর |

১৩। উপজেলা যুব উন্নয়ন ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সদস্যসচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগর আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। বর্তমানে মে/২১ হতে ঋণ আদায়যোগ্য ১,৬১,৮০০/- তন্মধ্যে আদায়কৃত ৮২,০৫০/-টাকা। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে তার কার্যালয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার ০২ টি, ১টি ক্যাশিয়ার, ১টি অফিস সহায়ক এর পদ শূন্য রয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৩ | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিভাগীয় কার্যক্রম পরিচালনায় গতিশীল হওয়ার জন্য উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , রাজনগর |

১৪। উপজেলা সাংস্কৃতিক বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলার শিল্পকলা একাডেমির কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৪ | শিল্পকলা একাডেমি সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রাজনগর |

১৫। উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি সংক্রান্ত

উক্ত কমিটির সদস্য সচিব সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৫ | আগামী সভায় রেঞ্জবন কর্মকর্তা, মৌলভীবাজার রেঞ্জ-২ শ্রীমঙ্গল কে তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | রেঞ্জ বন কর্মকতা মৌলভীবাজার রেঞ্জ-২ |

১৬। উপজেলা আইনশৃঙ্খলা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। কমিটির সদস্য-সচিব অনুপস্থিত থাকায় বিস্তারিত আলোচনা সম্ভব হয় নি।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৬ | তথ্য উপাত্তসহ আগামি সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইনচার্জ ,রাজনগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, রাজনগর থানা |

১৭। পল্লী বিদ্যুৎ সমিতি সংক্রান্ত ঃ ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, মৌলভীবাজার, রাজনগর জানান যে আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে কার্যক্রম চলছে। সভাপতি জানান যে কোন কারনে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখতে হলে পূর্বে এ বিষয়ে গ্রাহকদের জানানো প্রয়োজন। ৬ নং টেংরা ইউপি চেয়ারম্যান জানান যে ঘন ঘন লোড শেডিং এর কারনে গ্রাহকগন ইউনিয়ন পরিষদে এ বিষয়ে অনেক অভিযোগ আনয়ন করেন যে আবহাওয়া ভাল থাকলেও বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকে। ঘন ঘন লোড শেডিং যাতে না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলদের তিনি সভায় অনুরোধ জানান।

১৮। উপজেলা আনসার ও ভিডিপি কার্যক্রম সংক্রান্ত ঃ উক্ত কার্যালয়ের কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজনগর জানান যে কিছু দিন পূর্বে উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজনগর কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মারা যান। তার শোকতপ্ত পরিবারের প্রতি গভীর শোক প্রকাশ করেন এবং মৃতার আত্মার মাগফেরাত কামনা করেন। মুজিব শতবার্ষিক উপলক্ষ্যে স্বাস্থ্যবিধি মেনে একটি মত বিনিময় সভা করা হয়েছে। অফিসের অন্যান্য কার্জক্রম স্বাভাবিক বলে জানান।

১৯। পল্লী বিদ্যুৎ সমিতি সংক্রান্ত ঃ ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, মৌলভীবাজার, রাজনগর জানান যে আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে কার্যক্রম চলছে। সভাপতি জানান যে কোন কারনে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখতে হলে পূর্বে এ বিষয়ে গ্রাহকদের জানানো প্রয়োজন। ৬ নং টেংরা ইউপি চেয়ারম্যান জানান যে ঘন ঘন লোড শেডিং এর কারনে গ্রাহকগন ইউনিয়ন পরিষদে এ বিষয়ে অনেক অভিযোগ আনয়ন করেন যে আবহাওয়া ভাল থাকলেও বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকে। ঘন ঘন লোড শেডিং যাতে না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলদের তিনি সভায় অনুরোধ জানান।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৭ | কোন জরুরী কাজে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখতে হলে তা পূর্বে অবগত করানো সহ ঘন ঘন লোড শেডিং যাতে না করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ কে অনুরোধ করা হয়। | ডিজিএম,<br>পল্লী বিদ্যুত সমিতি, মৌলভীবাজার<br>,রাজনগর |

১৮। উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। তাই এ বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি।

বিবিধ-০১ ঃ মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে উপজেলা নির্বাচন অফিসার কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মারা যান তার আত্মার মাগফেরাত কামনা করেন। বর্তমানে কোভিড-১৯ কারনে রোগীদের সেবা প্রদানের জন্য হাসপাতালে পর্যাপ্ত অক্সিজেন সিলিন্ডার প্রয়োজন। এ ছাড়া উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ০২ টি নতুন অগ্নি নির্বাহ যন্ত্র ফায়ার এক্সটিংগুসার রিফিলসহ এবং উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের জন্য ০৩ টি অগ্নি নির্বাহ যন্ত্রের ফায়ার এক্সটিংগুসার রিফিল ক্রয় করার প্রয়োজনীয়তা থাকায় ক্রয় করা হয়েছে। এতে নিউটেক্স ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট বরাবর ১১,০০০/-( এগার হাজার ) টাকার বিল পরিশোধের নিমিত্ত জনাব ইকতার আলী সি এ কাম ইউডিএ বিল দাখিল করেন।

বিবিধ ঃ ০১ঃ সিদ্ধান্ত : দাখিলকৃত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ-০২ ঃ চেয়ারম্যান, রাজনগর ইউপি জানান যে করোনা পরিস্থিতির কারনে বিধি মোতাবেক মাস্ক ব্যবহার নিশ্চিতকরন চলছে। ভিজিএফ এর চাল স্বাস্থ্যবিধি মেনে বিতরণের কাজ চলছে। সকলকে পবিত্র ঈদুল আযহার অগ্রিম শুভেচ্ছা জানান। তিনি পবিত্র ঈদুল আযহার নামাজ ঈদগাহে অনুষ্ঠিত না হয়ে খোলা মাঠে / মসজিদে নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে নামাজ আদায় করা হবে। সকল ইউপি চেয়ারম্যানগণ ভিজিএফ এর চাল বিতরণের কাজ পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলসহ মূখ্য নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানান।

বিবিধ ঃ ৩ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যানের এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিসে ভিন ভিন্ন তারিখে আপ্যায়ন বাবদ প্রোঃ বেঙ্গল ফুড্স, রাজনগর ১০০০০/-টাকার এবং প্রোঃ রাজমহল ফুড্স, মৌলভীবাজার ৯,০০০/- টাকার বিল পরিশোধের নিমিত্ত দাখিল করেন।

বিবিধ ঃ৩ঃ সিদ্ধান্ত ঃ দাখিলকৃত বিলগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আপ্যায়ন ব্যয় হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্পের ফেসিলিটেটর জানান যে অনেক সময় দেখা যায় যে সকলে মাস্ক ব্যবহার করছে না। মাস্ক পড়ে মসজিদে নামাজ আদায় করার জন্য মুসল্লিদের মধ্যে প্রচার করা হলে তারা মাস্ক ব্যবহার করবেন।

সভাপতি উপজেলা নির্বাচন অফিসারের অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। তাঁর শোকতপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান এবং উনার আত্মার মাগফেরাত কামনা করেন। সকলের সহিত সমন্বয় করে একযোগে কাজ করার অনুরোধ জানিয়ে রাজনগর উপজেলার উন্নয়ন ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন এবং সকলকে পবিত্র ঈদুল আযহার অগ্রিম শুভেচ্ছা জানান।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

18.08.2021

(মোঃ শাহজাহান খান )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার।

স্মারক নম্বর- ০৫.৩০.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-৬৩ (৪৫)

তারিখ : ১৯/০৭/২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

০১। জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য,২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ,রাজনগর ,মৌলভীবাজার।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১-০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০৩। উপজেলা.............................................কর্মকর্তা, রাজনগর, মৌলভীবাজার
০৪। অফিসার ইনচার্জ, রাজনগর থানা, মৌলভীবাজার
০৫। চেয়ারম্যান...............................ইউপি (সকল), রাজনগর, মৌলভীবাজার
০৬। জনাব ........................................................ রাজনগর, মৌলভীবাজার।

১৯/০৭/২১

(প্রিয়াংকো পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন : ০৮৬২৫-৭৫০০২।

জুম সভা

১৯/০৭/২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ২৫ তম মাসিক সভার উপস্থিতি(স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক"

| ক্র. নং | পদবি | প্রতিনিধির নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, রাজনগর | | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রাজনগর | | |
| ৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ , রাজনগর | | |
| ৪ | চেয়ারম্যান ০১ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ (সদস্য) | | |
| ৫ | চেয়ারম্যান ০২ নং উত্তরভাগ ইউনিয়ন পরিষদ (সদস্য) | | |
| ৬ | চেয়ারম্যান, ০৩ নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ৭ | চেয়ারম্যান ০৪ নং পাঁচগাঁও ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ৮ | চেয়ারম্যান, ০৫ নং রাজনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ৯ | চেয়ারম্যান ০৬ নং টেংরা ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১০ | চেয়ারম্যান ০৭ নং কামারচাক ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১১ | চেয়ারম্যান ০৮ নং মনসুরনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১২ | অফিসার ইনচার্জ, রাজনগর থানা(সদস্য) | | |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ১৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ১৫ | উপজেলা প্রকৌশলী, রাজনগর (সদস্য) | | |
| ১৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ১৭ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, (ভারপ্রা), রাজনগর(সদস্য) | | |
| ১৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা , রাজনগর (সদস্য) | | |

| | | | |
|---|---|---|---|
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভাঃ প্রাঃ), রাজনগর | | |
| ২২ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৬ | উপ-সহকারী প্রকৌশলী ,জনস্বাস্থ্য রাজনগর (সদস্য) | | |
| ২৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | |
| ২৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর (সদস্য) | | |
| ২৯ | ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ বন কর্মকর্তা, (অ্যাদা), রাজনগর (সদস্য) | | |
| ৩০ | শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক , রাজরগর (সদস্য) | | |
| ৩১ | উপজলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ৩২ | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, রাজনগর (সদস্য) | | |
| ৩৩ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ৩৪ | মোছাঃ রুশনা আক্তার<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৫ | মোছাঃ জেছমিন বেগম<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৬ | মোছাঃ লাইলী বেগম<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৭ | উপ- সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজনগর (সদস্য) | | |
| ৩৮ | কনসালট্যান্ট, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রাজনগর (সদস্য) | | |
| ৩৯ | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড, রাজনগর (সদস্য) | | |
| ৪০ | ফিল্ড সুপার,ইসলামিক ফাউন্ডেশন,রাজনগর. (সদস্য) | | |
| ৪১ | উপজেলা ডেভেলপমেন্ট ফেসিলিটেটর,<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), রাজনগর. | | |
| ৪২ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র রাজনগর। | | |
| ৪৩ | | | |
| ৪৪ | | | |

উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯- ৭০(৪৫) | তারিখ ঃ ০৯/০৯/২০২১ খ্রি.

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদের ২৭ তম মাসিক সাধারণ সভা আগামী ১৬/০৯/২০২১ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

এ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো। বিভাগীয় কর্মকর্তাদের স্ব-স্ব বিভাগের কার্যপত্র নিম্নোক্ত ছক মোতাবেক আবশ্যিক ভাবে আগামী ১৫/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিক ভাবে unorajnagar@mopa.gov.bd /unorajnagar16@gmail.com এ সফট কপি ও হার্ড কপি নিম্ন স্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| বিভাগের নাম | বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন (যদি থাকে) | আলোচ্য মাসে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ ও সমস্যা (যদি থাকে) |
|---|---|---|
| | | |

সভার আলোচ্যসূচি ঃ
০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
০২। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
০৩। প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক উপস্থাপিত প্রকল্প সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৪। বিবিধ।

০৯/০৯/২১
(প্রিয়াংকা পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২

ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর
চেয়ারম্যান.................................ইউপি (সকল)
উপজেলা...............................................কর্মকর্তা (সকল),রাজনগর
জনাব.................................................................

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-৭০(৪৫) | তারিখ ঃ ০৯/০৯/২০২১ খ্রি।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরন করা হলো ঃ-
০১। জনাব নেছার আহমদ, জাতীয় সংসদ সদস্য, ২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০৫ । গোপনীয় সহকারী, জেলা পরিষদ মৌলভীবাজার। চেয়ারম্যান ,জেলা পরিষদ, মৌলভীবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৯/০৯/২১
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার।

উপজেলা পরিষদ

রাজনগর, মৌলভীবাজার।

www.rajnagar.moulvibazar.gov.bdB

১৪ সেপ্টেম্বর ২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের (৫ম উপজেলা পরিষদ) ২৭ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর মৌলভীবাজার।

তারিখ ও সময় ঃ ১৬/০৯/২০২১খ্রি. , বেলা ঃ ১১.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রাজনগর, মৌলভীবাজার।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানান। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা গত ২৬/০৮/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং পাঠান্তে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করেন।

অতঃপর স্থায়ী কমিটিসমূহের সংশ্লিষ্ট বিভাগীয় বিষয়ে আলোচনা করার জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিববৃন্দকে আহবান করেন।

০১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় নি । উক্ত কমিটির সদস্য সচিবের পক্ষে প্রতিনিধি জানান যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ এর প্রথম ডোজ ৬০০০ জনকে দেওয়া হয়েছে। ২য় ডোজ ৩৫০০জনকে দেওয়া হয়েছে। বিগত মাসে ০৮ টি ইউনিয়নে জনগণের স্বাস্থ্য সুরক্ষার জন্য গণ টিকা প্রদান করা হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ, সকল ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এবং রাজনৈতিক নেতৃবৃন্দ ও অংগ সংগঠন সমূহ এবং স্বেচ্ছাসেবী সংগঠনসহ সংশ্লিষ্ট সকল টিকা প্রদানে সহযোগিতা করায় উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সকলকে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। হাসপাতালে ব্লাডপ্রেসার ও ডায়বেটিস রোগীদের জন্য উন্নতমানের পালসেট ও পরিক্ষার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি পাওয়া গেছে ভবিষ্যতে আরো সরবরাহ করা হবে বলে সভায় উল্লেখ করেন। ২৫ টি কমিউনিটি ক্লিনিকে ১০১৫০ জন রোগীকে বিভিন্ন ধরনের সেবা প্রদান করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করেন।

চেয়ারম্যান ফতেপুর ইউপি সভায় জানান যে মোকামবাজারে অবস্থিত পরিবার পরিকল্পনা হাসপাতালকে ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল প্রতিষ্ঠা করা হলে অনেক রোগী ও মা শিশু তাৎক্ষনিক চিকিৎসা গ্রহণ করিতে পারবে। বর্তমানে ডাক্তার বসার মত উপযুক্ত কোন কক্ষ না থাকায় সব সময় ডাক্তার পাওয়া যায় না। কামারচাক ইউপি চেয়ারম্যান তাঁর ইউনিয়নে অবস্থিত স্বাস্থ্য সেবা কেন্দ্র টি ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপনের প্রয়োজন বলে জানান।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | (ক) করোনা ভাইরাস মোকাবিলায় ও স্বাস্থ্য সচেতনার লক্ষ্যে প্রত্যেকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জনগনকে সচেতন করা ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়নের সভার কার্যবিবরণী পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান |

০২। যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উক্ত কমিটির সদস্য সচিব জানান যে এডিপি /২০২১-২২ অর্থ বছরে এ মাসে ১ম কিস্তি বাবদ ২০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে । চেয়ারম্যান ফতেপুর ইউপি জানান যে খেয়াঘাট বাজারে স্থাপনকৃত স্ট্রীট লাইটটি নষ্ট হওয়ার কারনে আলো কম দেখায়। উপজেলা প্রকৌশলী জানান যে যে সকল স্থানে স্ট্রীট লাইট নষ্ট হয়েছে তার তালিকা প্রস্তুতক্রমে প্রেরণের জন্য অনুরোধ জানান। বাস্তবায়নযোগ্য স্কীমসমূহ জরুরী ভিত্তিতে দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

মুখ্য নির্বাহী কর্মকর্তা জানান যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) হতে ২০২১-২০২২ অর্থ বছরে রাজনগর উপজেলায় স্ট্রীট লাইট স্থাপন খাতে ৪০,০০০০০/- চল্লিশ লক্ষ) ও কমিউনিটি ক্লিনিকের যন্ত্রাংশ ক্রয় ও আসবাব পত্র ক্রয় বাবদ ১০,০০,০০০/( দশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। কিন্তু গত ২৬তম সভার সিদ্ধান্তে কমিউনিটি ক্লিনিকের সংস্কার ও আসবাবপত্র মেরামত বাবদ চাহিদার পরিবর্তে আংশিক সংশোধনক্রমে উপজেলার প্রত্যেকটি কমিনিটি ক্লিনিকের জন্য মেডিক্যাল যন্ত্রাংশ যথা-

নেবুলাইজার, ব্লাড সুগার/গ্লুকোমিটার, ব্লাড প্রেসার মাপার যন্ত্র, ওয়েট মেশিন ইত্যাদি ক্রয় এবং আসবাবপত্র বাবদ আলমারি ও চেয়ার ক্রয়ের বিষয় আলোচনাক্রমে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) কর্তৃক বরাদ্দকৃত ১০ লক্ষ টাকার মধ্যে বিভিন্ন দক্ষতাবৃদ্ধিমুলক প্রশিক্ষণ এবং কারিগরি প্রশিক্ষণ প্রদানের বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ১) মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ইংরেজী বিষয়ে দক্ষতাবৃদ্ধিমুলক প্রশিক্ষণ ২) ইলেকট্রিক মিস্ত্রিদের দক্ষতাবৃদ্ধিমুলক প্রশিক্ষণ ৩) পানি সংকট মোকাবেলায় স্থানীয় আগ্রহী যুবকদের টিউবওয়েল মেরামতের উপর দক্ষ কারিগরি প্রশিক্ষণ ৪) হাঁস মুরগী ও গবাদী পশুর রোগ প্রতিরোধে স্থানীয় আগ্রহী যুবকদের দক্ষ টিকা প্রদানকারী বিষয়ক প্রশিক্ষণ ৫) বেকার যুব মহিলাদের কর্মসংস্থানের জন্য নকশিকাথা ও বুটিক বিষয়ক প্রশিক্ষণ ৬) পাবদা ও গুলশা মাছ চাষের উপর মৎস চাষীদের দক্ষতাবৃদ্ধিমুলক প্রশিক্ষণ প্রদানের জন্য সভায় সর্বসম্মত অনুমোদন হয়।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০২ | (ক) ১ম কিস্তির বরাদ্দের প্রকল্প সমূহ বিধি মোতাবেক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) গত ২৬ তম সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) এর প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, রাজনগর। |

দুর্যোগ ব্যবস্থাপনা শাখা ঃ সভায় কমিটির সদস্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর প্রতিনিধি জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিব বর্ষ উপলক্ষ্যে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সহ অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করেন।

০৩। উপজেলা কৃষি ও সেচ কমিটি সংক্রান্ত ঃ

উপজেলা কৃষি কর্মকর্তা, রাজনগর সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক। এ বছর ১৩,১৮২ হেক্টর জমিতে আমন ধান চাষ করা হয়েছে। বর্তমানে আমন ধানে পোকার আক্রমণ বৃদ্ধিসহ ধানের পাতায় লাল রংয়ের এক ধরনের রোগের লক্ষণ দেখা দিয়েছে মর্মে সকল ইউপি চেয়ারম্যান সভায় উল্লেখ করেন। উপজেলা কৃষি অফিসার জানান যে কৃষকেরা পটাশ সার ব্যবহার না করে শুধু ইউরিয়া সার প্রয়োগে আগ্রহ দেখা যায় ইউরিয়া সারের পাশাপাশি পটাশ সার ব্যবহার করলে ধানের পাতা সবুজ হতে অনেকটা সাহায্য করে।

চেয়ারম্যান উত্তরভাগ ইউপি জানান যে আমন ধানে মাজরা পোকার আক্রমন দেখা দিয়েছে ইহা প্রতিকারের জন্য কীটনাশক ঔষধ নির্বাচন করা প্রয়োজন।

চেয়ারম্যান পাঁচগাও ইউপি উল্লেখ করেন যে উক্ত ইউনিয়নে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে সবসময় অফিসে পাওয়া যায় নাই ফলে কৃষকগন কৃষি বিষয়ক পরামর্শ থেকে বঞ্চিত হচ্ছেন।

চেয়ারম্যান ফতেপুর ইউপি জানান যে, উক্ত ইউনিয়নে শুধুমাত্র বোর চাষ করা হয়। বোর ধান চাষের মৌসুম শুরু হতে চলেছে। কিন্তু হাওর অঞ্চলে পানি কমে যাওয়ায় কচুরীপেনা জমিতে জমে গিয়াছে। হাওরে পানি বেশী থাকার সময়ে তা পরিষ্কার করার জন্য কোন উদ্যোগ নেওয়া হয় নাই। কচুরীপেনা পরিষ্কার না করা হলে বোর ধান চাষ করা যাবে না। তাছাড়া হাওরের পানি ঠিক লেভেল না থাকায় জমির আগাছা না পচে বরং বৃদ্ধি পাচ্ছে। কচুরীপেনা পরিষ্কারের জন্য জরুরী ভিত্তিতে পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।

উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বক্তব্য রাখেন যে বিভিন্ন ধরনের পোকার আক্রমন থেকে ধান রক্ষার জন্য উপজেলা কৃষি অফিসের সাথে যোগাযোগ করা হলে তিনি ঔষধের নাম নির্বাচন করে দিবেন। তিনি প্রতিটি ইউনিয়নে উপস্থিত হয়ে কৃষকদের নিয়ে আলোচনা করে কৃষি বিষয়ে তাদের পরামর্শ প্রদানের জন্য আশ্বাস দেন এবং ফতেপুর ইউনিয়নের হাওর এলাকায় কচুরীপানা পরিষ্কারের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। কৃষি যান্ত্রীকরণের মাধ্যমে ফসল উৎপাদন প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়ন হতে আবেদন পত্র ও কৃষকের নামের তালিকা পাওয়া গিয়াছে মর্মে সভায় জানানো হয়। বরাদ্দ সাপেক্ষে পরবর্তী প্রকল্প জানানো হবে।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৩ | উপজেলা কৃষি অফিস হতে কৃষকগণের প্রয়োজনীয় পরামর্শ গ্রহনের জন্য এবং জমিতে উপযোগী সার ও কীটনাশক ব্যবহারে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান। |

০৪। মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়। আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান ২০২১-২০২২ চক্রের নতুন ১৪৩৫ জন উপকারভোগীর উপজেলা কমিটির আবেদন অনলাইনে চুড়ান্ত করে উপজেলা ভিজিডি অনুমোদন নেয়া হয়েছে। আইজি প্রকল্পের আওতায় নতুন ব্যাচ এর বিজ্ঞপ্তি পাওয়া যায়। জুলাই/২০ হতে ৮টি ইউনিয়নে ৪০০ জন মাতৃত্বকালীন ভাতা ভোগীর চুড়ান্ত তালিকা প্রস্তুতের কাজ সম্পন্ন করা হয়েছে।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৪ | ক) বিধি মোতাবেক উপকারভোগির উপজেলা কমিটির আবেদন অনলাইনে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাল্য বিবাহ রোধে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত : উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়নি। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রাজনগর সভায় জানান যে ১২/০৯/২০২১ তারিখ হতে উৎসবমুখর পরিবেশে বিদ্যালয়ের শ্রেণী কার্যক্রম কিছু বিধি-নিষেধ মেনে চালু করায় সকলের মনে স্বস্তি ফিরে এসেছে। বিদ্যালয়ের কার্যক্রম পরিচালনার বিষয়টি শিক্ষা প্রশাসনের পাশাপাশি জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের যথাসময়ে বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে আগমন ও প্রস্থান নিশ্চিত করা সহ বিদ্যালয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা রাখার জন্য সকল বিদ্যালয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৫ | স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের পাঠদান কর্মসূচী এবং শিক্ষক-কর্মচারী ও ছাত্র/ছাত্রীর যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,রাজনগর |

০৬। উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা শিক্ষা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে বিদ্যালয় গত ১২/০৯/২১ তারিখ হতে খোলা হয়েছে। তিনি জানান যে পঞ্চম শ্রেণীর ক্লাস প্রতিদিন চলবে অন্যান্য শ্রেণীর ক্লাস ১ দিন অন্তর চলবে। বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য এবং স্বাস্থ্যবিধি মেনে নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। উপবৃত্তির টাকা এখনও অনেক ছাত্র/ছাত্রী পায় নাই মর্মে ইউপি চেয়ারম্যানগন সভায় জানান।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৬ | করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে শিশুদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর। |

০৭। উপজেলা সমাজকল্যাণ কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজনগর আলোচনায় অংশ নিয়ে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান বিধবা ও বয়স্ক ভাতা বিকাশের মাধ্যমে প্রদান করায় কিছুটা সমস্যা হয়েছে। এগুলো এমআইএস থেকে তালিকা কপি করে সংশ্লিষ্ট সকল চেয়ারম্যানকে যাচাই করার জন্য প্রদান করা হলে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। নদী ভাংগন ১৪ টি পরিবারকে চিহ্নিত করে বিতরণের জন্য ৫৬০০০/- ( ছাপ্পান্ন) হাজার টাকা বরাদ্দ পাওয়া যায় এবং ১২ জন ক্ষুদ্র নৃগোষ্ঠির মধ্যে বিতরণের লক্ষ্যে ৬০,০০০/-(ষাট হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায় মর্মে সভায় উল্লেখ করেন।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৭ | ক) বয়স্ক ভাতা প্রতিস্থাপন/ তালিকা প্রস্তুত করার বিষয়ে যাচাই বাছাই করে প্রস্তুতের বিষয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যানগণ। |

০৮। উপজেলা মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা এ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৮ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা রাজনগর |

০৯। উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়। উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), জানান ২০১৯-২০২০ অর্থবছরের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ২০৮ টি গভীর নলকুপের কাজ সম্পন্ন হয়েছে। ২০২০-২১ অর্থ বছরের ২০৮ টি গভীর নলকুপের সাইট লিস্ট সংগ্রহ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের ২০৮ টি গভীর নলকুপের বরাদ্দ পাওয়া গিয়াছে। ২০২১-২২ অর্থ বছরের হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের ৭৫ টি গভীর নলকুপ, ১০টি কমিউনিটি টয়লেট ও ৫ টি ইমপ্রুভ টয়লেটের বরাদ্দ পাওয়া যায়। তা ছাড়া জিপি এস প্রকল্পের আওতায় ৪ টি বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণের কাজ চলমান রয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৯ | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) রাজনগরকে অনুরোধ জানানো হয়। বরাদ্দ কৃত গভীর নলকুপ এবং হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাপ্ত প্রকল্পের স্থাপনের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজনগর |

১০। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভার কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে চলিত অর্থবছরে মোট ঋণ বিতরণ করা হয়েছে ২১.৯৫ লক্ষ টাকা মোট আদায় হয়েছে ২.৯৮ লক্ষ টাকা। রাজনগর উপজেলাধীন মেদিনীমহল আবাসন প্রকল্পের পি আই সির সভা আহবান করে বিভিন্ন সমস্যা সমাধানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। কোভিড-১৯ এর কারনে ঋণ আদায় কার্যক্রম বন্ধ ছিল। বর্তমানে ঋণ আদায় কার্যক্রম শুরু করা হয়েছে। সমবায় কর্মকর্তা জানান যে ঋণ আদায়ের জন্য সমবায় অফিসের মাধ্যমে ৫৫ টি সার্টিফিকেট মামলা পেন্ডিং রয়েছে। ঋণ আদায়ের ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

আমার বাড়ী আমার খামার ঃ সভায় আমার বাড়ী, আমার খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারীর নিকট হতে কার্যপত্র পাওয়া যায়। আগস্ট মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৮.৪৫ লক্ষ বকেয়া সহ আদায় করা হয়েছে ২১.৬৬ লক্ষ টাকা। কোভিড-১৯ এর কারনে ও জনবল কম থাকায় ঋণ কার্যক্রম আদায় কম হচ্ছে বলে সভায় উল্লেখ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১০ | ক. কোভিড-১৯ এর কারনে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রাজনগর |
| | খ. কোভিড-১৯ এর কারনে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য সমন্বয়কারী/ব্যবস্থাপক,আমার বাড়ি,আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগর |

১১। মৎস্য ও প্রানিসম্পদ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা (অ:দা:), রাজনগর সভায় দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে জানান। তিনি জানান মাঠ পর্যায়ে মৎস্য চাষিদেরকে মাছ চাষের উপর পরামর্শ অব্যাহত আছে। জাতীয় মৎস্য সপ্তাহ/২০২১ আগামী ২৮ আগস্ট হতে ৩ সেপ্টেম্বর পর্যন্ত উদযাপন করা হয়েছে। জাইকা প্রকল্পের আওতায় ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। উম্মুক্ত জলাশয়ে এবং প্রাতিষ্ঠানিক পুকুরে ৩১৩ কেজি পোনামাছ অবমুক্ত করা হয়েছে। উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজনগর জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ৬০ টি পরিবারের মধ্যে ০২ টি করে ভেড়া পালনের জন্য ভেড়া প্রদান করা হবে। চেয়ারম্যান উপজেলা পরিষদ উপদেষ্টা, উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি এবং সমাজসেবা কর্মকর্তা সদস্য সহ আরও সদস্য নিয়ে বিতরণ কমিটি গঠন করা হবে। এ পর্যন্ত প্রায় ৩৪২৮ টি গবাদি পশু ও ২৫,৫০০ টি হাঁস মুরগির টিকা প্রদান করা হয়েছে। এ মাসে গবাদি পশু ও হাঁস মুরগির টিকা বিক্রয় বাবদ ৮,৯৫০/টাকা এবং কৃত্রিম প্রজনন ফি ১২,৯৬০/- টাকা সংশ্লিষ্ট সরকারি খাতে জমা দেওয়া হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১১ | (ক) প্রাণিসম্পদ অধিদপ্তর এর নির্দেশনা মোতাবেক টিকা এবং কৃত্রিম প্রজনন ফি এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা রাজনগর |

১২। উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর উপস্থিত ছিলেন। অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২১ এর আওতায় এ উপজেলায় ১৪৯১ মে: টন ধান ১২৯৯ মে: টন সিদ্ধ চাল এবং ১৩৫১ মে:টন আতব চালের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। এ পর্যন্ত ধান ৯৭১ মে: টন, সিদ্ধ চাল ১২৯৯ মে: টন এবং আতপ চাল ১২৮৮ মে:টন সংগৃহীত হয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচী শুরু হবে এ পর্যন্ত ৫৮ টি কার্ড বিতরণ করা হবে মর্মে সভায় উল্লেখ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১২ | ক. বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা এবং চাল সংগ্রহের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর |

১৩। উপজেলা যুব উন্নয়ন ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সদস্যসচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগরের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। বর্তমানে মে/২১ হতে ঋণ আদায়যোগ্য ১,৬০,০০০/- তন্মধ্যে আদায়কৃত ১,৪০,০০০/- টাকা। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে তার কার্যালয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার ০২ টি, ১টি ক্যাশিয়ার, ১টি অফিস সহায়ক এর পদ শূন্য রয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৩ | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিভাগীয় কার্যক্রম পরিচালনায় গতিশীল হওয়ার জন্য উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগর |

১৪। উপজেলা সাংস্কৃতিক বিষয়ক কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলার শিল্পকলা একাডেমির কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। শিল্পকলা একাডেমীর কার্যক্রম পরিচালনার নিমিত্ত একটি আলমারী, বাদ্যযন্ত্র ক্রয় এবং কক্ষ বর্ধনের প্রয়োজন মর্মে মুখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৪ | শিল্পকলা একাডেমি সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রাজনগর |

১৫। উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি সংক্রান্ত

উক্ত কমিটির সদস্য সচিব সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৫ | আগামী সভায় রেঞ্জবন কর্মকর্তা, মৌলভীবাজার রেঞ্জ-২ শ্রীমঙ্গল কে তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | রেঞ্জ বন কর্মকর্তা মৌলভীবাজার রেঞ্জ-২ |

১৬। উপজেলা আইনশৃঙ্খলা বিষয়ক কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। কমিটির সদস্য-সচিব অনুপস্থিত থাকায় বিস্তারিত আলোচনা সম্ভব হয় নি।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৬ | তথ্য উপাত্তসহ আগামি সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইনচার্জ রাজনগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, রাজনগর থানা |

১৭। পল্লী বিদ্যুৎ সমিতি, রাজনগর : ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি অনুপস্থিত থাকায় পক্ষে প্রতিনিধি ছিলেন। তিনি জানান তাঁর অফিসের কাজকর্ম স্বাভাবিক চলছে। চেয়ারম্যান ফতেপুর ইউপি জানান যে তাঁর ইউনিয়নে একটি কৃষি সেচযন্ত্র দেওয়া হয়েছে। কিন্তু বিদ্যুৎ সংযোগের জন্য পল্লী বিদ্যুৎ অফিসে ফিস জমা দিতে হলে সরকারি ফিস নির্ধারণের প্রয়োজন। চেয়ারম্যান রাজনগর ইউপি উল্লেখ করেন যে একটি মসজিদ নির্মানের স্বার্থে বৈদ্যুতিক খুটি সরানোর জন্য পল্লী বিদ্যুৎ অফিসে যোগাযোগ করা হলে খুটি সরানো বাবদ সরকারি ফিস

জমা দিতে বিড়ম্বনার সমস্যার সম্মুখীন হতে হয়েছে ফলে খুটি সরানো হচ্ছে না। চেয়ারম্যান টেংরা ইউনিয়নের অনেক এলাকায় বিশেষ করে চা বাগান এলাকায় অনেক মিটার স্থাপনের কাজ বাকি রয়েছে যাহা জরুরী ভিত্তিতে স্থাপন করা প্রয়োজন মর্মে সভায় বক্তব্য রাখেন।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৭ | মিটার স্থাপন, বিদ্যুৎ সংযোগ এবং বৈদ্যুতিক খুটি সরানোর বিষয়ে সরেজমিন তদন্ত করে সরকার কর্তৃক ধার্য্যকৃত ফিস জমা করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | জিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, রাজনগর, মৌলভীবাজার। |

১৮। উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। তাই এ বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি।

বিবিধ-০১ ঃ মুখ্য নির্বাহী কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে জানান যে উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করার লক্ষ্যে সকলের সহযোগিতায় উপযুক্ত ভূমি নির্বাচন করে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। বিগত ১২/০৯/২০২১ তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক নিয়মিত পরিদর্শন করা প্রয়োজন। লেখাপড়ার হার বৃদ্ধির লক্ষ্যে বাচ্চাদের লেখাপড়ায় মনোযোগি করতে অভিভাবক ও শিক্ষকদের ভূমিকা নিতে হবে। শিল্পকলা একাডেমীর অস্থায়ী কার্যালয়ের সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে বিধায় কার্যক্রম শুরু করে শিল্পিদের তালিকা প্রস্তুত করা প্রয়োজন।

বিবিধ ঃ-০২ঃ উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান দীর্ঘদিন পর বিদ্যালয়গুলি খোলা হয়েছে। ইতিমধ্যে তিনি কয়েকটি বিদ্যালয়ে গিয়েছেন। একামধু সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি নতুন ভবন নির্মান করা হলে ছাত্র /ছাত্রীদের বসার ও লেখাপড়ার আরও সুযোগ হবে বলে জানান।

বিবিধ ঃ ০৩ (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের ভাঙ্গা কাঠের টেবিল, কাঠের চেয়ার, রেক এবং ভিজিটর চেয়ার নষ্ট হয়ে যাওয়ায় তা মেরামত করে মোঃ জয়নাল আহমদ, কাঠ মিস্ত্রি ১৫,৮০০/- ( পনের হাজার আটশত) টাকার বিল পরিশোধের নিমিত্ত দাখিল করেন।

(খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সানসাইট প্লাস্টার, রংকরন এবং বারান্দার এ্যাংগেল সংস্কার হয়। তা ছাড়া বাংলোর সামনের গেইটের অংশগুলি স্থাপন/মেরামত এবং মিস্ত্রি মজুরী বাবদ ২৪,৮৫০/- টাকার বিল পরিশোধের নিমিত্ত জনাব মাহবুবুর রহমান, জারীকারক দাখিল করেন।

(গ) উপজেলা পরিষদের অভ্যন্তরে ইলেকট্রিক লাইট স্থাপন ও ভবনে ইলেকট্রিক লাইন মেরামতের জন্য প্রোঃ রুদ্রানী ইলেক্ট্রিক এন্ড স্যানেটারী হাউস, রাজনগরের মাধ্যমে কাজ সম্পন্ন করে মোঃ ইকতার আলী সিএকামইউডিএ ২৪০০০/- টাকার বিল পরিশোধের জন্য দাখিল করেন।

(ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের ০২ টি নতুন ফ্যান এর প্রয়োজন হওয়ায় তা খরিদ করে এবং বৈদ্যুতিক লাইট ক্রয়/ বৈদ্যুতিক লাইন মেরামত বাবদ পাবেল মিয়া, ইলেকট্রিক মিস্ত্রি ১৫,৫৯৫/- টাকার বিল পরিশোধের নিমিত্ত দাখিল করেন।

(ঙ) উপজেলা পরিষদ কার্যালয়( অস্থায়ী অফিস) এর গেইট মেরামত ও রংকরণ করার প্রয়োজন থাকায় কাজ সমাপ্ত করে বিষ্ণু দেব (টুলু), প্রোঃ জননী ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস ২৫,০০০/- ( পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধের নিমিত্ত দাখিল করেন।

বিবিধ ঃ ০৩ (ক), (খ) (গ) (ঘ) এবং (ঙ) সিদ্ধান্ত : দাখিলকৃত বিল সমূহের বিধি মোতাবেক ভ্যাট আইটি কর্তনপূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ' উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ ও রংকরণ খাত হতে ব্যয়ের অনুমোদন সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ঃ ৪ঃ উপজেলা পরিষদের বিভিন্ন সভায় আপ্যায়ন বাবদ মোঃ শিব্বির আহমদ প্রোঃ খান এন্ড কোং রাজনগর ৮,৬০০/-টাকার এবং মোঃ নজরুল ইসলাম, ম্যানেজার পানসী রেস্টুরেন্ট মৌলভীবাজার ২১,৩৭৫/- টাকার বিল পরিশোধের নিমিত্ত চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাজনগর দাখিল করিলে বিলগুলি পরিশোধের জন্য এ কার্যালয়ে পাওয়া যায়।।

বিবিধ ৪ঃ সিদ্ধান্ত ঃ দাখিলকৃত বিলগুলির ভ্যাট আইটি কর্তনপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আপ্যায়ন ব্যয় হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ৫ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যানের জুলাই/২১ হতে সেপ্টেম্বর/২১ পর্যন্ত তিন মাসের ইন্টারনেট বিল বাবদ ৫৪০০/- টাকা ম্যানেজার, ব্রাদার্স নেট কমিউনিকেশন, মৌলভীবাজার দাখিল করেন।

বিবিধ ৫ঃ সিদ্ধান্ত ঃ ইন্টারনেট বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ব্যয় সংক্রান্ত খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ৬ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানদের জুন/২১ হতে আগস্ট/২১ পর্যন্ত ভ্রমন ভাতার বিল ৩ মাসের মোট ৬২,৮৭৫/- টাকার বিল পরিশোধের জন্য পাওয়ায়া যায়।

বিবিধ ঃ ৬ সিদ্ধান্ত ঃ এমন ভাতার বিলগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর হিসাব হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ঃ ৭ঃ উপজেলা পরিষদের তসিবা এম নং-২৮০৯ ফটোকপি মেশিন নষ্ট হয়ে যাওয়ায় তা ইনোভেটিভ অফিস অটোমেশন এর মাধ্যমে বাবলু মিয়া মেকানিক দিয়ে জরুরী ভিত্তিতে মেরামত করা হয় এতে ২৪,৫০০/-টাকার বিল মোঃ ইকতার আলী সিএ কাম ইউডিএ দাখিল করেন।

বিবিধ ঃ ৭ঃ সিদ্ধান্ত ঃ উক্ত বিলটি উপজেলা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষন খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি জানান যে স্বাস্থ্য ,শিক্ষা ও কৃষি খাত খুবই গুরুত্বপূর্ন বিধায় সরকারি নির্দেশনা সঠিকভাবে মেনে কাজ করতে হবে। হাসপাতালে করোনা টিকা গ্রহণের লক্ষ্যে জনগনকে পরামর্শ প্রদান করতে হবে। সকলের সহিত সমন্বয় করে একযোগে কাজ করার অনুরোধ জানিয়ে রাজনগর উপজেলার উন্নয়ন ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহজাহান খান )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার।

স্মারক নম্বর- ০৫.০০.৫৮৭০.০০২.০২.০৩৭.১৯-৭১ (৪৫)

তারিখ ঃ ১৬/০৯/২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য,২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা ,উপজেলা পরিষদ,রাজনগর ,মৌলভীবাজার।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
০১-০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০৩। উপজেলা.........................................কর্মকর্তা, রাজনগর, মৌলভীবাজার
০৪। অফিসার ইনচার্জ, রাজনগর থানা, মৌলভীবাজার
০৫। চেয়ারম্যান.............................ইউপি (সকল), রাজনগর, মৌলভীবাজার
০৬। জনাব ......................................................... রাজনগর, মৌলভীবাজার

১৬/০৯/২১
(প্রিয়াংকা পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২।

১৬/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ২৭ তম মাসিক সভার উপস্থিতি(স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক"

| ক্র. নং | পদবি | প্রতিনিধির নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, রাজনগর | | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রাজনগর | | |
| ৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ , রাজনগর | | |
| ৪ | চেয়ারম্যান ০১ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ (সদস্য) | | |
| ৫ | চেয়ারম্যান ০২ নং উত্তরভাগ ইউনিয়ন পরিষদ (সদস্য) | | 16/09/2021 |
| ৬ | চেয়ারম্যান, ০৩ নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ৭ | চেয়ারম্যান ০৪ নং পাঁচগাঁও ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ৮ | চেয়ারম্যান, ০৫ নং রাজনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | | 16-09-2021 |
| ৯ | চেয়ারম্যান ০৬ নং টেংরা ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১০ | চেয়ারম্যান ০৭ নং কামারচাক ইউনিয়ন পরিষদ(সদস্য) | | 16.09.2021 |
| ১১ | চেয়ারম্যান ০৮ নং মনসুরনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | [illegible] | |
| ১২ | অফিসার ইনচার্জ, রাজনগর থানা(সদস্য) | | |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও প, প, কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ১৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ১৫ | উপজেলা প্রকৌশলী, রাজনগর (সদস্য) | | |
| ১৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ১৭ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, (ভাঃপ্রা), রাজনগর(সদস্য) | | |
| ১৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা , রাজনগর (সদস্য) | | |

| | | | |
|---|---|---|---|
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভাঃ প্রাঃ), রাজনগর | মাহিতাভ মজুমদার | [illegible] |
| ২২ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | [illegible] |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | [illegible] |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | [illegible] ১৬/০৯/২২ |
| ২৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৬ | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য রাজনগর (সদস্য) | | [illegible] |
| ২৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | [illegible] |
| ২৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর (সদস্য) | | [illegible] ১১/৯/২০২০ |
| ২৯ | ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ বন কর্মকর্তা, (অদা), রাজনগর (সদস্য) | | |
| ৩০ | শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক , রাজনগর (সদস্য) | | |
| ৩১ | উপজলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ৩২ | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, রাজনগর (সদস্য) | | [illegible] 11/09/21 |
| ৩৩ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ৩৪ | মোছাঃ রুশনা আক্তার<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৫ | মোছাঃ জেছমিন বেগম<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৬ | মোছাঃ লাইলী বেগম<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৭ | উপ- সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজনগর (সদস্য) | | |
| ৩৮ | কনসালট্যান্ট, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রাজনগর (সদস্য) | | |
| ৩৯ | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড, রাজনগর (সদস্য) | | |
| ৪০ | ফিল্ড সুপার,ইসলামিক ফাউন্ডেশন,রাজনগর. (সদস্য) | | |
| ৪১ | উপজেলা ডেভেলপমেন্ট ফেসিলিটেটর,<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), রাজনগর. | | |
| ৪২ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র রাজনগর। | | |
| ৪৩ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | প্রোগ্রাম অফিসার | [illegible] 16.9.21 |
| ৪৪ | | | |

উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯- ৭৬(৪৫)

তারিখ ঃ ১৪/১০/২০২১ খ্রি.

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদের ২৮ তম মাসিক সাধারণ সভা ২১/১০/২০২১ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ রাজনগরে অনুষ্ঠিত হবে।

এ সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো। বিভাগীয় কর্মকর্তাদের স্ব-স্ব বিভাগের কার্যপত্র নিম্নোক্ত ছক মোতাবেক আবশ্যিক ভাবে আগামী ২০/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিক ভাবে unorajnagar@mopa.gov.bd /unorajnagar16@gmail.com এ সফট কপি ও হার্ড কপি নিম্ন স্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| বিভাগের নাম | বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন (যদি থাকে) | আলোচ্য মাসে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ ও সমস্যা (যদি থাকে) |
|---|---|---|
| | | |

সভার আলোচ্যসূচি ঃ
০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
০২। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
০৩। প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক উপস্থাপিত প্রকল্প সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৪। বিবিধ।

১৪/১০/২১
(প্রিয়াংকা পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২

ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর
চেয়ারম্যান.................................ইউপি (সকল)
উপজেলা...............................................কর্মকর্তা (সকল),রাজনগর
জনাব.......................................................................

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯- ৭৬ (৪৫)

তারিখ ঃ ১৪/১০/২০২১ খ্রি।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-
০১। জনাব নেছার আহমদ, জাতীয় সংসদ সদস্য, ২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০৫ । গোপনীয় সহকারী, জেলা পরিষদ মৌলভীবাজার। চেয়ারম্যান জেলা পরিষদ, মৌলভীবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৪/১০/২১
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার।

উপজেলা পরিষদ

রাজনগর, মৌলভীবাজার।

www.rajnagar.moulvibazar.gov.bd৪

**২১ অক্টোবর ২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের (৫ম উপজেলা পরিষদ) ২৮ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ শাহজাহান খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর মৌলভীবাজার। |
| তারিখ ও সময় | ঃ ২১/১০/২০২১খ্রি., বেলা ঃ ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রাজনগর, মৌলভীবাজার। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানান। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা গত ১৬/০৯/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং পাঠান্তে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করেন।

অতঃপর স্থায়ী কমিটিসমূহের সংশ্লিষ্ট বিভাগীয় বিষয়ে আলোচনা করার জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিববৃন্দকে আহবান করেন।

০১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় । উক্ত কমিটির সদস্য সচিব জানান যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ এর প্রথম ডোজ ৮২৫৭ টি দেওয়া হয়েছে। তারই ধারাবাহিকতায় আগামী ২৮/১০/২০২১ তারিখ ইউনিয়ন পর্যায় ২য় ডোজ ৮২৫৭ জনকে টিকা প্রদান করা হবে। উক্ত টিকাদান কর্মসূচী সফলভাবে পালনের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, ও ভাইস চেয়ারম্যানবৃন্দ, উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ, সকল ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

তাছাড়া ২৩/১০/২০২১ তারিখ হতে মাধ্যমিক ও প্রাথমিক স্কুল পর্যায়ে স্কুলে ডাক্তারের সমন্বয়ে শিশুদের ওজন, উচ্চতা ও দৃষ্টি পরীক্ষাসহ প্রাথমিক চিকিৎসা প্রদান করা হবে এবং স্কুল পর্যায়ে আগামী ৩০/১০/২০২১ তারিখ হতে ছাত্র/ছাত্রীদের একটি করে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হবে। উক্ত কর্মসূচী সফলভাবে পালনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

২৫ টি কমিউনিটি ক্লিনিকে ১২১৫০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে এবং ইপিআই কার্যক্রম শিশু রেজিস্ট্রেশন ৩৭৮ জনের হয়েছে মর্মে জানান।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | (ক) করোনা ভাইরাস মোকাবিলায় ও স্বাস্থ্য সচেতনার লক্ষ্যে প্রত্যেকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জনগনকে সচেতন করা ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) কোভিড-১৯ এর ২য় ডোজ টিকা প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান |

০২। যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উক্ত কমিটির সদস্য সচিব এর পক্ষে প্রতিনিধি জানান যে এডিপি /২০২১-২২ অর্থ বছরে এ মাসে ১ম কিস্তি বাবদ ২০.২৩ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে কিন্তু ইউপি হতে প্রকল্পের তালিকা এখনও সব পাওয়া যায় নাই ফলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে, এডিপি/২০২১-২২ অর্থবছরে প্রাপ্ত ও সম্ভাব্য বরাদ্দ ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) খাতে সংরক্ষিত অর্থে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,রাজনগরকে অনুরোধ জানান। উপজেলা পরিষদের আনসার ও ভিডিপি সদস্যদের আবাসন ভবন নির্মান কাজ সমাপ্ত হওয়ায় চুড়ান্ত বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উল্লেখ করেন। তিনি জানান ১৬ জন নতুন তালিকাভূক্তিতে আগ্রহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান হতে আদায়কৃত তালিকাভূক্তি ফি বাবদ ৮০,০০০/-( আশি হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমা করা হয়েছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় আধুনিক পদ্ধতিতে চাষাবাদের জন্য উপজেলা কৃষি অফিসের ঠিকাদার কর্তৃক কৃষি যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে মর্মে জানান। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে, উপজেলা পরিষদ আবাসিক এলাকায় বিদ্যমান বিভিন্ন ভবন মেরামত ও সংস্কারের অভাবে প্রায়শঃ অকেজো হয়ে পড়েছে মর্মে জানান। তিনি আরোও জানান যে,

উপজেলা পরিষদ আবাসিক এলাকায় বিদ্যমান গেজেটেড কোয়ার্টার,উপজেলা নির্বাহী অফিসারের বাংলো এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান বাংলো কাম অফিস ভবনটি মেরামত করার লক্ষ্যে জরুরীভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী রাজনগরকে অনুরোধ জানান। এছাড়া তিনি আরো ও জানান যে, উপজেলা পরিষদের পর্যাপ্ত নিজস্ব আয় উৎস না থাকায় রাজস্ব তহবিলে প্রয়োজনীয় অর্থ সংকুলান হবে না বিধায় স্থানীয় সরকার মন্ত্রনালয় হতে এ খাতে থোক বরাদ্দ গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রনালয় বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার,রাজনগরকে অনুরোধ জানান।

<u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর (সক্ষমতাবৃদ্ধি) :</u> উপজেলা প্রকৌশলী সভাকে জানান, ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণের জন্য ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বিভিন্ন বিভাগ, বিভিন্ন উপজেলা কমিটি ও উপজেলা পরিষদ হতে প্রাপ্ত প্রশিক্ষণ চাহিদা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপন করা হয়। বর্ণিত প্রস্তাবিত প্রকল্পসমূহ প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত তালিকা তৈরী করা হয় এবং সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

| ক্রঃনং | অনুমোদিত প্রকল্প তালিকা | অনুমোদিত পিআইসি কমিটি | মোট বাজেট (টাকা) |
|---|---|---|---|
| ০১ | হাঁস-মুরগী ও গবাদী পশুর রোগ প্রতিরোধে স্থানীয় আগ্রহী যুবকদের দক্ষ টিকা প্রদানকারী (Vaccinator) বিষয়ক প্রশিক্ষণ। | মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি | ১৬৬৭২০/- |
| ০২ | পানি সংকট মোবাবিলায় স্থানীয় আগ্রহী যুবকদের টিউবওয়েল মেরামতের উপর দক্ষ কারিগরি প্রশিক্ষণ। | জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি | ১৭৩৩২০/- |
| ০৩ | মাধ্যমিক পর্যায়ে শিক্ষকদের ইংরেজী বিষয়ক প্রশিক্ষণ। | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা কমিটি | ১৪৩৫০০/- |
| ০৪ | বেকার যুব মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নকশী কাঁথা ও কুশিকাথা বিষয়ক প্রশিক্ষণ। | নারী ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি | ১৮৩৫০০/- |
| ০৫ | টেকসই অবকাঠামো নির্মাণের লক্ষ্যে রাজমিস্ত্রিদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি। | ১৬৮৯০০/- |
| ০৬ | পাবদা/গুলশা/শিং/মাগুরমাছের একক ও মিশ্রচাষ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ। | মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি | ১৬৪০৬০/- |
| | | সর্বমোট | ১০,০০,০০০/- |

উপজেলা প্রকৌশলী রাজনগর আরো জানান যে "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" এর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের ৫ম পর্যায়ে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের ৫০ লক্ষ টাকার বিপরীতে ০২ টি উপ-প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত বাস্তবায়নের জন্য অনুমোদনের প্রস্তাব করেন। পিএসসি সভাপতি ও অন্যান্য সদস্যদের উপস্থিতিতে বিস্তারিত আলোচনার পর সভায় উপস্থাপিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্নে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্তে উপজেলা কমিটির প্রস্তাব ও ১৭/১০/২০২১ খ্রি. তারিখ অনুষ্ঠিত উপজেলা বাছাই কমিটির সুপারিশের প্রেক্ষিতে অত্র ২১/১০/২০২১ খ্রি. তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভা কর্তৃক প্রকল্প ২টি বাস্তবায়নের জন্য সর্ব-সম্মতিক্রম্যে সিদ্ধান্ত গৃহীত হয় ও চূড়ান্তভাবে অনুমোদন দেয়া হয়। বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

১। উপ- প্রকল্পের নামঃ রাজনগর উপজেলার ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র কমিউনিটি ক্লিনিক এবং কমিউনিটি ক্লিনিকের ডেলিভারি কেন্দ্রে মেডিকেল যন্ত্রপাতি সরবরাহ। উপ-প্রকল্প নম্বর ঃ INF-২০২০-২০২১-৬০৫৮৮০-০১ প্রকল্পের মোট বাজেটঃ ভ্যাট ও আইটি ব্যতীত ১০,৩২,১৬২/-( দশ লক্ষ বত্রিশ হাজার একশত বাষট্টি) টাকা এবং ভ্যাট ও আইটিসহ = ১১,৫৩,২৫৪/- ( এগার লক্ষ তিপ্পান্ন হাজার দুইশত চুয়ান্ন)টাকা মাত্র।

২। উপ-প্রকল্পের নামঃ রাজনগর উপজেলাধীন ৮টি ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তা/হাট-বাজারে সড়ক সোলার বাতি স্থাপন। উপ-প্রকল্প নম্বর ঃ INF-২০২০-২০২১-৬০৫৮৮০-০২ প্রকল্পের মোট বাজেটঃ ভ্যাট ও আইটি ব্যতীত= ৩৯,৬৭,৮৩৮/-(উনচল্লিশ লক্ষ সাতষট্টি হাজার আটশত আটত্রিশ) টাকা এবং ভ্যাট ও আইটিসহ= ৪৪,৩৩,৩৩৮/- (চুয়াল্লিশ লক্ষ তেত্রিশ হাজার তিনশত আটত্রিশ টাকা)।

রাজনগর উপজেলা পরিষদের পুরাতন উপজেলা পরিষদ সম্মেলন ভবনটি অনেক পুরাতন ও ব্যবহার অনুপযুক্ত হওয়ায় উক্ত সম্মেলন ভবনটি পরিত্যাক্ত ঘোষণার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০২ | (ক) এডিপি/২০২১-২২ অর্থবছরে প্রাপ্ত ও সম্ভাব্য বরাদ্দ ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) খাতে সংরক্ষিত অর্থে প্রকল্প গ্রহণ বিধি মোতাবেক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) এডিপি প্রকল্পের তালিকা জরুরীভিত্তিতে দাখিলের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) রাজনগর উপজেলা পরিষদের পুরাতন উপজেলা পরিষদ সম্মেলন ভবনটি অনেক পুরাতন ও ব্যবহার অনুপযুক্ত হওয়ায় উক্ত সম্মেলন ভবনটি পরিত্যাক্ত ঘোষণার বিষয়ে উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন করে আগামী সভারপূর্বে বিস্তারিত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।<br>(ঘ) উপজেলা পরিষদ আবাসিক এলাকায় বিদ্যমান গেজেটেড কোয়ার্টার,উপজেলা নির্বাহী অফিসারের বাংলো এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান বাংলো কাম অফিস ভবনটি মেরামত করার লক্ষ্যে জরুরীভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত পূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের জন্য উপজেলা প্রকৌশলী, রাজনগরকে অনুরোধ জানান এবং এ খাতে ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বরাদ্দ আনয়নের জন্য স্থানীয় সরকার মন্ত্রনালয়ে পত্র প্রেরণের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী, রাজনগর<br>ও<br>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br><br>উপজেলা প্রকৌশলী, রাজনগর |

<u>দুর্যোগ ব্যবস্থাপনা শাখা</u> ঃ সভায় কমিটির সদস্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর প্রতিনিধি জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিব বর্ষ উপলক্ষ্যে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সহ অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

<u>০৩। উপজেলা কৃষি ও সেচ কমিটি সংক্রান্ত ঃ</u>

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, রাজনগর সভায় উপস্থিত থেকে সভাকে অবগত করেন যে নির্মানাধীন কৃষক প্রশিক্ষন কেন্দ্র এর নিরাপত্তার স্বার্থে মূল ফটক নির্মান করা অতীব প্রয়োজন।এ বছর ১৩,১৮৩ হেক্টর জমিতে আমন ধান চাষ করা হয়েছে। আমন ধানে পোকার আক্রমণ এবং ধানের পাতায় লাল রংয়ের যে রোগের লক্ষণ দেখা দিয়েছিল তা বর্তমানে দমন করা সম্ভব হয়েছে। রবি মৌসুমের প্রনোদনা পাওয়া গিয়াছে বিধি মোতাবেক বিতরণ করা হবে। জাইকা হতে প্রাপ্ত কৃষি যন্ত্রপাতি রাখার স্থানে নিরাপত্তার বিষয় আলোচনা করেন।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৩ | (ক) উপজেলা পরিষদের প্রাঙ্গনে নির্মানাধীন কৃষক প্রশিক্ষন কেন্দ্রের পেছনে অবস্থিত ডরমেটরীতে প্রবেশ এবং বাহির হওয়ার একমাত্র রাস্তায় নিরাপত্তার স্বার্থে প্রবেশদ্বারে ফটক নির্মান করা হলে ডরমেটরীতে অবস্থানরতদের সাথে কৃষি অফিসে কর্মরত সংশ্লিষ্টদের সুষ্ঠু সমন্বয় রেখে ফটক খোলা রাখা/ বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) রবি মৌসুমের প্রাপ্ত প্রনোদনা বিধি মোতাবেক বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রাজনগর<br><br>উপজেলা কৃষি অফিসার, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান। |

০৪। <u>মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়। আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান ২০২১-২০২২ চক্রের নতুন ১৪৩৫ জন উপকারভোগীর নামে ১০/- টাকার ব্যাংক হিসাব খোলা হয়েছে এবং সঞ্চয় কার্যক্রম চলমান আছে। আইজি প্রকল্পের আওতায় নতুন ব্যাচ এর বিজ্ঞপ্তি পাওয়া যায়। ফ্যাশন ও বিউটিফিকেশন এর প্রশিক্ষনার্থীর বাছাই কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। জুলাই/২০ হতে ৮টি ইউনিয়নে ৪০০ জন মাতৃত্বকালীন ভাতা ভোগীর চুড়ান্ত তালিকা প্রস্তুতের কাজ সম্পন্ন করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৪ | ক) বিধি মোতাবেক উপকারভোগির উপজেলা কমিটির আবেদন অনলাইনে সম্পন্ন করে সঞ্চয় কার্যক্রম চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাল্য বিবাহ রোধে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়নি। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রাজনগর সভায় জানান যে ১২/০৯/২০২১ তারিখ হতে উৎসবমুখর পরিবেশে বিদ্যালয়ের শ্রেনী কার্যক্রম কিছু বিধি-নিষেধ মেনে চালু করায় সকলের মনে স্বস্থি ফিরে এসেছে। বিদ্যালয়ের কার্যক্রম পরিচালনার বিষয়টি শিক্ষা প্রশাসনের পাশাপাশি জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের যথাসময়ে বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে আগমন ও প্রস্থান নিশ্চিত করা সহ বিদ্যালয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা রাখার জন্য সকল বিদ্যালয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৫ | স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের পাঠদান কর্মসূচী এবং শিক্ষক-কর্মচারী ও ছাত্র/ছাত্রীর যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক শিক্ষা কর্মকতা,রাজনগর |

০৬। উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা শিক্ষা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে বিদ্যালয় গত ১২/০৯/২১ তারিখ হতে খোলা হয়েছে। তিনি জানান যে পঞ্চম শ্রেনীর ক্লাস প্রতিদিন চলবে আন্যান্য শ্রেনীর ক্লাস ১ দিন অন্তর চলবে। বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য এবং স্বাস্থ্যবিধি মেনে নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। উপবৃত্তির টাকা এখনও অনেক ছাত্র/ছাত্রী পায় নাই মর্মে ইউপি চেয়ারম্যানগন সভায় জানান।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৬ | করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে শিশুদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর। |

০৭। উপজেলা সমাজকল্যাণ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজনগর আলোচনায় অংশ নিয়ে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান বিধবা ও বয়স্ক ভাতা বিকাশের মাধ্যমে প্রদান করায় কিছুটা সমস্যা হয়েছে। বিধবা ও বয়স্ক ভাতা প্রতিস্থাপনের তালিকা চাওয়া হলে শুধুমাত্র মুন্সিবাজার ইউনিয়ন হতে পাওয়া যায় অন্য ইউপি হতে পাওয়া যায় নাই। প্রতিবন্ধীদের নতুন তালিকা মুন্সিবাজার ইউনিয়ন হতে পাওয়া যায়। চা শ্রমিকের জীবনমান ভাতা দ্রুত বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ অনুরোধ জানান।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৭ | ক) বয়স্ক ভাতা প্রতিস্থাপন/ তালিকা প্রস্তুত করার বিষয়ে যাচাই বাছাই করে প্রস্তুতের বিষয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) চা শ্রমিকের জীবনমান ভাতা বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যানগন। |

০৮। উপজেলা মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা এ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৮ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা রাজনগর |

### ০৯। উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় । উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), জানান ২০২০-২০২১ অর্থবছরের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ২০৮ টি গভীর নলকূপের মধ্যে ২৯ টি নলকূপের বোরিং কাজ সম্পন্ন করা হয়েছে এবং বাকী কাজ চলমান রয়েছে। ২০২০-২১ অর্থ বছরের ২০৮ টি গভীর নলকূপের সাইট লিস্ট সংগ্রহ করা হয়েছে। ২০২০-২১ অর্থ বছরের হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের ১১৯ টির মধ্যে ১১৭ টি গভীর নলকূপ এবং ১১টির মধ্যে ১০টি ইমপ্রুভ টয়লেট কাজ সম্পন্ন করা হয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৬টি বিদ্যালয় কাজ সমাপ্ত হয়েছে। তা ছাড়া জিপি এস প্রকল্পের আওতায় ৪ টি বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণের কাজ চলমান রয়েছে। আর্সেনিক সনাক্ত করণের জন্য প্রতি ইউনিয়নে আর্সেনিক পরীক্ষার জন্য টেস্টার নিয়োগ করা হবে। চেয়ারম্যান ৬ নং টেংরা ইউপি জানান যে নলকূপ স্থাপনকারী মিস্ত্রিরা পানির নির্দিষ্ট স্তরে নলকূপটি না বসিয়ে বিভিন্ন অজুহাত দেখিয়ে কম পানির স্তরে বসানোর চেষ্টা করেন এ বিষয়ে উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)কে যাচাই করে নলকূপ বসানোর অনুরোধ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৯ | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) রাজনগরকে অনুরোধ জানানো হয়। বরাদ্দ কৃত গভীর নলকূপ এবং হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাপ্ত প্রকল্পের কাজের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজনগর |

### ১০। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভার কার্যপত্র পাওয়া যায় । উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে চলিত অর্থবছরে মোট ঋণ বিতরণ করা হয়েছে ২৮.৩৩ লক্ষ টাকা মোট আদায় হয়েছে ৯.২০ লক্ষ টাকা। কোভিড-১৯ এর কারনে ঋণ আদায় কার্যক্রম বন্ধ ছিল । বর্তমানে ঋণ আদায় কার্যক্রম পুরোপুরিভাবে শুরু করা হয়েছে। সমবায় কর্মকর্তা জানান যে ঋণ আদায়ের জন্য সমবায় অফিসের মাধ্যমে ৫৫ টি সার্টিফিকেট মামলা পেন্ডিং রয়েছে আগামি ৭ই নভেম্বর ২০২১ তারিখে সমবায় দিবস উদযাপিত হবে এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

আমার বাড়ী আমার খামার ঃ সভায় আমার বাড়ী, আমার খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারীর নিকট হতে কার্যপত্র পাওয়া যায় । আগস্ট মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৮.৪৫ লক্ষ বকেয়া সহ আদায় করা হয়েছে ২১.৬৬ লক্ষ টাকা। কোভিড-১৯ এর কারনে ও জনবল কম থাকায় ঋণ কার্যক্রম আদায় কম হচ্ছে বলে সভায় উল্লেখ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১০ | ক. কোভিড-১৯ এর কারনে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রাজনগর |
| | খ. কোভিড-১৯ এর কারনে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য সমন্বয়কারী/ব্যবস্থাপক,আমার বাড়ি,আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগর |

### ১১। মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা (অঃদাঃ), রাজনগর সভায় দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে জানান। তিনি জানান মাঠ পর্যায়ে মৎস্য চাষিদেরকে মাছ চাষের উপর পরামর্শ এবং বিগত অক্টোবর/২১ হতে মা ইলিশ সংরক্ষণের জন্য রাজনগর উপজেলায় বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে। কাউয়াদিঘী হাওরে মৎস্য আইনের আওতায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজনগর জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । এ পর্যন্ত প্রায় ৩৩১২ টি গবাদি পশু ও ২৪০০০ টি হাঁস মুরগির টিকা প্রদান করা হয়েছে। এ মাসে গবাদি পশু ও হাঁস মুরগির টিকা বিক্রয় বাবদ ৯,৬৮০/-টাকা এবং কৃত্রিম প্রজনন ফি ১১,৭৯০/- টাকা সংশ্লিষ্ট সরকারি খাতে জমা দেওয়া হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১১ | (ক) প্রাণিসম্পদ অধিদপ্তর এর নির্দেশনা মোতাবেক টিকা এবং কৃত্রিম প্রজনন ফি এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা রাজনগর |

১২। উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর উপস্থিত ছিলেন। খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় সেপ্টেম্বর/২১ মাস হতে ভোক্তাদের নিকট কর্নেল মিশ্রিত পুষ্টি চাল বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। ৪৭৯৬ জন ভোক্তার নিকট ৮ টি ইউনিয়নে ১৬ জন ডিলারের মাধ্যমে চাল বিক্রি কার্যক্রম চলমান।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১২ | ক. বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা এবং পুষ্টি চাল বিতরণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর |

১৩। উপজেলা যুব উন্নয়ন ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সদস্য-সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগরের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। আগস্ট,২১ মাসে ঋণ আদায়যোগ্য ১,৬১,৮০০/- তন্মধ্যে আদায়কৃত ১,৪৬,২৫০/- টাকা। খেলাপী ঋণীদের নিকট নোটিশ প্রদান করে ঋণ আদায়ের জন্য তাগিদ দেওয়া হচ্ছে। শুরু হতে এ পর্যন্ত সর্বমোট ৮৬৫৭ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আত্মকর্মীর সংখ্যা ৪,১০৭ জন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে তার কার্যালয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার ০২ টি, ১টি ক্যাশিয়ার, ১টি অফিস সহায়ক এর পদ শূন্য রয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৩ | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিভাগীয় কার্যক্রম পরিচালনায় গতিশীল হওয়ার জন্য উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগর |

১৪। উপজেলা সাংস্কৃতিক বিষয়ক কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলার শিল্পকলা একাডেমির কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৪ | শিল্পকলা একাডেমি সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রাজনগর |

১৫। উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি সংক্রান্ত

উক্ত কমিটির সদস্য সচিব সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। চেয়ারম্যান ৬ নং টেংরা ইউপি সভায় জানান যে টেংরা ইউনিয়নের রাজনগর চা বাগানে অবাধে বিভিন্ন প্রজাতির গাছ কর্তন করা হচ্ছে। গাছ কর্তনের বিষয়ে বন বিভাগ সহ সংশ্লিষ্টদের অনুমতি আছে কি না সে বিষয়ে সুনির্দিষ্ট কোন তথ্য না থাকায় এবং বাগান কর্তৃপক্ষ হতেও কোন তথ্য না থাকায় তথ্য সংগ্রহকারীদের নিকট সঠিক তথ্য প্রদান করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৫ | আগামী সভায় রেঞ্জবন কর্মকর্তা, মৌলভীবাজার রেঞ্জ-২ শ্রীমঙ্গল কে তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | রেঞ্জ বন কর্মকতা মৌলভীবাজার রেঞ্জ-২ |

১৬। উপজেলা আইনশৃঙ্খলা বিষয়ক কমিটি সংক্রান্ত :

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। কমিটির সদস্য-সচিব অনুপস্থিত থাকায় বিস্তারিত আলোচনা সম্ভব হয় নি।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৬ | তথ্য উপাত্তসহ আগামি সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইনচার্জ রাজনগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, রাজনগর থানা |

১৭। উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। তাই এ বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি।

বিবিধ ঃ ১ ঃ সভাপতি সভায় উল্লেখ করেন যে উপজেলা পরিষদের স্থায়ী সম্পত্তি যথাযথভাবে সংরক্ষণের স্বার্থে সীমানা নির্ধারন করা অতীব জরুরী। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সীমানা নির্ধারনের জন্য নিম্নোক্ত তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি সীমানা নির্ধারন সংক্রান্ত বিষয়ে সরেজমিন পরিদর্শনপূর্বক অতি দ্রুত একটি প্রতিবেদন দাখিল করিবেন।

১। সহকারী কমিশনার(ভূমি), রাজনগর----------------------আহবায়ক।

২। সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, রাজনগর--------------সদস্য।

৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, রাজনগর সদর-------সদস্য।

বিবিধ ঃ ২ঃ সভাপতি জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ের পার্শ্ববর্তী ড্রেইনগুলি বর্তমানে বর্ষার মৌসুমে বৃষ্টির পানি জমে কাদা ও বালুতে ড্রেইনগুলো ভরাট হওয়ায় পানিবদ্ধতা সৃষ্টি হয়। মশার উপদ্রব থেকে রক্ষার জন্য উপজেলা পরিষদ মসজিদের আশ পাশ রাস্তার জঙ্গল পরিষ্কার করার প্রয়োজনীয়তা থাকায় শ্রমিক দ্বারা ড্রেইন পরিষ্কার ও জঙ্গল পরিষ্কার করা হয়। কাজ সমাপ্ত করে মোঃ সেলিম মিয়া শ্রমিকদের মজুরী বাবদ ২৫,০০০/- টাকার বিল পরিশোধের জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাজনগর বরাবর দাখিল করিলে বিলটি পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পাওয়া যায়।
বিবিধ ঃ২ সিদ্ধান্ত ঃ শ্রমিকদের মজুরী বাবদ দাখিলকৃত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের 'বর্জ্য ব্যবস্থাপনা/ পরিষ্কার পরিচ্ছন্নতা' খাত হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ-০৩: উপজেলা পরিষদের সরকারি জীপ গাড়ী নং-মৌ-ঘ-০০৭৯ এর মেরামতের জন্য খুচরা যন্ত্রাংশ ক্রয় ও স্থাপন বাবদ মজুরী ইত্যাদির বিল বাবদ প্রো ঃ মোঃ সুয়েব আহমদ, মায়ের দোয়া পেট্রোল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ ২৪,৫০০/-টাকার বিল পরিশোধের জন্য দাখিল করেন।
বিবিধ ঃ ০৩ সিদ্ধান্ত ঃ গাড়ী মেরামতের প্রাপ্ত বিল উপজেলা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত এবং জ্বালানী ব্যয় পরিপত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ-০৪ ঃ মূখ্য নির্বাহী কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে জানান যে উপজেলা পরিষদের আবাসিক এলাকার গেজেটেড কোয়ার্টার ভবনের কক্ষগুলি প্রায় ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে বিধায় কক্ষগুলি মেরামত/সংস্কার করা প্রয়োজন। পুরাতন ভবন হিসেবে বাজারদর যাচাই করে বসবাসরত কর্মকর্তাগণকে নির্দিষ্ট পরিমাণ অর্থে বিধি সম্মতভাবে বাসাবাড়া হিসাবে দেওয়া যায় কি না এ বিষয়ে আলোচনা করে সকলের মতামত চান। উপজেলা পরিষদের আনসার ও ভিডিপি সদস্যদের আবাসন ভবন নির্মান কাজ সংক্রান্ত চুড়ান্ত বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের নির্দেশনা থাকায় বিলটি উপজেলা প্রকৌশলীর কার্যলয় হতে পাওয়ার পর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় উল্লেখ করেন।।

বিবিধ ঃ ৫ঃ উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের ৩/১ নং বাসায় বসবাসকারী সহকারী কমিশনার(ভূমি) জানান যে বর্তমানে বাসায় বসবাস করার অনুপযোগী হয়ে পড়েছে বিধায় জরুরী ভিত্তিতে বাসার রংকরণ/ সংস্কার স্যানেটারী মালামাল খরিদ/ মেরামত এবং বৈদ্যুতিক লাইন মেরামত ও স্থাপনের একান্ত প্রয়োজন মর্মে জানান।
ক) সহকারী কমিশনার(ভূমি),রাজনগর এর আবেদনের প্রেক্ষিতে উক্ত বাসাটি মেরামত ও রংকরণের কাজ করা হয় কাজ শেষে মোঃ মাহবুবুর রহমান, জারীকারক ২৪,৯০০/- টাকার বিল পরিশোধের জন্য দাখিল করেন।
(খ) মোঃ পাবেল মিয়া ইলেকট্রিশিয়ান ৩/১ নং কক্ষের ইলেকট্রিক লাইন মেরামত ও মালামাল খরিদ করে স্থাপন পূর্বক মজুরী সহ ২৪৯৮৭/-টাকার বিল পরিশোধের জন্য দাখিল করেন।
(গ) সুখেন্দু দেব সুকান্ত, প্রোঃ রুদ্রানী ইলেকট্রিক এন্ড স্যানেটারী হাউস গেজেটেড কোয়াটারের ৩/১ নং বাসায় স্যানেটারী জিনিসপত্র ক্রয় করে স্থাপনপূর্বক মজুরী সহ ২৪,৯০০/- টাকার বিল চেয়ারম্যান উপজেলা পরিষদ বরাবর দাখিল করিলে বিলটি পরিশোধের জন্য পাওয়া যায়।
বিবিধ ঃ ০৫(ক),(খ),(গ) সিদ্ধান্ত : দাখিলকৃত বিল সমুহের বিধি মোতাবেক ভ্যাট আইটি কর্তনপূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ' উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ ও রংকরণ খাত হতে ব্যয়ের অনুমোদন সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ঃ ৬ঃ উপজেলা পরিষদের বিভিন্ন সভায় আপ্যায়ন বাবদ মোঃ আব্দু ওদুদ প্রোঃ বেঙ্গল ফুড্স রাজনগর ৮,৫০০/-টাকার এবং মোঃ মতিউর রহমান মিন্টু প্রোঃ টাইটানিক ক্যাফ, রাজনগর ২১,৫০০/- টাকার বিল পরিশোধের নিমিত্ত চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাজনগর দাখিল করিলে বিলগুলি পরিশোধের জন্য এ কার্যালয়ে পাওয়া যায়।
বিবিধ ঃ ৬ ঃ সিদ্ধান্ত ঃ দাখিলকৃত বিলগুলির ভ্যাট আইটি কর্তনপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আপ্যায়ন ব্যয় হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ -০৮ । চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে,উপজেলা পরিষদের সরকারী জীপ গাড়ী নং-মৌলভীবাজার-ঘ-১১-০০৭৯ দীর্ঘদিন ব্যবহারের কারনে অধিকাংশ যন্ত্রপাতি বিনষ্ট হয়ে গেছে যা জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন বিধায় উক্ত সরকারী গাড়ী মেরামত করার লক্ষ্যে বিআরটিএ,মৌলভীবাজার কর্তৃক পরিদর্শন করানো হয়েছে। বিআরটিএ,মৌলভীবাজার এর স্মারক নং-বিআরটিএ/সহকারী-শাখা/মোযান/২১-২১৮৭ ও তারিখ ৩১/১০/২০২১খ্রি. মূলে উল্লেখিত গাড়ী মেরামতের নিমিত্ত প্রতিবেদন পাওয়া গেছে। এ লক্ষ্যে বিধি মোতাবেক মেরামত করার জন্য সভায় অনুমোদনের প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার,রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে,উল্লেখিত গাড়ী মেরামত করার জন্য স্থানীয় সরকার মন্ত্রনালয়ের পূর্বানুমতি গ্রহণ করার আবশ্যকতা রয়েছে । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ সিদ্ধান্ত-০৮ ঃ উপজেলা পরিষদ, রাজনগরের সরকারী জীপ গাড়ী নং- মৌলভীবাজার- ঘ-১১-০০৭৯ মেরামতের নিমিত্ত বিআরটিএ ,মৌলভীবাজারের প্রতিবেদনের আলোকে কোটেশন আহবান পূর্বক সর্বনিম্ন দরদাতা নির্ধারণ করে মেরামত করার পূর্বে স্থানীয় সরকার মন্ত্রনালয়ের পূর্বানুমতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ-০৯ ঃ চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে,উপজেলা পরিষদ,আবাসিক এলাকার খেলার মাঠে একটি টয়লেট নির্মাণ ও উপজেলা চেয়ারম্যান অফিস (অস্থায়ী কার্যালয়) এর সামনে পার্কিং এরিয়া সি,সি ঢালাই দ্বারা উন্নয়ন প্রয়োজন বিধায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাত হতে ০২(দুই) লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জরুরীভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী,রাজনগরকে অনুরোধ জানান। এছাড়া উল্লেখিত প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় অনুমোদনের প্রস্তাব করেন।

বিবিধ সিদ্ধান্ত-০৯ ঃ উল্লেখিত প্রকল্পটি প্রাক্কলিত মূল্যে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ,রাজনগরকে সভাপতি পূর্বক ০৭(সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন এবং জরুরীভিত্তিতে প্রকল্প প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী,রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

সভাপতি সকলের সহিত সমন্বয় করে একযোগে কাজ করার অনুরোধ জানিয়ে রাজনগর উপজেলার উন্নয়ন ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহজাহান খান )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার।

স্মারক নম্বর- ০৫.০০.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-৭৭ (৪৫)

তারিখ ঃ ২১/১০/২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য,২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ,রাজনগর ,মৌলভীবাজার।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১-০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০৩। উপজেলা..........................................কর্মকর্তা, রাজনগর, মৌলভীবাজার
০৪। অফিসার ইনচার্জ, রাজনগর থানা, মৌলভীবাজার।
০৫। চেয়ারম্যান..................................ইউপি (সকল), রাজনগর, মৌলভীবাজার
০৬। জনাব ................................................... রাজনগর, মৌলভীবাজার

২১/১০/২১
(প্রিয়াংকা পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২।

২১/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ২৮ তম মাসিক সভার উপস্থিতি(স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক"

| ক্র. নং | পদবি | প্রতিনিধির নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, রাজনগর | | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রাজনগর | | |
| ৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ , রাজনগর | | |
| ৪ | চেয়ারম্যান ০১ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ (সদস্য) | | |
| ৫ | চেয়ারম্যান ০২ নং উত্তরভাগ ইউনিয়ন পরিষদ (সদস্য) | চেয়ারম্যান | [illegible] 21/10/2021 |
| ৬ | চেয়ারম্যান, ০৩ নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদ(সদস্য) | [illegible] | [illegible] ২১/১০/২১ |
| ৭ | চেয়ারম্যান ০৪ নং পাঁচগাঁও ইউনিয়ন পরিষদ(সদস্য) | [illegible] | [illegible] |
| ৮ | চেয়ারম্যান, ০৫ নং রাজনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | [illegible] | [illegible] |
| ৯ | চেয়ারম্যান ০৬ নং টেংরা ইউনিয়ন পরিষদ(সদস্য) | টিপু খান | [illegible] 21.10.2021 |
| ১০ | চেয়ারম্যান ০৭ নং কামারচাক ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১১ | চেয়ারম্যান ০৮ নং মনসুরনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১২ | অফিসার ইনচার্জ, রাজনগর থানা(সদস্য) | | |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও প, প, কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | [illegible] ২১/১০/২১ |
| ১৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | মো: মামুনুর হক | [illegible] ২১/১০/২০২১ |
| ১৫ | উপজেলা প্রকৌশলী, রাজনগর (সদস্য) | [illegible] | |
| ১৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | [illegible] |
| ১৭ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, (ভারপ্রা), রাজনগর(সদস্য) | | [illegible] |
| ১৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | [illegible] ২১/১০/২১ |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | [illegible] |
| ২০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা , রাজনগর (সদস্য) | [illegible] | [illegible] ২১/১০/২১ |

| | | | |
|---|---|---|---|
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভার প্রাপ্ত), রাজনগর | | |
| ২২ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | মো. মিরাজুল ইসলাম সহ: উপজেলা যুব উন্নয়ন অফিসার | |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | মো. সুমন আহমদ [illegible] | |
| ২৬ | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য রাজনগর (সদস্য) | | |
| ২৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | |
| ২৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর (সদস্য) | বিনয় কুমার দেব | ২১/[illegible]/২০২১ |
| ২৯ | ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ বন কর্মকর্তা, (অপ্রা), রাজনগর (সদস্য) | | |
| ৩০ | শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক , রাজনগর (সদস্য) | মো: মাসুদ মিয়া, ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ২১/১০/২১ |
| ৩১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | আলমসুহেল | 21.10.21 |
| ৩২ | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, রাজনগর (সদস্য) | | |
| ৩৩ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ৩৪ | মোছাঃ রুশনা আক্তার সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৫ | মোছাঃ জেছমিন বেগম সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৬ | মোছাঃ লাইলী বেগম সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৭ | উপ- সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজনগর (সদস্য) | | |
| ৩৮ | কনসালট্যান্ট, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রাজনগর (সদস্য) | | |
| ৩৯ | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড, রাজনগর (সদস্য) | | |
| ৪০ | ফিল্ড সুপার,ইসলামিক ফাউন্ডেশন,রাজনগর, (সদস্য) | | |
| ৪১ | উপজেলা ডেভেলপমেন্ট ফেসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), রাজনগর. | | |
| ৪২ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র রাজনগর। | | |
| ৪৩ | | | |
| ৪৪ | | | |

উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-৮১ (৪৫)

তারিখ : ২৮ /১১/২০২১ খ্রি.

বিষয় : উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদের ২৯ তম মাসিক সাধারণ সভা অনিবার্য কারণবশত ২৯/১১/২০২১ তারিখ এর পরিবর্তে আগামী ৩০/১১/২০২১ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

এ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো। বিভাগীয় কর্মকর্তাদের স্ব-স্ব বিভাগের কার্যপত্র নিম্নোক্ত ছক মোতাবেক আবশ্যিক ভাবে আগামী ২৯/১১/২০২১ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিক ভাবে unorajnagar@mopa.gov.bd/ unorajnagar16@gmail.com এ সফট কপি ও হার্ড কপি নিম্ন স্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| বিভাগের নাম | বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন (যদি থাকে) | আলোচ্য মাসে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ ও সমস্যা (যদি থাকে) |
|---|---|---|
| | | |

সভার আলোচ্যসূচি :

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
০২। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
০৩। প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক উপস্থাপিত প্রকল্প সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৪। বিবিধ।

২৮/১১/২১
(প্রিয়াংকা পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন : ০৮৬২৫-৭৫০০২

ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর
চেয়ারম্যান.................................ইউপি (সকল)
উপজেলা...................................................কর্মকর্তা (সকল),রাজনগর
জনাব.........................................................................

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-৮১ (৪৫)

তারিখ : ২৮/১১/২০২১ খ্রি:

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

০১। জনাব নেছার আহমদ, জাতীয় সংসদ সদস্য, ২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০৫ । গোপনীয় সহকারী, জেলা পরিষদ মৌলভীবাজার। চেয়ারম্যান ,জেলা পরিষদ, মৌলভীবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৮/১১/২১
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার।

উপজেলা পরিষদ

রাজনগর, মৌলভীবাজার।

www.rajnagar.moulvibazar.gov.bdB

৩০ নভেম্বর ২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের (৫ম উপজেলা পরিষদ) ২৯ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর মৌলভীবাজার।

তারিখ ও সময় ঃ ৩০/১১/২০২১খ্রি., বেলা ঃ ১১.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রাজনগর, মৌলভীবাজার।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানান। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা গত ২১/১০/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং পাঠান্তে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করেন।

অতঃপর স্থায়ী কমিটিসমূহের সংশ্লিষ্ট বিভাগীয় বিষয়ে আলোচনা করার জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিববৃন্দকে আহবান করেন।

০১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় নি । উক্ত কমিটির সদস্য সচিব জানান যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ এর প্রথম ডোজ ৮২৫৭ টি দেওয়া হয়েছে। তারই ধারাবাহিকতায় ২৮/১০/২০২১ তারিখ ইউনিয়ন পর্যায় ২য় ডোজ ৮২৫৭ জনকে টিকা প্রদান করা হয়েছে। উক্ত টিকাদান কর্মসূচী সফলভাবে পালনের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, ও ভাইস চেয়ারম্যানবৃন্দ, উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ, সকল ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দকে সার্বিক সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | করোনা ভাইরাস মোকাবিলায় ও স্বাস্থ্য সচেতনার লক্ষ্যে প্রত্যেকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জনগনকে সচেতন করা ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান |

০২। যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উক্ত কমিটির সদস্য সচিব এর পক্ষে প্রতিনিধি জানান যে এডিপি /২০২১-২২ অর্থ বছরে এ মাসে ১ম ও ২য় কিস্তি বাবদ ৪০.৪৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। সম্ভাব্য বরাদ্দ ও উন্নয়ন তহবিলে সঞ্চিত অর্থসহ ০৯/১১/২১ তারিখে প্রকল্পের যাচাই বাছাই কমিটি কর্তৃক প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পগুলি বিধি মোতাবেক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুমোদনের প্রয়োজন।

(ক) চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে, এডিপি/২০২১-২২ অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) খাতে সংরক্ষিত অর্থ দ্বারা নিম্নে বর্ণিত গ্রহণকৃত প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী,রাজনগরসহ সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

| ক্র.নং | খাত ও স্কীমের নাম | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত টাকা ( লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ (ক) | কৃষি ও সেচ খাত | | | |
| ০১ | উপজেলাধীন ০৮টি ইউনিয়নের ০৮টি গবাদি পশু পালনকারী পরিবারের মধ্যে ভার্মি কম্পোষ্ট স্থাপন | সকল ইউ.পি | ০২.০০ | পিআইসি |
| ১( খ) | মৎস্য ও প্রাণিসম্পদ খাত | | | |
| ০২ | উপজেলা প্রাণিসম্পদ অফিসে উপজেলাধীন গরীব অসহায় জনগণের পালিত পশুর জন্য জলাতঙ্ক রোগের ভ্যাকসিন সরবরাহ | সকল ইউ.পি | ০২.০০ | পিআইসি |
| ১(গ) | ক্ষুদ্র ও কুটির শিল্প খাত | | | |
| ০৩ | উপজেলাধীন সকল ইউনিয়নের বেকার যুবতীদের আত্মস্বাবলম্বী করণের লক্ষ্যে সেলাই মেশিন সরবরাহ | সকল ইউ.পি | ০২.০০ | পিআইসি |
| ২(ক) | যোগাযোগ ও পরিবহন খাত | | | |
| ০৪ | রাজনগর-ফতেহপুর পাকা সড়ক হতে সৈয়দ আব্দুল বাড়ী মুক্তিয়া দাখিল মাদ্রাসার পিছন পর্যন্ত রাস্তা আর.সি.সি ঢালাই দ্বারা উন্নয়ন | ০১নং ফতেহপুর ইউ.পি | ০৩.০০ | ইজিপি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উত্তরভাগ চা বাগানের গৌরাপালের দোকানের সামনের রাস্তায় আর.সি.সি ঢালাই দ্বারা উন্নয়ন | ০২নং উত্তরভাগ ইউ.পি | ০৩.০০ | ইজিপি |
| ০৬ | বাগের বাড়ী প্রাথমিক বিদ্যালয়ের সম্মুখ পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৩নং মুন্সীবাজার ইউ.পি | ০২.০০ | ইজিপি |
| ০৭ | এশিয়ান হাইওয়ে হতে মাসুক মিয়ার বাড়ীর সম্মুখের রাস্তায় গাইড ওয়াল নির্মাণ | ০৩নং মুন্সীবাজার ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ০৮ | রক্তা পুল হইতে দক্ষিনমূখী রাস্তা ইট সলিং | ০৪নং পাঁচগাও ইউ.পি | ০২.০০ | ইজিপি |
| ০৯ | জালালপুর রাস্তায় গাইড ওয়াল নির্মাণ | ০৪নং পাঁচগাও ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ১০ | মেইন ঘরগাও মহমুল মেম্বারের বাড়ীর সামনের রাস্তায় পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মাণ | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.৫০ | ইজিপি |
| ১১ | রাজনগর ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের সত্রগ্রাম বজি বৈদ্য বাড়ীর নিকটে ইট সলিং রাস্তা হতে নাজমুল চৌধুরীর বাড়ী পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৫নং রাজনগর ইউ.পি | ০২.০০ | ইজিপি |
| ১২ | কাচাড়ী ঈদগাও এর সামন হতে চকিটিলা রাস্তা ইট সলিং | ০৬নং টেংরা ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ১৩ | পূর্ব ইলাশপুর আরএন্ডএইচ রাস্তা হতে লিটন মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৬নং টেংরা ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ১৪ | মাথিউড়া চা বাগানের ০৫নং লাইনে কার্ত্তিক নাইডুর বাড়ীর সামন হয়ে আশ্রম টিলা পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৬নং টেংরা ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ১৫ | পশ্চিম একসন্তোষ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পাশের ইট সলিং রাস্তা হতে উত্তর দিকে একাসন্তোষ পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৭নং কামারচাক ইউ.পি | ০২.০০ | ইজিপি |
| ১৬ | তারাপাশা বাজার পাকা রাস্তা হতে বাজার ব্যবসায়ী সমিতির অফিস পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৭নং কামারচাক ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ১৭ | মনসুরনগর ইউনিয়নের তারাচং গ্রামের মেইন রাস্তায় জৈন মিয়ার বাড়ীর পশ্চিম পার্শে বক্স কালভার্ট নির্মান | ০৮নং মনসুরনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ১৮ | বিছইনকীর্তি মাখন মিয়ার বাড়ীর সামনে একটি বক্স কালভার্ট নির্মান | ০৮নং মনসুরনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ১৯ | ঝিঙ্কা ক্যানেল হইতে নতুন ব্রীজের পশ্চিম দিকে ইদ্দু মিয়ার বাড়ীর সামনে একটি বক্স কালভার্ট নির্মান | ০৮নং মনসুরনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২০ | পশ্চিম বেড়কুড়ি ওয়াপদার বাঁধ হতে সোয়া মিয়ার বাড়ীর সামন হয়ে কুশিয়ারা নদীর সম্মুখ পর্যন্ত ড্রেইন নির্মান | ০১নং ফতেহপুর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২১ | চান্দভাগ লন্ডনী বাড়ীর মসজিদের সামন হতে মাথুর দোকান পর্যন্ত রাস্তা ইট সলিং | ০২নং উত্তরভাগ ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২২ | গয়াসপুর কটি মিয়া চৌধুরীর বাড়ীর সম্মুখ হতে মহরম মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৩নং মুন্সীবাজার ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২৩ | পশ্চিমভাগ পংকজ ঘোষের বাড়ীর সামনের পাকা রাস্তা হতে বলাই চক্রবর্তীর বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২৪ | ধুলিজুড়া হারুন মিয়ার বাড়ীর সামনের রাস্তায় একটি বক্স কালভার্ট | ০৪নং পাঁচগাও ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২৫ | কেওলা নতুন ইট সলিং এর সামন হতে কেওরা জানের ব্রীজ পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৪নং পাঁচগাও ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২৬ | ধুলিজুড়া দিলীপ দাসের বাড়ীর সামন হতে পূর্বের ক্যানেল পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৪নং পাঁচগাও ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২৭ | পদ্মিনাপুর জামে মসজিদের সামনের রাস্তা ইট সলিং | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২৮ | উত্তরভাগ চা বাগানের প্রবেশমূখে মন্দিরের নিকট বক্স কালভার্ট নির্মান। | ০২নং উত্তরভাগ ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ২৯ | পূর্ব সত্রগ্রাম মতিন মিয়ার বাড়ীর সামন হতে নিখিল শর্মার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৩০ | তেলিজুড়ী টেকনিক্যাল কলেজের উত্তরপাশে শিপলু আহমেদের বাড়ীর পাশ দিয়ে মানিক মিয়ার বাড়ীর পূর্ব পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৩১ | গয়ঘড় গ্রামের সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার জনাব সজল চক্রবর্তীর বাড়ীর পিছন থেকে শিববাড়ী সামন হয়ে গয়ঘড় সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৬নং টেংরা ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৩২ | গোবিন্দবাটী জয়নাল মিয়ার বাড়ীর সামন হতে ওয়াপদার ক্যানেল পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৮নং মনসুরনগর ইউ.পি | ০১.৫০ | ইজিপি |
| ৩৩ | ক) আখরঘাট যাত্রী ছাউনীর নিচ আরসিসি ঢালাই দ্বারা উন্নয়ন এবং বসার বেঞ্চ নির্মাণ<br>খ) ভাঙ্গারহাট যাত্রী ছাউনীর নিচ আরসিসি ঢালাই দ্বারা উন্নয়ন এবং বসার বেঞ্চ নির্মাণ | ০২নং উত্তরভাগ ইউ.পি<br>০৬নং টেংরা ইউ.পি | ০২.০০ | পিআইসি |
| ৩৪ | ঘড়গাও বালিদিঘীর পার হতে মনসুরনগর চৌধুরীবাজার রাস্তার নজরুল ইসলামের বাড়ীর সামনে পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মাণ | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৫ | মৌলভীবাজার টু কুলাউড়া রাস্তা হতে এলজিইডি রাস্তায় বিনতাজী লেইক এর নিকট কালভার্ট সামন হতে পশ্চিম কদমহাটা সৈয়দবাড়ী রাস্তা ইট সলিং | ০৮নং মনসুরনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৩৬ | তাহারলামু,ধাইসার,বালিসহস্র গ্রামের লামুয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পশ্চিম দিকে ক্যানেলের উপর ফুটব্রীজ নির্মাণ ( ৩০ফুট দৈর্ঘ ৬ফুট প্রসস্থ) | ০৮নং মনসুরনগর ইউ.পি | ০৩.৫০ | ইজিপি |
| ৩৭ | দেওয়াচক চৌরাস্তা হতে আতাউর রহমান চৌধুরীর বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০২নং উত্তরভাগ ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৩৮ | দত্তগ্রাম মোঃ আলতা মিয়ার বাড়ীর সম্মুখ হতে মাখন মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৩৯ | ইলাশপুর এলজিইডি রাস্তা হতে লছমি গোয়ালার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৬নং টেংরা ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৪০ | টেংরা বাজার উত্তর সালন মসজিদ হতে শারফিন শাহ মাজার দিকে রোডের মরহুম ফজলু খানের বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৬নং টেংরা ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৪১ | উত্তরভাগ গ্রামের রবীন্দ্র মালাকারের বাড়ীর সামন হতে শীতল চন্দ্র দেবের বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০২নং উত্তরভাগ ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৪২ | তেকোনাউড়া গ্রামের আব্দুল মতিন দুদ মিয়ার বাড়ীর সামন হতে আহকান মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৬নং টেংরা ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৪৩ | মশরিয়া গ্রাম জামে মসজিদের সামন হতে মুনিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামন দিয়ে হামিদ মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৪৪ | জোড়াপুর ওয়াপদার বাধ হতে মুজিবুর রহমান লন্ডনী বাড়ীর সামনের পুকুর পাড় পর্যন্ত রাস্তা আরসিসি ঢালাই দ্বারা উন্নয়ন | ০২নং উত্তরভাগ ইউ.পি | ০৪.০০ | ইজিপি |
| ৪৫ | মেইন ঘরগাও আমির মিয়ার বাড়ী সংলগ্ন রাস্তার পার্শে গাইড ওয়াল নির্মাণ | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৪৬ | পাঠানটুলা মুকার খান সাহেবের বাড়ীর কোনা হতে নাহাজ খার বাড়ীর পিছন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৫নং রাজনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৪৭ | মহলাল উচ্চ বিদ্যালয়ের পাশ দিয়ে পূর্ব-উত্তর দিকের রাস্তা হতে পঞ্চায়েত কবরস্থানের সামন দিয়ে মন্নান মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা ইট সলিং | ০৮নং মনসুরনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৪৮ | বানারাই ঈদগাও রাস্তায় অসম্পূর্ন গাইড ওয়াল নির্মাণ | ০৮নং মনসুরনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৪৯ | কালারবাজার বালাগঞ্জ রাস্তা হতে উমরপুর মাদ্রাসা ( মোল্লাবাড়ী) পর্যন্ত রাস্তা ইট সলিং | ০২নং উত্তরভাগ ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ৫০ | মনসুরনগর কবরস্থানের অসম্পূর্ন ইটসলিং রাস্তা ইট সলিং দ্বারা সমাপ্ত করন | ০৮নং মনসুরনগর ইউ.পি | ০১.০০ | ইজিপি |
| ০২ | (ক) এডিপি/২০২১-২২ অর্থবছরে প্রাপ্ত ও সম্ভাব্য বরাদ্দ ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) খাতে সংরক্ষিত অর্থে গ্রহণকৃত প্রকল্প সমুহ বিধি মোতাবেক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ঠিকাদার কর্তৃক দাখিলকৃত দুইটি বিল সভায় সর্বসম্মত অনুমোদনক্রমে ২ ও ৩নং উপ-প্রকল্পের কাজ যথাযথ ভাবে সম্পন্ন হওয়ায় চুড়ান্ত বিল প্রদানের নিমিত্ত প্রকল্প ব্যবস্থাপনা অফিস থেকে অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এবং UDF-UGDP কে অনুরোধ জানিয়ে এবং অবশিষ্ট উপ-প্রকল্প নং-INF-২০১৯-২০-৬০৫৮৮০-০১ এর কার্যক্রম ঠিকদার কর্তৃক যথাযথ ভাবে সম্পন্ন করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজনগর সহ সংশ্লিষ্টদেরকে অনুরোধ জানিয়ে সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। হয়।<br>(গ) উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বাসাসমুহের ভাড়া নির্ধারণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ০১/০২/২০২২খ্রি. হতে (ক) গেজেটেড কোয়াটারের নীচতলা পূর্ব ৬,০০০/-টাকা,(খ) গেজেটেড কোয়াটারের নীচতলা পশ্চিম ৬,০০০/-টাকা, (গ) গেজেটেড কোয়াটারের ২য় তলা পূর্ব ৬০০০/-টাকা,(ঘ) গেজেটেড কোয়াটারের ২য় তলা পশ্চিম ৬,০০০/-টাকা হারে নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং ঙ) জোড়াবাড়ী নীচতলা পূর্ব ও পশ্চিম এবং জোড়াবাড়ী ২য় তলা পূর্ব ও পশ্চিম পূর্বের নির্ধারিত হারে বাসা ভাড়া তহবিল/ জোড়াবাড়ী বাসা ভাড়া তহবিলে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, রাজনগর<br>ও<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, রাজনগর।<br>এবং<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজনগর |

<u>দুর্যোগ ব্যবস্থাপনা শাখা</u>ঃ সভায় কমিটির সদস্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর প্রতিনিধি জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিব বর্ষ উপলক্ষ্যে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সহ অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

<u>০৩। উপজেলা কৃষি ও সেচ কমিটি সংক্রান্ত ঃ</u>

উপজেলা কৃষি সম্প্রসারন কর্মকর্তা, রাজনগর সভায় উপস্থিত থেকে সভাকে অবগত করেন যে বর্তমানে বোর জমিতে ও মৌসুমের সবজি ও ফসলের জমিতে চাষাবাদ চলমান আছে। তিনি আরো জানান যে এ মাস পর্যন্ত ইউরিয়া সার ১৩২টন, টি এসপি ২২ টন, এমওপি ১৬ টন এবং ডিএপি সার ৬৭ টন মজুত রয়েছে। রবি মৌসুমের প্রনোদণা পাওয়া গিয়াছে বিধি মোতাবেক বিতরণ করা হবে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৩ | রবি মৌসুমের প্রাপ্ত প্রনোদনা বিধি মোতাবেক বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান। |

০৪ঃ <u>মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়। আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান ২০২১-২০২২ চক্রের নতুন ১৪৩৫ জন উপকারভোগীর নামে ১০/- টাকার ব্যাংক হিসাব খোলা হয়েছে এবং সঞ্চয় কার্যক্রম চলমান আছে। আইজি প্রকল্পের আওতায় প্রশিক্ষণ শুরু হবে। জুলাই/২০ হতে ৮টি ইউনিয়নে ৪৫৬ জন মাতৃত্বকালীন ভাতা ভোগীর চুড়ান্ত তালিকা প্রস্তুতের কাজ সম্পন্ন করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৪ | ক) বিধি মোতাবেক উপকারভোগির উপজেলা কমিটির আবেদন অনলাইনে সম্পন্ন করে সঞ্চয় কার্যক্রম চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাল্য বিবাহ রোধে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

**০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ** উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়নি। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রাজনগর সভায় জানান যে আদ্য এস এসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে। নতুন বই ১লা জানুয়ারী হতে বিতরন করা হবে। প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের যথাসময়ে বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে আগমন ও প্রস্থান নিশ্চিত করা সহ বিদ্যালয়ের পরিস্কার-পরিচ্ছন্নতা রাখার জন্য সকল বিদ্যালয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৫ | স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের পাঠদান কর্মসূচী এবং শিক্ষক-কর্মচারী ও ছাত্র/ছাত্রীর যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ,রাজনগর |

**০৬। উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ**

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা শিক্ষা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে সকল রেজিঃ ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিতরণের লক্ষ্যে বই পৌছিয়ে দেওয়া হয়েছে যাতে ১লা জানুয়ারীতে সকল ছাত্র/ছাত্রী বই পেতে পারে। এ জন্য বিদ্যালয়ে সময়সূচী করে বই বিতরণের জন্য নির্দেশনা দেওয়া হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৬ | করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিস্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে শিশুদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য এবং যথাসময়ে বই বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর । |

**০৭। উপজেলা সমাজকল্যাণ কমিটি সংক্রান্ত ঃ**

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজনগর আলোচনায় অংশ নিয়ে বলেন বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে । উপজেলা প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে জরিপের মাধ্যমে ৬৭২ জন লোকের নাম পাওয়া যায়। তিনি জানান ক্ষুদ্রঋণ খাতে ৪,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে কিন্তু সকল ঋণ গ্রহীতার নিকট হতে টাকা আদায় করা সম্ভব হচ্ছে না এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিধবা ও বয়স্ক ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধীদের শিক্ষা উপবৃত্তি ভাতার কাজ চলমান আছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৭ | বিধবা ও বয়স্ক ভাতা প্রতিস্থাপন/ তালিকা প্রস্তুত করার বিষয়ে যাচাই বাছাই করে প্রস্তুতের বিষয়ে সহযোগিতা করার জন্য এবং বিতরণকৃত ঋণ আদায়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যানগন। |

**০৮। উপজেলা মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ**

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা এ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৮ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>রাজনগর |

**০৯। উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি সংক্রান্ত ঃ**

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়নি । উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), জানান ২০২০-২০২১ অর্থবছরের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ২০৮ টি গভীর নলকূপের মধ্যে (৬নং গভীর ও টিএসপি) কাজ চলমান রয়েছে। ৬৫ টি নলকূপের বোরিং কাজ সম্পন্ন করা হয়েছে । ২০২০-২১ অর্থ বছরের হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের ১১৯ টির মধ্যে ১১৯ টি গভীর নলকূপ এবং ১১টি ইমপ্রুভ টয়লেট কাজ সম্পন্ন করা হয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৬টি বিদ্যালয় কাজ সমাপ্ত হয়েছে। তা ছাড়া জিপি এস প্রকল্পের আওতায় ৪ টি বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণের কাজ চলমান রয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৯ | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) রাজনগরকে অনুরোধ জানানো হয়। বরাদ্দ কৃত গভীর নলকূপ এবং হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাপ্ত প্রকল্পের কাজের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী<br>(জনস্বাস্থ্য), রাজনগর |

১০। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভার কার্যপত্র পাওয়া যায় । উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে চলিত অর্থবছরে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩০.৪৯ লক্ষ টাকা মোট আদায় হয়েছে ১১.১৮ লক্ষ টাকা। কোভিড-১৯ এর কারনে ঋণ আদায় কার্যক্রম বন্ধ ছিল । বর্তমানে ঋণ আদায় কার্যক্রম পুরোপুরিভাবে শুরু করা হয়েছে। সমবায় কর্মকর্তা জানান যে ঋণ আদায়ের জন্য সমবায় অফিসের মাধ্যমে ৫৫ টি সার্টিফিকেট মামলা পেন্ডিং রয়েছে।

আমার বাড়ী আমার খামার ঃ সভায় আমার বাড়ী, আমার খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারীর নিকট হতে কার্যপত্র পাওয়া যায় । এ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ২১.৬১ লক্ষ বকেয়া সহ আদায় করা হয়েছে ২৫.১৫ লক্ষ টাকা। মাঠ পর্যায়ে ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে বলে সভায় উল্লেখ করেন।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১০ | ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রাজনগর<br>সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগর |

১১। মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা (অঃদাঃ), রাজনগর সভায় দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক চলছে মর্মে জানান। তিনি জানান মাঠ পর্যায়ে মৎস্য চাষিদেরকে মাছ চাষের উপর কামারচাক ইউনিয়নে ২০ জন চাষীকে পরামর্শ দেওয়া হয়েছে। ইউনিয়ন প্রকল্পের কার্যক্রম ০৮ টি ইউনিয়নে চলমান আছে। উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজনগর জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । এ পর্যন্ত প্রায় ৩৫৪০ টি গবাদি পশু ও ৪২০০০ টি হাঁস মুরগির টিকা প্রদান করা হয়েছে। এ মাসে গবাদি পশু ও হাঁস মুরগির টিকা বিক্রয় বাবদ ১২৭৩০/-টাকা এবং কৃত্রিম প্রজনন ফি ৯৯০০/- টাকা সংশ্লিষ্ট সরকারি খাতে জমা দেওয়া হয়েছে।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১১ | (ক) প্রাণিসম্পদ অধিদপ্তর এর নির্দেশনা মোতাবেক টিকা এবং কৃত্রিম প্রজনন ফি এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা রাজনগর |

১২। উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর উপস্থিত ছিলেন। তিনি জানান যে আভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২১-২২ এর আওতায় রাজনগর উপজেলায় ৭৪০ মেঃটন ধান ১০৭৮ মেঃটন সিদ্ধ চালের লক্ষমাত্রার বিপরীতে ১২০ মেঃ টন ধান এবং ১০২১ মেঃটন সিদ্ধ চাল সংগৃহীত হয়েছে। সংগ্রহ অভিযান ২৮/০২/২২ পর্যন্ত চলমান থাকবে।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১২ | ক. বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা এবং ধান ও চাল সংগ্রহ করার বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর |

বিবিধ ঃ ৩ঃ কে) উপজেলা প্রকৌশলী, রাজনগর জানান যে তিনি অত্র উপজেলায় নতুন যোগদান করেছেন। তার নামে বরাদ্দকৃত উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের ৩/২ নংবাসাটিতে বসবাসের জন্য সংস্কার/ রংকরণ ও মেরামতের একান্ত প্রয়োজন হওয়ায় জরুরী ভিত্তিতে বাসার মেরামত ও রংকরন সহ স্যানিটারী কাজ সম্পন্ন করা হয়েছে। এ জন্য জনাব মোঃ শাহাবউদ্দিন কর্তৃক ২৪৯০০/- টাকার বিল এবং মোঃ জাহাঙ্গীর আলম স্যানিটারী মালামাল ক্রয়সহ মজুরী বিল ২৪,২৩০/-টাকা পরিশোধের নিমিত্ত চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাজনগর বরাবর দাখিল করলে বিলটি এ কার্যালয়ে পাওয়া যায়।

(খ) উপজেলা পরিষদের ডরমেটরী ভবনের পানির লাইন নষ্ট হওয়ায় পানির ট্যাংকি সহ মেরামত সহ কাজ সম্পন্ন করে মোঃ হুমায়ুন কবীর কার্য সহকারী ২৪৯০০/- টাকার বিল পরিশোধের নিমিত্ত চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাজনগর বরাবর দাখিল করলে বিলটি এ কার্যালয়ে পাওয়া যায়।

বিবিধ-০৩-(ক) ও (খ) সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত বিল সমুহের বিধি মোতাবেক ভ্যাট আইটি কর্তনপূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ' উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ ও রংকরণ খাত হতে ব্যয়ের অনুমোদন সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি সকলের সহিত সমন্বয় করে একযোগে কাজ করার অনুরোধ জানিয়ে রাজনগর উপজেলার উন্নয়ন ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।।

(মোঃ শাহজাহান খান )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার।

স্মারক নম্বর- ০৫.০০.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-৮৭ (৪৫)　　　　তারিখ ঃ ৩০/১২/২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য ,২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ,রাজনগর ,মৌলভীবাজার।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১-০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

০৩। উপজেলা.......................................কর্মকর্তা, রাজনগর, মৌলভীবাজার

০৪। অফিসার ইনচার্জ, রাজনগর থানা, মৌলভীবাজার।

০৫। চেয়ারম্যান.............................ইউপি (সকল), রাজনগর, মৌলভীবাজার

০৬। জনাব ........................................................ রাজনগর, মৌলভীবাজার

(প্রিয়াংকা পাল) ৩০/১২/২১
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন : [illegible]

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

রাজনগর, মৌলভীবাজার

www.rajnagar.moulvibazar.gov.bd

## UpazilaParishad Minutes (regarding bill approved)

রাজনগর উপজেলা পরিষদের ৩০/১২/২০২১ খ্রি:তারিখে অনুষ্ঠিত ডিসেম্বর/২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্য বিবরণীর আলোচনা ও সিদ্ধান্ত:

| বিভাগ | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, রাজনগর মৌলভীবাজার জানান, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" এর আওতায় ৪র্থ পর্যায়ে ২০১৯-২০ অর্থ বছরে রাজনগর উপজেলার অবকাঠামো উন্নয়ন ৩টি উপ-প্রকল্প তথা-<br>১। উপ- প্রকল্পের নামঃ<br>রাজনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মেডিকেল যন্ত্রপাতি সরবরাহ কাজের ২য় উপ-প্রকল্প (উপ-প্রকল্পের নম্বরঃ INF-২০১৯-২০-৬০৫৮৮০-০১) বাবদ ১১,১৬,৫৩১/= টাকা (ভ্যাট ও ট্যাক্স ছাড়া) বরাদ্দ প্রদান করা হয়।<br>২। উপ-প্রকল্পের নামঃ<br>আধুনিক পদ্ধতিতে চাষাবাদের জন্য কৃষি যন্ত্রপাতি (পাওয়ার টিলার) সরবরাহ।<br>উপ-প্রকল্প নম্বর ঃ INF-২০১৯-২০২০-৬০৫৮৮০-০২<br>প্রকল্পের মোট বাজেট: ১২,৫৯,৭৬০/- টাকা (ট্যাক্স ও ভ্যাট ব্যতীত) বরাদ্দ প্রদান করা হয়।<br>৩। উপ-প্রকল্পের নামঃ<br>রাজনগর বাজারে মাল্টিপারপাস সেড নির্মাণ।<br>উপ-প্রকল্প নম্বর ঃ INF-২০১৯-২০২০-৬০৫৮৮০-০৩<br>প্রকল্পের মোট বাজেট: ১৬,২৩,৭০৫/- টাকা (ট্যাক্স ও ভ্যাট ব্যতীত) বরাদ্দ প্রদান করা হয়।<br>এমতাবস্থায় বর্ণিত ২য় উপ-প্রকল্পটি (উপ-প্রকল্পের নম্বরঃ INF-২০১৯-২০-৬০৫৮৮০-০২) ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক কর্তৃক যথাযথ ভাবে সম্পন্ন করা হয়েছে এবং ঠিকাদারের সাথে চুক্তি মূল্য ১৪,১২,০০০/- টাকা (ভ্যাট ও ট্যাক্সসহ)। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান ১৪,১২,০০০/- টাকা (ভ্যাট ও ট্যাক্সসহ) এবং (ভ্যাট ও ট্যাক্স ছাড়া) ১২,৬৩,৭৪০/- টাকা।<br>অন্যদিকে ৩য় উপ-প্রকল্পটি (উপ-প্রকল্পের নম্বরঃ INF-২০১৯-২০-৬০৫৮৮০-০৩) ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক কর্তৃক যথাযথ ভাবে সম্পন্ন করা হয়েছে এবং ঠিকাদারের সাথে চুক্তি মূল্য ১৬,২৯,০৭০.৮৩৫ টাকা (ভ্যাট ও ট্যাক্সসহ)। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান ১৬,২৭,৪৯৬/- টাকা (ভ্যাট ও ট্যাক্সসহ) এবং (ভ্যাট ও ট্যাক্স ছাড়া) ১৪,৫৬,৬০৯/- টাকা।<br>এমতাবস্থায় বর্ণিত উক্ত উপ-প্রকল্প ২টি সম্পন্ন হওয়ায় চূড়ান্ত বিল প্রদানের নিমিত্তে প্রকল্প ব্যবস্থাপনা অফিস থেকে অর্থ ছাড়ের জন্য উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন। | UGDP এর ৪র্থ পর্যায়ে ২০১৯-২০ অর্থ বছরে ২য় উপ-প্রকল্পটি (উপ-প্রকল্পের নম্বরঃ INF-২০১৯-২০-৬০৫৮৮০-০২) বাস্তবায়নের নিমিত্তে নিয়োজিত ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান (ভ্যাট ও ট্যাক্স ছাড়া) ১২,৬৩,৭৪০/- টাকা।<br>অন্যদিকে UGDP এর ৪র্থ পর্যায়ে ২০১৯-২০ অর্থ বছরে ৩য় উপ-প্রকল্পটি (উপ-প্রকল্পের নম্বরঃ INF-২০১৯-২০-৬০৫৮৮০-০৩) বাস্তবায়নের নিমিত্তে নিয়োজিত ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান (ভ্যাট ও ট্যাক্স ছাড়া) ১৪,৫৬,৬০৯/- টাকা।<br>উক্ত উপ-প্রকল্প ২টি যথাযথ ভাবে সম্পন্ন হওয়ায় চূড়ান্ত বিল প্রদানের জন্য সর্ব সম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। উক্ত ২টি উপ-প্রকল্পের কাজে নিয়োজিত ঠিকাদার/প্রতিষ্ঠানকে চূড়ান্ত বিল প্রদানের নিমিত্তে প্রকল্প ব্যবস্থাপনা অফিস থেকে অর্থ ছাড়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলী এবং UDF-UGDP কে অনুরোধ জানানো হয়। তা ছাড়া বাকী ১টি প্রকল্পের কার্যক্রম ঠিকদার কর্তৃক যথাযথ ভাবে সম্পন্ন করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলাপ্রকৌশলী, রাজনগরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর, উপজেলা প্রকৌশলী, রাজনগর, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, রাজনগর। |

৩০/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩০ তম মাসিক সভার উপস্থিতি(স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক"

| ক্র. নং | পদবি | প্রতিনিধির নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, রাজনগর | | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রাজনগর | | [illegible] |
| ৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ , রাজনগর | | |
| ৪ | চেয়ারম্যান ০১ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ (সদস্য) | | |
| ৫ | চেয়ারম্যান ০২ নং উত্তরভাগ ইউনিয়ন পরিষদ (সদস্য) | | |
| ৬ | চেয়ারম্যান, ০৩ নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদ(সদস্য) | [illegible] | [illegible] |
| ৭ | চেয়ারম্যান ০৪ নং পাঁচগাঁও ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ৮ | চেয়ারম্যান, ০৫ নং রাজনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ৯ | চেয়ারম্যান ০৬ নং টেংরা ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১০ | চেয়ারম্যান ০৭ নং কামারচাক ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১১ | চেয়ারম্যান ০৮ নং মনসুরনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১২ | অফিসার ইনচার্জ, রাজনগর থানা(সদস্য) | | |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও প, প, কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ১৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | পক্ষে, মো: [illegible] SAPPO | [illegible] SAPPO |
| ১৫ | উপজেলা প্রকৌশলী, রাজনগর (সদস্য) | | Akram |
| ১৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজনগর (সদস্য) | পক্ষে [illegible] | [illegible] |
| ১৭ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, (ভাপ্রা), রাজনগর(সদস্য) | | [illegible] |
| ১৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | [illegible] |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | [illegible] |
| ২০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা , রাজনগর (সদস্য) | | [illegible] |

| | | | |
|---|---|---|---|
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভাঃ প্রাঃ), রাজনগর | | |
| ২২ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | [signature] ০৪/১২/২১ |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৬ | উপ-সহকারী প্রকৌশলী ,জনস্বাস্থ্য রাজনগর (সদস্য) | | [signature] |
| ২৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | [signature] |
| ২৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর (সদস্য) | সুভাষ চন্দ্র সিংহ | [signature] |
| ২৯ | ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ বন কর্মকর্তা, (অদা), রাজনগর (সদস্য) | | |
| ৩০ | শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক , রাজনগর (সদস্য) | | [signature] ০৪/১২/২১ |
| ৩১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ৩২ | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, রাজনগর (সদস্য) | | [signature] |
| ৩৩ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ৩৪ | মোছাঃ রুশনা আক্তার<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৫ | মোছাঃ জেছমিন বেগম<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৬ | মোছাঃ লাইলী বেগম<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৭ | উপ- সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজনগর (সদস্য) | মো: গোলাম কিবরিয়া | [signature] |
| ৩৮ | কনসালট্যান্ট, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রাজনগর (সদস্য) | | |
| ৩৯ | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড, রাজনগর (সদস্য) | | |
| ৪০ | ফিল্ড সুপার,ইসলামিক ফাউন্ডেশন,রাজনগর. (সদস্য) | | |
| ৪১ | উপজেলা ডেভেলপমেন্ট ফেসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), রাজনগর. | | |
| ৪২ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র রাজনগর। | | |
| ৪৩ | | | |
| ৪৪ | | | |

একই স্মারকে ও তারিখে প্রতিস্থাপিত

উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-৬৭ (৪৫)

তারিখ ঃ ১৯/০৮/২০২১ খ্রি.

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদের ২৬ তম মাসিক সাধারণ সভা আগামী ২৬/০৮/২০২১ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় স্ব স্ব অবস্থান থেকে সংযুক্ত থাকার পরিবর্তে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

এ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো। বিভাগীয় কর্মকর্তাদের স্ব-স্ব বিভাগের কার্যপত্র নিম্নোক্ত ছক মোতাবেক আবশ্যিক ভাবে আগামী ২৫/০৮/২০২১ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিক ভাবে unorajnagar@mopa.gov.bd /unorajnagar16@gmail.com এ সফট কপি ও হার্ড কপি নিম্ন স্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| বিভাগের নাম | বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন (যদি থাকে) | আলোচ্য মাসে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ ও সমস্যা (যদি থাকে) |
|---|---|---|
| | | |

সভার আলোচ্যসূচি ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।

০২। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

০৩। প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক উপস্থাপিত প্রকল্প সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

০৪। বিবিধ।

১৯/০৮/২১

(প্রিয়াংকা পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২

ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর
চেয়ারম্যান................................ইউপি (সকল)
উপজেলা...................................................কর্মকর্তা (সকল) ,রাজনগর
জনাব...........................................................................

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯- ৬৭ (৪৫)

তারিখ ঃ ১৯/০৮/২০২১ খ্রি।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব নেছার আহমদ, জাতীয় সংসদ সদস্য, ২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

০৫ । গোপনীয় সহকারী, জেলা পরিষদ মৌলভীবাজার। চেয়ারম্যান ,জেলা পরিষদ, মৌলভীবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৯/০৮/২১

উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার।

উপজেলা পরিষদ

রাজনগর, মৌলভীবাজার।

www.rajnagar.moulvibazar.gov.bdB

২৬ আগস্ট, ২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের (৫ম উপজেলা পরিষদ) ২৬ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর মৌলভীবাজার।

তারিখ ও সময় ঃ ২৬/০৮/২০২১খ্রি. , বেলা ঃ ১১.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রাজনগর, মৌলভীবাজার।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানান। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা গত ১৯/০৭/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং পাঠান্তে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করেন।

অতঃপর স্থায়ী কমিটিসমূহের সংশ্লিষ্ট বিভাগীয় বিষয়ে আলোচনা করার জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিববৃন্দকে আহবান করেন।

০১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় । উক্ত কমিটির সদস্য সচিবের পক্ষে প্রতিনিধি জানান যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ করোনা ভাইরাসের নমুনা পরীক্ষা ( স্যাম্পুল) সংগ্রহ করা হয় ১৭৬৪ টি। তন্মধ্যে পজেটিভ ৪৬৪ টি পাওয়া যায়। হাসপাতালে ভর্তি হয়েছেন ৪২ জন এ পর্যন্ত সুস্থ হয়েছেন ৪৬৫ জন। কোভিড-১৯ রোগীদের জন্য হাসপাতালে ১১৬ টি অক্সিজেন সিলিন্ডার রয়েছে। রোগীদের স্বাস্থ্য সেবার জন্য জুলাই/২১ ও আগস্ট/২১ মাসে মৌলভীবাজার জেলা পরিষদ হতে ১০ টি, অগ্রণী ব্যাংক লিমিটেড এর সৌজন্যে ৩০ টি এবং মৌলভীবাজার সমিতি ঢাকা হতে ১০ টি অক্সিজেন সিলিন্ডার পাওয়া যায়। গত ০৭/০৮/২০২১ তারিখে ০৮ টি ইউনিয়নে জনগণের স্বাস্থ্য সুরক্ষার জন্য গণ টিকা প্রদান করা হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ, সকল ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এবং রাজনৈতিক নেতৃবৃন্দ ও অংগ সংগঠন সমুহ এবং স্বেচ্ছাসেবী সংগঠনসহ সংশ্লিষ্ট সকল টিকা প্রদানে সহযোগিতা করায় উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সকলকে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। ২৫ টি কমিউনিটি ক্লিনিকে ১০১৫০ জন রোগীকে বিভিন্ন ধরনের সেবা প্রদান করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | করোনা ভাইরাস মোকাবিলায় ও স্বাস্থ্য সচেতনার লক্ষ্যে প্রত্যেকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জনগনকে সচেতন করা ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান |

০২। যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উক্ত কমিটির সদস্য সচিব জানান যে এডিপি /২০২১-২২ অর্থ বছরে এ মাসে ১ম কিস্তি বাবদ ২০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে । বাস্তবায়নযোগ্য স্কীমসমুহ জরুরী ভিত্তিতে দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভাপতি আলোচনায় অংশ নিয়ে জানান যে মৌলভীবাজার-কুলাউড়া-সিলেটগামী রাস্তার রাজনগর সরকারি কলেজ সংলগ্ন 'কলেজ পয়েন্ট' স্থানে ছাত্র ছাত্রী/ জনসাধারনের রাস্তা পারাপারের সুবিধার্থে একটি ওভারব্রীজ নির্মান আবশ্যক। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০২ | (ক) রাজনগর সরকারী কলেজ পয়েন্টে ওভারব্রীজ নির্মানের বিষয়ে প্রকল্প পরিচালক,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) স্কীম সমুহ পাওয়া গেলে বিধি মোতাবেক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা প্রকৌশলী, রাজনগর। |

দুর্যোগ ব্যবস্থাপনা শাখা ঃ সভায় কমিটির সদস্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর প্রতিনিধি জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিব বর্ষ উপলক্ষ্যে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সহ অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

০৩। উপজেলা কৃষি ও সেচ কমিটি সংক্রান্ত ঃ

উপজেলা কৃষি কর্মকর্তা, রাজনগর সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক। এ বছর আউশ ধানের চাষ গত বছরের তুলনায় কম হলেও এ বছর বি আর ৮২ ও ৪৮ ধান চাষ করায় উৎপাদন ভাল হয়েছে বলে জানান। বর্তমানে আউশ ধান কর্তন পর্যায় আছে। কৃষি যন্ত্রপাতি পাওয়া গেলে কৃষকদের মধ্যে বিতরণ করা যাবে এতে সকল ইউপি চেয়ারম্যানকে কৃষকের নাম সুপারিশসহ পাঠানোর জন্য অনুরোধ জানান। এ বছর পুষ্টিকর ফল/সবজি বাগান চাষের জন্য বরাদ্দ পাওয়া যাবে যা প্রকৃত কৃষকগনের মধ্যে বিতরণ করা হবে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৩ | কৃষি যন্ত্রপাতি বিতরণের এবং পুষ্টিকর বাগান তৈরীর বিষয়ে প্রকৃত কৃষকগণের নামের তালিকা তৈরীতে সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান। |

০৪। মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়। আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান ২০২১-২০২২ চক্রের নতুন ১৪৩৫ জন উপকারভোগীর উপজেলা কমিটির আবেদন অনলাইনে চুড়ান্ত করে উপজেলা ভিত্তিতে অনুমোদন নেয়া হয়েছে। আইজি প্রকল্পের আওতায় নতুন ব্যাচ এর বিজ্ঞপ্তি পাওয়া যায় আগামি ১৫ সেপ্টেম্বর ২১ হতে প্রশিক্ষণ শুরু হবে। জুলাই/২০ হতে ৮টি ইউনিয়নে ৪০০ জন মাতৃত্বকালীন ভাতা ভোগীর চুড়ান্ত তালিকা প্রস্তুতের কাজ সম্পন্ন করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৪ | ক) বিধি মোতাবেক উপকারভোগির উপজেলা কমিটির আবেদন অনলাইনে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাল্য বিবাহ রোধে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়নি। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রাজনগর সভায় জানান যে অনলাইনে পাঠদান কর্মসূচির কাজ চলছে। তিনি জানান যে স্কুল খোলার নির্দেশনা পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম বস্তবায়ন করা হবে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৫ | ক) অনলাইন ভিত্তিক পাঠদান কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পরবর্তী পরিষদের সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক শিক্ষা কর্মকতা,রাজনগর |

০৬। উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা শিক্ষা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে স্কুল পুনরায় খোলার বিষয়ে সরকারি নির্দেশনা পাওয়া গেলে সকল শিক্ষককে জানানো হবে। শিক্ষকগণ বাড়ি বাড়ি গিয়ে ছাত্রদের মধ্যে মূল্যায়ন সীট বিতরণ করছেন। সকল শিক্ষকগণ যাতে করোনার টিকা নিতে পারেন সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। কোভিড-১৯ এর কারনে স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ের অফিস কক্ষ খোলা রাখার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৬ | ক) করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে শিশুদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর । |

০৭। উপজেলা সমাজকল্যাণ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজনগর আলোচনায় অংশ নিয়ে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান বিধবা ও বয়স্ক ভাতা বিকাশের মাধ্যমে প্রদান করায় কিছুটা সমস্যা হয়েছে। এগুলো এমআইএস থেকে তালিকা কপি করে সংশ্লিষ্ট সকল চেয়ারম্যানকে যাচাই করার জন্য প্রদান করা হলে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। নদী ভাংগন ১৪ টি পরিবারকে চিহ্নিত করে বিতরণের জন্য ৫৬০০০/- ( ছাপ্পান্ন) হাজার টাকা বরাদ্দ পাওয়া যায় এবং ১২ জন ক্ষুদ্র নৃগোষ্ঠির মধ্যে বিতরণের লক্ষ্যে ৬০,০০০/-(ষাট হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায় মর্মে সভায় উল্লেখ করেন।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৭ | খ) বয়স্ক ভাতা প্রতিস্থাপন/ তালিকা প্রস্তুত করার বিষয়ে যাচাই বাছাই করে প্রস্তুতের বিষয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যানগন। |

<u>০৮। উপজেলা মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা এ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৮ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা রাজনগর |

<u>০৯। উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়। উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), জানান ২০১৯-২০২০ অর্থবছরের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ২০৮ টি গভীর নলকূপের কাজ সম্পন্ন হয়েছে। ২০২০-২১ অর্থ বছরের ২০৮ টি গভীর নলকূপের সাইট লিস্ট সংগ্রহ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের ২০৮ টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে। ২০২১-২২ অর্থ বছরের হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের ৭৫ টি গভীর নলকূপ, ১০টি কমিউনিটি টয়লেট ও ৫ টি ইমপ্রুভ টয়লেটের বরাদ্দ পাওয়া যায়। তা ছাড়া জিপি এস প্রকল্পের আওতায় ৪ টি বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণের কাজ চলমান রয়েছে।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৯ | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) রাজনগরকে অনুরোধ জানানো হয়। বরাদ্দ কৃত গভীর নলকূপ এবং হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাপ্ত প্রকল্পের কাজের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজনগর |

<u>১০। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভার কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে চলিত অর্থবছরে মোট ঋণ বিতরণ করা হয়েছে ২৯.১৫ লক্ষ টাকা মোট আদায় হয়েছে ২৮.২৫ লক্ষ টাকা। রাজনগর উপজেলাধীন মেদিনীমহল আবাসন প্রকল্পের পি আই সির সভা আহবান করে বিভিন্ন সমস্যা সমাধানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। কোভিড-১৯ এর কারনে ঋণ আদায় কার্যক্রম বন্ধ ছিল। বর্তমানে ঋণ আদায় কার্যক্রম শুরু করা হয়েছে।

<u>আমার বাড়ী আমার খামার ঃ</u> সভায় আমার বাড়ী, আমার খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারীর নিকট হতে কার্যপত্র পাওয়া যায় নি। এ পর্যন্ত ৭২ টি সমিতি পল্লী সঞ্চয়ন ব্যাংকে স্থানান্তরিত হয়েছে এবং ৯৯ টি সমিতি পর্যায়ক্রমে ব্যাংকে স্থানান্তরিত হওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে মর্মে জানান। রাজনগর উপজেলায় মোট সমিতির সংখ্যা ২৪৮ টি। কোভিড-১৯ এর কারনে ও জনবল কম থাকায় ঋণ কার্যক্রম আদায় কম হচ্ছে বলে সভায় উল্লেখ করেন। করোনা রোগীদের সেবা প্রদানের লক্ষ্যে পল্লী সঞ্চয়ন ব্যাংক, রাজনগর এর পক্ষ থেকে একটি অক্সিজেন সিলিন্ডার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে প্রদান করায় উপজেলা স্বাস্থ্য বিভাগ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১০ | ক. কোভিড-১৯ এর কারনে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রাজনগর |
| | খ. কোভিড-১৯ এর কারনে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য সমন্বয়কারী/ব্যবস্থাপক,আমার বাড়ি,আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগর |

<u>১১। মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা (অঃদাঃ), রাজনগর সভায় দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে জানান। তিনি জানান মাঠ পর্যায়ে মৎস্য চাষিদেরকে মাছ চাষের উপর পরামর্শ অব্যাহত আছে। জাতীয় মৎস্য সপ্তাহ/২০২১

আগামী ২৮ আগস্ট হতে ৩ সেপ্টেম্বর পর্যন্ত উদযাপিত হবে। উম্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্তি জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে বর্তমানে কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজনগর জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গৃহপালিত পশু পালনের জন্য এলাকায় প্রচুর পরিমাণ ঘাসের চাহিদা রয়েছে ফলে চাষকৃত ঘাস বা সরবরাহকৃত ঘাস একটি নির্দিষ্ট বাজারে বা স্থানে বিক্রি করা হলে খামারীদের মধ্যে ঘাস ক্রয় বিক্রয় করতে সহজ হবে মর্মে সভায় উল্লেখ করেন। এ পর্যন্ত প্রায় ৩৪২৮ টি গবাদি পশু ও ২৫,৫০০ টি হাঁস মুরগির টিকা প্রদান করা হয়েছে। এ মাসে গবাদি পশু ও হাঁস মুরগির টিকা বিক্রয় বাবদ ৮,৯৫০/টাকা এবং কৃত্রিম প্রজনন ফি ১২,৯৬০/- টাকা সংশ্লিষ্ট সরকারি খাতে জমা দেওয়া হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১১ | (ক) প্রাণিসম্পদ অধিদপ্তর এর নির্দেশনা মোতাবেক টিকা এবং কৃত্রিম প্রজনন ফি এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা রাজনগর |

**১২। উপজেলা বাজার মুল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি সংক্রান্ত ঃ**

উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর উপস্থিত ছিলেন। আভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২১ এর আওতায় এ উপজেলায় ১৪৯১ মেঃ টন ধান ১২৯৯ মেঃ টন সিদ্ধ চাল এবং ১৩৫১ মেঃটন আতব চালের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। এ পর্যন্ত ধান ৯৭১ মেঃ টন, সিদ্ধ চাল ১২৯৯ মেঃ টন এবং আতপ চাল ১২৮৮ মেঃটন সংগৃহীত হয়েছে। সংগ্রহ কার্যক্রম আগামী ৩১/০৮/২০২১ পর্যন্ত চলবে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১২ | ক. বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা এবং চাল সংগ্রহের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর |

**১৩। উপজেলা যুব উন্নয়ন ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ**

উক্ত কমিটির সদস্যসচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগরের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। বর্তমানে মে/২১ হতে ঋণ আদায়যোগ্য ১,৬১,৮০০/- তন্মধ্যে আদায়কৃত ৮২,০৫০/- টাকা। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে তার কার্যালয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার ০২ টি, ১টি ক্যাশিয়ার, ১টি অফিস সহায়ক এর পদ শূন্য রয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৩ | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিভাগীয় কার্যক্রম পরিচালনায় গতিশীল হওয়ার জন্য উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , রাজনগর |

**১৪। উপজেলা সাংস্কৃতিক বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ**

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলার শিল্পকলা একাডেমির কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। শিল্পকলা একাডেমীর কার্যক্রম পরিচালনার নিমিত্ত একটি আলমারী, বাদ্যযন্ত্র ক্রয় এবং কক্ষ রংকরনের প্রয়োজন মর্মে মুখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৪ | শিল্পকলা একাডেমি সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রাজনগর |

**১৫। উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি সংক্রান্ত**

উক্ত কমিটির সদস্য সচিব সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৫ | আগামী সভায় রেঞ্জবন কর্মকর্তা, মৌলভীবাজার রেঞ্জ-২ শ্রীমঙ্গল কে তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | রেঞ্জ বন কর্মকতা মৌলভীবাজার রেঞ্জ-২ |

**১৬। উপজেলা আইনশৃঙ্খলা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ**

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। কমিটির সদস্য-সচিব অনুপস্থিত থাকায় বিস্তারিত আলোচনা সম্ভব হয় নি।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৬ | তথ্য উপাত্তসহ আগামি সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইনচার্জ ,রাজনগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, রাজনগর থানা |

**১৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কার্যক্রম সংক্রান্ত ঃ** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (জাইকা) ফেসিলিটেটর সভায় উপস্থিত ছিলেন। তিনি জানান যে ২০২০-২১ অর্থ বছরে এ প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে সম্পন্ন

হওয়ায় বিভাগ ও জেলায় রাজনগর উপজেলা ১ম স্থান পেয়েছে। এতে সকলের সহযোগিতা করায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) ৫ম পর্যায়ে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের প্রস্তাব প্রেরণের পত্র পাওয়া গিয়াছে এতে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেন। তা ছাড়া ২০২১-২০২২ অর্থ বছরে রাজনগর উপজেলায় স্ট্রীট লাইট স্থাপন খাতে ৪০,০০০০০/- চল্লিশ লক্ষ) ও কমিউনিটি ক্লিনিক সংস্কার ও আসবাব পত্র মেরামত বাবদ ১০,০০,০০০/( দশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের নিমিত্ত প্রত্যেক ইউপি হতে নিম্ন বর্ণিত মতে চাহিদাপত্র পাওয়া যায়।

| ক্রমিক নং | স্ট্রীট লাইট স্থাপনের স্থান | সংস্কার ও মেরামতের জন্য কমিউনিটি ক্লিনিকের নাম ও কাজের ধরন | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ফতেপুর ইউপির রাজনগর-খেয়াঘাট রাস্তার মোকামবাজার সুনিয়া মাদ্রাসার রাস্তার ও বাজারের মাছ ও সবজি বাজার-চুয়ারপলি রোডের মোড় থেকে নুনিয়ার পাড় রাস্তার সম্মুখহতে মুন্সিবাজার সড়ক পয়েন্ট ও পূর্ব বেতাহুজা জামে মসজিদের সম্মুখে থেকে ফুলাপুর রাস্তা -বিলবাড়ী রাস্তা-আখড়া মার্কেটের সম্মুখে স্থাপন। | ফতেপুর ইউপির কাশিমপুর কমিউনিটি ক্লিনিকের টাইলস ও রংকরণ বাবদ সংস্কার কাজ। | |
| ০২ | উত্তরভাগ ইউপির সম্মুখ থেকে চানভাগ-ইন্দেশ্বর উপ-স্বাস্থ্য কমপ্লেক্স-কালাইরগোল জামে মসজিদ-বলিগুল রাস্তা-লালাপুর মাদ্রাসা-পানিশাইল-চেলারচক মনফর মিয়া ও লকুছ মিয়ার বাড়ীর সম্মিলের রাস্তায় স্থাপন। | উত্তরভাগ ইউপির বড়দল কমিউনিটি ক্লিনিকের ফ্রিজ, আলমারী , চেয়ারসহ আসবাবপত্রও রংকরণ সংক্রান্ত। | |
| ০৩ | মুন্সিবাজার ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের শয়েছ মিয়ার দোকান এর সম্মুখ হতে ইটা চা বাগান রোড-মুন্সিবাজার-ইউপি সম্মুখে-করিমপুর চা বাগান রোড-বাজারের জয় ফার্মেসীর সম্মুখে-মধ্যবাজার সিএনজি ষ্ট্যান্ড-উত্তরবাজার-খলাগাও মজলিস-খলাগাও থেকে হাসপাতাল এর সম্মুখে স্থাপন। | মুন্সিবাজার ইউপির ৬ নং ওয়ার্ডে করিমপুর কমিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীর নির্মাণ। | - |
| ০৪ | পাঁচগাঁও ইউনিয়নের বানীর দোকান মোড় হতে পাঁচগাও ইউপির সামনা হয়ে আজাদের বাজার-কাশেম বাজার দিয়ে রক্তা সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত স্ট্রীট লাইট স্থাপন। | পাঁচগাও ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকের আসবাবপত্র ও সংস্কার কাজ। | - |
| ০৫ | রাজনগর সদর ঘাটের ব্রীজের রাস্তার মুখ হতে রাজনগর বাজার হয়ে খলগাঁও রাস্তার সামনা পর্যন্ত।<br>রাজনগর সরকারি কলেজ পয়েন্ট হতে রাজনগর বালাগঞ্জ রাস্তার মুখ পর্যন্ত। | রাজনগর ইউপির দক্ষিন নাদপাড়া কমিউনিটি ক্লিনিকের ১০ টি চেয়ার, ০১ টি ফ্রীজ, ১ টি আলমারী এবং সেনেটারী জিনিস ক্রয় ও সংস্কার বাবদ। | - |
| ০৬ | টেংরা ইউ পির টেংরা বাজার হতে ভটের বাড়ীর সামনের রাস্তা হয়ে সমাজ কল্যাণ অফিস থেকে তারাপাশা পর্যন্ত।<br>এশিয়ান হাইওয়ে রাস্তার মধ্যবর্তী ভাঙ্গারহাট রাস্তার মুখ হতে ভাঙ্গরহাট বাজার পর্যন্ত। | টেংরা ইউপির সালন কমিউনিটি ক্লিনিক, ভাঙ্গরহাট কমিউনিটি ক্লিনিক এবং ইব্রাহিমপুর কমিউনিটি ক্লিনিকের আসবাব পত্র সরবরাহ। | |
| ০৭ | কামারচাক ইউপির তারাপাশা-শমসেরনগর রোডের বশারত মিয়ার বাড়ীর সম্মুখ হতে ইউনিয়ন পরিষদের সম্মুখ- মেইন চৌমুহনা থেকে বিষ্ণুপদ ধাম মন্দির পর্যন্ত । | কামারচাক কমিউনিটি ক্লিনিকের সংস্কারকাজ বাবদ একটি গণশৌচাগার নির্মান। | - |
| ০৮ | মনসুরনগর ইউপির পরচক্র গ্রামের রইছ উল্লার বাড়ীর সামন হতে ছিক্কা-মদিপুরের রাস্তা হয়ে মনসুরনগর রাস্তা দিয়ে চৌধুরীবাজার পর্যন্ত স্ট্রীট লাইট স্থাপন। | মনসুরনগর ইউপির ০৬ নং ওয়ার্ডে অবস্থিত পরচক্র কমিউনিটি ক্লিনিকের বাউন্ডারী ওয়াল নির্মান। | - |

সভায় আরো জানানো হয় যে বিগত ২৭/০৬/২০২১ তারিখে মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক বাস্তবায়নাধীন পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরন শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে পারস্পরিক শিখন শীর্ষক কর্মশালা জেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জনাব প্রিয়াংকা পাল এর সভাপতিত্বে এবং ব্রেকিং দ্য সাইলেন্স এর শ্রীমঙ্গল প্রকল্প অফিসের প্রকল্প সমন্বয়কারী এবং অফিস ইন-চার্জ চাঁদনী রায়ের সঞ্চালনায় কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান জনাব মুক্তি চক্রবর্তী। বিশেষ অতিথি হিসেবে অনলাইনের মাধ্যমে উপস্থিত ছিলেন পারস্পরিক শিখন কর্মসূচী প্রকল্প (এনআইএলজি) এর প্রকল্প ব্যবস্থাপক ড. আবুল কালাম শরীফ উল্লাহ। ব্রেকিং দ্য সাইলেন্স এর পক্ষ হতে অনলাইনের মাধ্যমে যুক্ত হয়ে ছিলেন নির্বাহী পরিচালক রোকসানা সুলতানা এবং প্রোগ্রাম এন্ড প্ল্যানিং পরিচালক মোঃ জাহিদুল ইসলাম। এ কর্মশালার মাধ্যমে উপজেলার ৮টি ইউনিয়নের প্রতিনিধিরা তাদের স্ব স্ব ইউনিয়নের ভালো শিখনগুলো উপস্থাপন করেন এবং ভোটের মাধ্যমে সর্বোত্তম ৫টি ভালো শিখন নির্বাচন করেন। কর্মশালায় রাজনগর উপজেলার সকল ইউ পি চেয়ারম্যান, ইউপি সচিব ও ২জন সদস্য ( পুরুষ/মহিলা) সহ মোট ৪জন করে অংশগ্রহণ করেন। কর্মশালাটির মাধ্যমে প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে ০৫টি করে মোট ৪০টি শিখন স্ব স্ব ইউনিয়ন পরিষদ থেকে উপস্থাপন করা হয়। এর মধ্যে হতে সকলের ভোটে চুড়ান্ত ভাবে ০৬টি ভালো শিখন সকলের সর্বসম্মতিক্রমে নির্বাচিত হয়। ভালো শিখনগুলোর মধ্যে থেকে ১নং ফতেহপুর ইউনিয়ন পরিষদ এর হাওড় বেষ্টিত প্রত্যন্ত এলাকায় উচ্চ মাধ্যমিক বিদ্যালয় নির্মান, ৩ নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদ এর ইউপির সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে

আকর্ষনীয় গেইট ও সীমানা প্রাচীর ও পানির লাইন নির্মান, ৪নং পাঁচগাও ইউনিয়ন পরিষদ এর নকশীকাথার মত কুটির শিল্পের উৎসাহিতকরণ ও বাস্তবায়ন, ৫ নং রাজনগর ইউনিয়ন পরিষদ এর নিজ উদ্যোগে বাল্যবিবাহ রোধ নিশ্চিতকরণ ও মাদক নিয়ন্ত্রণ মূলক কর্মসূচী গ্রহন, ৭ নং কামারচাক ইউনিয়ন পরিষদ মাদকমুক্ত যুবসমাজগঠন, এবং ৮নং মনসুরনগর ইউনিয়ন পরিষদ এর ইউনিয়ন পরিষদে ফুলও ফলের বাগান করা এরপর কর্মশালায় সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়নের ভাল কাজ দেখার জন্য এক ইউনিয়নের জনপ্রতিনিধিরা স্ব স্ব উদ্যোগে অন্য ইউনিয়নে ভিজিট করতে আগ্রহীহন। উপজেলা চেয়ারম্যান ও ইউএনও স্যার সম্মতিতে সবাই সবার সুবিধামত সেপ্টেম্বর ২০২১ মাসের মধ্যে ইউনিয়ন পরিষদ পরিদর্শনের সম্ভাব্য তারিখ নির্ধারিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন উক্ত কর্মসূচী বাস্তবায়নে রাজনগর উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতা অব্যাহত থাকবে।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৭ | প্রাপ্ত চাহিদাপত্র মোতাবেক স্ট্রীট লাইট স্থাপনের বিষয়ে ০১ টি হতে আপরটির দূরত্ব ও স্থান উল্লেখপূর্বক স্থাপন করার জন্য এবং কমিউনিটি ক্লিনিকের সংস্কার ও মেরামত বিষয়ে চাহিদাপত্র মোতাবেক সংস্কার ও মেরামত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান। |

১৮। উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। তাই এ বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি।

বিবিধ-০১ ঃ মূখ্য নির্বাহী কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে জানান যে উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করার লক্ষ্যে উপযুক্ত ভূমি নির্বাচন করার নিমিত্ত পত্র উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। উপজেলা সদর বা উপজেলার আশেপাশে রাস্তার নিকটবর্তী স্থানে স্টেডিয়াম নির্মাণের জন্য ভূমি নির্বাচন করে প্রস্তাব প্রেরণের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে উপযুক্ত ভূমি পাওয়া গেলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

বিবিধ ঃ-০২ঃ উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর সভায় জানান যে জাইকা হতে উপজেলা পরিষদের কর্মকর্তা টেকনিক্যাল পারসনদের সমন্বয়ে উপজেলা পরিষদের বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক একটি অনলাইন প্রশিক্ষন প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষনে চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্ত, সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর এবং সহকারী প্রোগ্রামার অংশ গ্রহণ করেন। এমতাবস্থায় রাজনগর উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ণের কর্মপরিকল্পনার লক্ষ্যে নিম্ন বর্ণিত কর্মকর্তাগনের সমন্বয়ে পরিকল্পনা সংক্রান্ত কারিগরি কমিটি ( টিজিপি ) গঠন করা হলো।

১। উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর --------------- সভাপতি
২। উপজেলা কৃষি কর্মকর্তা, রাজনগর --------------------- সদস্য
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,রাজনগর------------ - সদস্য
৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগর----------------- সদস্য
৫। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর ------------------ সদস্য
৬। সহকারী প্রোগ্রামার------------------------------------- সদস্য
৭। উপজেলা প্রকৌশলী, রাজনগর---------------------------সদস্য সচিব।

বিবিধ ঃ ০২ সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত পরিকল্পনা সংক্রান্ত কারিগরি কমিটি ( টিজিপি) সভায় অনুমোদিত হয়। এবং উক্ত কমিটি টিজিপির সহায়তায় অর্থ, বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক সভা আহবান ও বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জানালার স্টীল ফ্রেম ও থাই গ্লাসের ফ্রেম, রংকরণ করার প্রয়োজন হওয়ায় বাদল স্টীল ওয়ার্কস, রাজনগর কর্তৃক মেরামত করা হয় এতে ২৫০০০/- টাকার বিল পরিশোধের নিমিত্ত পাওয়া যায়।

(খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জানালার নেট স্থাপন ও তৎসম্পর্কিত অন্যান্য জিনিস জরুরী ভিত্তিতে ক্রয় ও স্থাপন করার প্রয়োজন হওয়ায় তা মেরামত করে মজুরীসহ ২৫,০০০/- টাকার বিল পরিশোধের জন্য কাদির গ্লাস হাউস, মৌলভীবাজার প্রোঃআব্দুল কাদির দাখিল করেন।

(গ) উপজেলা শিল্পকলা একাডেমীর নিজস্ব কোন ভবন না থাকায় উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনের একটি কক্ষে অস্থায়ীভাবে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। উক্ত কক্ষটিতে একটি সিলিং ফ্যান প্রয়োজন। তাছাড়া কক্ষের রংকরণ ও ইলেকট্রিক ওয়ারিং নষ্ট হয়ে যাওয়ায় রংকরণ সহ ইলেকট্রিক ওয়ারিং জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন হওয়ায় জনাব মিটু লাল দাশ, সার্টিফিকেট সহকারী কাজ সম্পন্ন করে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধের জন্য দাখিল করেন।

(ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাংলো কাম অফিস ভবনটির বাথরুম মেরামত ও সংস্কার বাবদ ২৫,০০০/- টাকার একটি বিল পরিশোধের নিমিত্ত পাওয়া যায়।

বিবিধ ঃ ০২ (ক), (খ) ও (গ) (ঘ) সিদ্ধান্ত : দাখিলকৃত বিল সমুহের বিধি মোতাবেক ভ্যাট আইটি কর্তনপূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ' উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ ও রংকরণ খাত হতে ব্যয়ের অনুমোদন সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ঃ ২ঃ উপজেলা পরিষদের বিভিন্ন সভায় আপ্যায়ন বাবদ মোঃ শিব্বির আহমদ প্রোঃ স্বাদ এন্ড কোং রাজনগর ৯,০০০/-টাকার এবং মোঃ নজরুল ইসলাম, ম্যানেজার পানসী রেস্টুরেন্ট মৌলভীবাজার ২১,০০০/- টাকার বিল পরিশোধের নিমিত্ত চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাজনগর দাখিল করিলে বিলগুলি পরিশোধের জন্য এ কার্যালয়ে পাওয়া যায়।।

বিবিধ ঃ২ঃ সিদ্ধান্ত ঃ দাখিলকৃত বিলগুলির ভ্যাট আইটি কর্তনপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আপায়ন ব্যয় হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ঃ ৩ঃ সভাপতি জানান যে, বর্তমানে বর্ষার মৌসুমে বৃষ্টির পানি জমে কাদা ও বালুতে ড্রেইনগুলো ভরাট হওয়ায় পানিবদ্ধতা সৃষ্টি হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে আশ পাশের ড্রেইন পরিষ্কার ও মশার উপদ্রব থেকে রক্ষার জন্য আবাসিক এলাকাসহ উপজেলা পরিষদ মসজিদের আশ পাশ রাস্তার জঙ্গল পরিষ্কার করার প্রয়োজনীয়তা থাকায় শ্রমিক দ্বারা ড্রেইন পরিষ্কার ও মেরামত এবং এলাকার জঙ্গল পরিষ্কার করা হয়। মোঃ কয়ছর মিয়া শ্রমিকদের মজুরী বাবদ ২৫,০০০/- টাকার বিল পরিশোধের জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাজনগর বরাবর দাখিল করিলে বিলটি পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পাওয়া যায়।

বিবিধ ঃ ৩ সিদ্ধান্ত ঃ প্রাপ্ত বিলটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের 'বর্জ্য ব্যবস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্নতা' খাত হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ৪:(ক) উপজেলা পরিষদের সরকারি জীপ গাড়ী নং-মৌ-ঘ-০০৭৯ এর মেরামতের জন্য খুচরা যন্ত্রাংশ ক্রয় ও স্থাপন বাবদ মজুরী ইত্যাদির বিল বাবদ প্রো ঃ মোঃ সুয়েব আহমদ, মায়ের দোয়া পেট্রোল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ ২৪,৫০০/-টাকার বিল পরিশোধের জন্য দাখিল করেন।

(খ) উপজেলা পরিষদের সরকারি জীপ গাড়ী নং-মৌ-ঘ-০০৭৯ এর জুলাই/২১ হতে আগস্ট/২১ পর্যন্ত জ্বালানী ব্যয় বিল বাবদ ৩৪,৩১৪/- টাকার বিল মোঃ জসিম উদ্দিন ম্যানেজার হাজী ইকবাল সিএনজি এন্ড ফিলিং স্টেশন পরিশোধের জন্য দাখিল করেন।

বিবিধ ঃ ৪ (ক) ও (খ) সিদ্ধান্ত ঃ গাড়ী মেরামতের প্রাপ্ত বিল উপজেলা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত এবং জ্বালানী ব্যয় পরিপত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ঃ (৫) চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রাজনগর তাঁর অস্থায়ী অফিস ভবন (উপজেলা কর্মচারী বিনোদন কেন্দ্র) এর বারান্দায় গ্রীল ও কেসি গেইট সংযোজনসহ নিজ অফিস কক্ষ ইনটেরিয়র ডিজাইনসহ ভবনটি রংকরণ ও সংস্কারের প্রয়োজন হওয়ায় তা জরুরীভিত্তিতে সংস্কারের জন্য ০২(দুই) লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রনয়ন ও প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় অনুমোদনের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ০৫ ঃ (১) বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রাজনগর তাঁর অস্থায়ী অফিস ভবন (উপজেলা কর্মচারী বিনোদন কেন্দ্র) এর বারান্দায় গ্রীল ও কেসি গেইট সংযোজনসহ নিজ অফিস কক্ষ ইনটেরিয়র ডিজাইনসহ ভবনটি রংকরণ ও সংস্কারের জন্য ০২(দুই) লক্ষ টাকার প্রাক্কলন জরুরীভিত্তিতে প্রনয়নের জন্য উপজেলা প্রকৌশলী,রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ০৫ ঃ (২) উল্লেখিত প্রকল্প প্রাক্কলন মোতাবেক বাস্তবায়নের জন্য জনাব মুক্তি চক্রবর্তী,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রাজনগরকে সভাপতি করে ০৭(সাত) সদস্য বিশিষ্ট্য প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের জন্য সভায় সর্বসম্মত অনুমোদিত হয়।

সভাপতি সকলের সহিত সমন্বয় করে একযোগে কাজ করার অনুরোধ জানিয়ে রাজনগর উপজেলার উন্নয়ন ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহজাহান খান )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার।

স্মারক নম্বর- ০৫.০০.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-৬৯(৪৫)

তারিখ ঃ ২৬/০৮/২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য,২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ,রাজনগর ,মৌলভীবাজার।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১-০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানান। তিনি জানান যে গত ১৩/০১/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত ৩১তম উপজেলা পরিষদ সভার কার্যবিবরণীতে (এডিপি)ও উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) অর্থ দ্বারা ২০২১-২২ অর্থ বছরের আওতায় গ্রহনকৃত প্রকল্প সমূহ হতে প্রকল্প বাস্তবায়ন কমিটি দ্বারা বাস্তবায়নের নিমিত্ত গঠিত ৭নং প্রকল্পের সভাপতি জনাব রাহেল হোসেন,চেয়ারম্যান, ০৩নং মুন্সীবাজার ইউ.পি এর পরিবর্তে জনাব সিরাজুল ইসলাম (হানা) , চেয়ারম্যান, ৪নং পাঁচগাও ইউপি, ১১ নং ক্রমিকের প্রকল্প সভাপতি জনাব আলাল মিয়া, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ রাজনগর এর পরিবর্তে জনাব নকুল চন্দ্র দাশ, চেয়ারম্যান,০১নং ফতেপুর ইউপি, ১২ নং ক্রমিকে প্রকল্প সভাপতি জনাব ছয়ফুল আলম সদস্য ৬নং ওয়ার্ড রাজনগর ইউপি এর পরিবর্তে জনাব মিলন বখত, চেয়ারম্যান মনসুরনগর ইউপি এবং ১৩নং ক্রমিকে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি জনাব সুকমল ভট্টাচার্য,অভিভাবক সদস্য,বিমলাচরন উচ্চ বিদ্যালয় এর পরিবর্তে জনাব দিগেন্দ্র চন্দ্র সরকার,চেয়ারম্যান,০২নং উত্তরভাগ ইউ.পি সংশোধনক্রমে উল্লেখিত ও সংশোধিত প্রকল্প বাস্তবায়ন কমিটি যথাযথ প্রকল্প বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা গত ৩০/১২/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং পাঠান্তে অন্য কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করেন।

অতঃপর স্থায়ী কমিটিসমূহের সংশ্লিষ্ট বিভাগীয় বিষয়ে আলোচনা করার জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিববৃন্দকে আহবান করেন।

<u>০১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি সংক্রান্ত ঃ</u> উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় নি । উক্ত কমিটির সদস্য সচিব জানান যে কোভিড-১৯ এর ১ম, ২য় ও ৩য় ডোজ টিকা প্রদান চলমান রয়েছে। কিন্তু এ বিভাগে ৫০% পর্যন্ত টিকা প্রদান করা হয়েছে ২৬ ফেব্রুয়ারী/২২ এর মধ্যে ১ম ডোজ এর ৫০,০০০ জন কে টিকা প্রদান করতে হবে। টিকা প্রদানের বিষয়ে জনগনের সুবিধার্থে ইউনিয়নের ওয়ার্ড/সুবিধামত বিদ্যালয় সমূহে টিকা কেন্দ্র চালু করে প্রচুর জনবল দিয়ে টিকা প্রদান করা হবে এতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন। ইপিআই টিকা কেন্দ্রেসমূহে কোভিড-১৯ এর টিকা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হচ্ছে।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | করোনা ভাইরাস মোকাবিলায় ও স্বাস্থ্য সচেতনার লক্ষ্যে প্রত্যেকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জনগনকে সচেতন করা ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান |

<u>০২। যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি সংক্রান্ত ঃ</u> উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উক্ত কমিটির সদস্য সচিব এর পক্ষে প্রতিনিধি জানান যে এডিপি /২০২১-২২ অর্থ বছরে এ মাসে ১ম ও ২য় কিস্তি বাবদ ৪০.৪৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত অর্থে গ্রহণকৃত প্রকল্পের প্রকল্প কমিটি গঠনের কাজ সমাপ্ত করা হয়েছে। দরপত্র আহবানের কাজ চলমান রয়েছে। এছাড়া উপজেলা শহর (নন‌মিউনিসিপ্যাল) মাষ্টার প্ল্যান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নের জন্য গৃহিত প্রকল্পে কিছু রাস্তার এলজিইডি কোড না থাকায় প্রাক্কলন তৈরীপূর্বক অনুমোদনের জন্য প্রস্তাব সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা সম্ভব না হওয়ায় এলজিইডি কোড সম্পন্ন রাস্তাসহ নিম্নোক্ত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।

১। রাজনগর পাবলিক লাইব্রেরীর সামন হতে মনিপুর ( জেলা পরিষদ ডাক বাংলোর পার্শে অবস্থিত রাস্তা) রাস্তা নির্মান প্রকল্প।
২। ডাঙ্গারহাট রাস্তা হতে হংসখলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামন দিয়ে ওয়াপদার বাঁধ পর্যন্ত রাস্তা নির্মান প্রকল্প।
৩। রাজনগর বাজারের আভ্যন্তরীণ ড্রেন নির্মান প্রকল্প।
৪। উপজেলা পরিষদ প্রাঙ্গনে ০১ টি টয়লেট নির্মান প্রকল্প।

উপজেলা প্রকৌশলী, রাজনগর সভায় আরোও জানান যে, স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০১ শাখা এর স্মারক নং- ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-৬২৯ ও তারিখ ঃ ১৯/০৮/২০১৯খ্রি. এবং স্থানীয় সরকার

পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০২ শাখা এর স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.০৭.০০৭.২০১১-৩২২ ও তারিখ ঃ ১৩/১২/২০১১খ্রি. অনুসারে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্প গ্রহণ বাস্তবায়নের নির্দেশিকা মোতাবেক প্রকল্প গ্রহণের নিমিত্ত চলতি অর্থ বছরে ১ম কিস্তি বাবদ প্রাপ্ত বরাদ্দ ২০.২৩ লক্ষ টাকার চারগুন অর্থাৎ (২০.২৩ x ৪ ) = ৮০.৯২ লক্ষ টাকার ১০% বর্ধিত হিসেবে সম্ভাব্য বরাদ্দ ৮৯,০১২০০/-(উননব্বই লক্ষ এক হাজার দুইশত) টাকা বিবেচনায় খাত ওয়ারী বিভাজন পূর্বক গত ০৯/১১/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাছাই কমিটির সভায় নির্বাচিত প্রকল্পসমূহ বাস্তবায়নের সুপারিশের প্রেক্ষিতে গত ৩০ নভেম্বর,২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত ২৯তম পরিষদ সভার সিদ্ধান্ত মোতাবেক ইজিপি দরপত্র আহবান করা হয়েছে। তিনি আরোও উল্লেখ করে বলেন যে, বর্তমানে অদ্য তারিখ পর্যন্ত স্থানীয় সরকার মন্ত্রনালয় হতে এডিপি/২০২১-২২ অর্থ বছরের আওতায় ০৩(তিন) কিস্তি মারফত মোট ৬০.৬৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ায় গৃহিত প্রকল্প সমূহ বাস্তবায়নের নিমিত্ত ৪র্থ কিস্তি বাবদ আরোও অতিরিক্ত ২৮,৩২,২০০/-(আটাশ লক্ষ বত্রিশ হাজার দুইশত) টাকা বরাদ্দ পাওয়া প্রয়োজন বিধায় রাজনগর উপজেলায় এডিপি/২১-২২ অর্থ বছরে ৪র্থ কিস্তি বাবদ অতিরিক্ত ২৮,৩২,২০০/-(আটাশ লক্ষ বত্রিশ হাজার দুইশত) টাকা বরাদ্দ প্রদানের জন্য সিনিয়র সচিব,স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা বরাবর পত্র প্রেরণের জন্য সভায় প্রস্তাব করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০২ | (ক )এডিপি/২০২১-২২ অর্থ বছরের আওতায় গৃহিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত ৪র্থ কিস্তি বাবদ ২৮,৩২,২০০/-(আটাশ লক্ষ বত্রিশ হাজার দুইশত) টাকা বরাদ্দ প্রদানের জন্য সিনিয়র সচিব,স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা বরাবর পত্র প্রেরণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাষ্টার প্ল্যান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নের জন্য গৃহিত ও অনুমোদিত প্রকল্পসমূহ প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বরাবর প্রেরনের জন্য উপজেলা প্রকৌশলী ,রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,রাজনগর<br>ও<br>উপজেলা প্রকৌশলী, রাজনগর |

<u>দুর্যোগ ব্যবস্থাপনা শাখা ঃ</u> সভায় কমিটির সদস্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর প্রতিনিধি জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিব বর্ষ উপলক্ষ্যে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সহ অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

<u>০৩। উপজেলা কৃষি ও সেচ কমিটি সংক্রান্ত ঃ</u>

উপজেলা কৃষি সম্প্রসারন কর্মকর্তা, রাজনগর সভায় উপস্থিত থেকে সভাকে অবগত করেন যে বর্তমানে বোর জমিতে ও মৌসুমের সবজি ও ফসলের জমিতে চাষাবাদ চলমান আছে। তিনি জানান যে আগামি ১৬/০৩/২২ তারিখে কৃষি যন্ত্রপাতি বিতরণের লক্ষ্যে ০৭/০৩/২২ তারিখের মধ্যে আবেদন দাখিলের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। আবেদন সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের মাধ্যমে দাখিল করা হলে আবেদন যাচাই বাছাই করা সহজ হবে বলে জানান।

পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বোর জমিতে সময়মত পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগন সভায় দৃষ্টি আকর্ষণ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৩ | কৃষি যন্ত্রপাতি বিতরণের বিষয়ে প্রকৃত কৃষকগণের নামের তালিকা দাখিলের সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রাজনগর<br>ও<br>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

০৪। <u>মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়। আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান ২০২১-২০২২ চক্রের নতুন ১৪৩৫ জন উপকারভোগীর নামে ১০/- টাকার ব্যাংকে হিসাব খোলা হয়েছে এবং সঞ্চয় কার্যক্রম চলমান আছে। আইজিএ প্রকল্পের আওতায় ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন প্রশিক্ষণ কার্যক্রম চলছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৪ | ক) বিধি মোতাবেক উপকারভোগির উপজেলা কমিটির আবেদন অনলাইনে সম্পন্ন করে সঞ্চয় কার্যক্রম চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাল্য বিবাহ রোধে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়নি। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রাজনগর সভায় জানান যে নতুন বই বিতরন করা হয়েছে। প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের যথাসময়ে বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে আগমন ও প্রস্থান নিশ্চিত করা সহ বিদ্যালয়ের পরিস্কার-পরিচ্ছন্নতা রাখার জন্য সকল বিদ্যালয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৫ | স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের পাঠদান কর্মসূচী এবং শিক্ষক-কর্মচারী ও ছাত্র/ছাত্রীর যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক শিক্ষা কর্মকতা,রাজনগর |

০৬। উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা শিক্ষা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে সকল রেজিঃ ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৬ | করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিস্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে শিশুদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য এবং যথাসময়ে বই বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর। |

০৭। উপজেলা সমাজকল্যাণ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজনগর আলোচনায় অংশ নিয়ে বলেন বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান চা শ্রমিকের প্রণোদনা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ হতে তালিকা পাওয়া যায় নাই।এমএইএস এর মাধ্যমে প্রদান করা হবে বিধবা ও বয়স্ক ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধীদের শিক্ষা উপবৃত্তি ভাতার কাজ চলমান আছে। চা শ্রমিকের তালিকা দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৭ | (ক) বিধবা ও বয়স্ক ভাতা প্রতিস্থাপন/ তালিকা প্রস্তুত করার বিষয়ে যাচাই বাছাই করে প্রস্তুতের বিষয়ে সহযোগিতা করার জন্য এবং চা শ্রমিকের তালিকা দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) আলোচনার সুবিধার্থে কার্যপত্র প্রতি সভার পূর্বে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যানগন। |

০৮। উপজেলা মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা এ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৮ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা রাজনগর |

০৯। উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় । উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), জানান ২০২০-২০২১ অর্থবছরের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ২০৮ টি গভীর নলকূপের মধ্যে (৬নং গভীর ও টিএসপি) কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ৬৫ টি নলকূপের বোরিং কাজ সম্পন্ন হয়েছে এবং ২০২১-২০২২ অর্থবছরের ২০৮ টি স্থান নির্ধারণ করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প এর অধীন ৭৫ টি গভীর নলকূপ এর মধ্যে ৫৫ টি বোরিং সম্পন্ন হয়েছে।

মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের স্বল্প স্কীম ৩৮ টি, পাবলিক স্যানিটেশন ও হাইজিন সুবিধা ৪ টি, প্রবাহমান পানি সরবরাহসহ হাত ধোয়ার স্টেশন ৯ টি ,কমিউনিটি ক্লিনিকে নতুন স্যানিটেশন ও হাইজিন সুবিধাসহ ৬টি এবং ১০ টি কমিউনিটি ক্লিনিকে পানির উৎস স্থাপন সংস্কার এর বরাদ্দ পাওয়া যায়।

উল্লেখ্য যে প্রতিটি কমিনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে সরবরাহের স্বল্প স্কীম এর জন্য নন্যুতম ৩০ টি পরিবার আছে এমন এলাকা নির্ধারণ এবং স্যানিটেশন ও হাইজিন সুবিধা নির্মানের স্থান তালিকা নির্ধারণের ক্ষেত্রে নির্মান কাজের জন্য ৩ শতাংশ জমি প্রদানের ব্যবস্থা করতে হবে।

চেয়ারম্যান ফতেপুর ইউপি জানান যে পবিত্র রমজান মাস আসন্ন কিন্তু ইতিপূর্বে বেতাহুঞ্জা গ্রামের জামে মসজিদে যে নলকূপ স্থাপন করা হয়েছে এতে প্রয়োজনের তুলনায় পানি উত্তোলিত হচ্ছে না বিধায় জরুরী ভিত্তিতে নিরাপদ পানির ব্যবস্থা করা প্রয়োজন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৯ | (ক) বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) রাজনগরকে অনুরোধ জানানো হয়। বরাদ্দ কৃত গভীর নলকূপ এবং হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাপ্ত প্রকল্পের কাজের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজনগর |

১০। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভার কার্যপত্র পাওয়া যায় । উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে চলিত অর্থবছরে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৫.৫৩ লক্ষ টাকা মোট আদায় হয়েছে ২০.০৬ লক্ষ টাকা। কোভিড-১৯ এর কারনে ঋণ আদায় কার্যক্রম বন্ধ ছিল । বর্তমানে ঋণ আদায় কার্যক্রম পুরোপুরিভাবে শুরু করা হয়েছে। পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে ঋণ আদায়ের ৫৫ টি সার্টিফিকেট মামলা পেন্ডিং রয়েছে।

আমার বাড়ী আমার খামার ঃ সভায় আমার বাড়ী, আমার খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারীর নিকট হতে কার্যপত্র পাওয়া যায় । এ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ২১.৬১ লক্ষ বকেয়া সহ আদায় করা হয়েছে ২৫.১৫ লক্ষ টাকা। মাঠ পর্যায়ে ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে বলে সভায় উল্লেখ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১০ | ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রাজনগর |
| | | সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগর |

১১। মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা (অঃদাঃ), রাজনগর সভায় দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে জানান। তিনি জানান মাঠ পর্যায়ে মৎস্য চাষিদেরকে মাছ চাষের উপর ২৫ জন চাষীকে পরামর্শ দেওয়া হয়েছে। ইউনিয়ন প্রকল্পের কার্যক্রম ০৮ টি ইউনিয়নে চলমান আছে। উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজনগর জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । এ পর্যন্ত প্রায় ৭৪৮০ টি গবাদি পশু ও ২৮০০০ টি হাঁস মুরগির টিকা প্রদান করা হয়েছে। এ মাসে গবাদি পশু ও হাঁস মুরগির টিকা বিক্রয় বাবদ ৯,২০০/-টাকা এবং কৃত্রিম প্রজনন ফি ১১,৫৮০/- টাকা সংশ্লিষ্ট সরকারি খাতে জমা দেওয়া হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১১ | (ক) প্রাণিসম্পদ অধিদপ্তর এর নির্দেশনা মোতাবেক টিকা এবং কৃত্রিম প্রজনন ফি এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা রাজনগর |

১২। উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর উপস্থিত ছিলেন। তিনি জানান যে আভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২১-২২ এর আওতায় রাজনগর উপজেলায় ৭৪০ মেট্রটন ধানের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১২ মেট্রিন ১৮৩৮ মেট্রটন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৭৫২ মেট্রটন সিদ্ধ চাল সংগৃহীত হয়েছে। সংগ্রহ অভিযান ২৮/০২/২২ পর্যন্ত চলমান থাকবে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১২ | ক. বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা এবং ধান ও চাল সংগ্রহ করার বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর |

১৩। উপজেলা যুব উন্নয়ন ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সদস্য-সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগরের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। জানুয়ারী/২২ মাসে ঋণ আদায়যোগ্য ১,৬০,০০০/- তন্মধ্যে আদায়কৃত ১, ৬০,০০০/- টাকা। খেলাপী ঋণের পরিমাণ ৩৬,৮৭,১১৩/-টাকা খেলাপী ঋণীদের নিকট নোটিশ প্রদান করে ঋণ আদায়ের জন্য তাগিদ দেওয়া হচ্ছে। শুরু হতে এ পর্যন্ত সর্বমোট ৮৮৯৭ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আত্মকর্মীর সংখ্যা ৪,১২২ জন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে তার কার্যালয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার ০২ টি, ১টি ক্যাশিয়ার, ১টি অফিস সহায়ক এর পদ শূন্য রয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৩ | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিভাগীয় কার্যক্রম পরিচালনায় গতিশীল হওয়ার জন্য উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , রাজনগর |

১৪। উপজেলা সাংস্কৃতিক বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলার শিল্পকলা একাডেমির কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৪ | শিল্পকলা একাডেমি সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রাজনগর |

১৫। উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি সংক্রান্ত

উক্ত কমিটির সদস্য সচিব সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৫ | আগামী সভায় রেঞ্জবন কর্মকর্তা, মৌলভীবাজার রেঞ্জ-২ শ্রীমঙ্গল কে তথ্য উপাত্তসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | রেঞ্জ বন কর্মকতা মৌলভীবাজার রেঞ্জ-২ |

১৬। উপজেলা আইনশৃঙ্খলা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। কমিটির সদস্য-সচিব অনুপস্থিত থাকায় বিস্তারিত আলোচনা সম্ভব হয় নি।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৬ | তথ্য উপাত্তসহ আগামি সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইনচার্জ ,রাজনগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, রাজনগর থানা |

১৭। উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। তাই এ বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি।

বিবিধ ঃ ০১ উপজেলা নির্বাহী অফিসার,রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত কর্মচারী জনাব অনুপ চন্দ্র দাশ,সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর এবং জনাব হোসেন আহমদ,গাড়ী চালক এর চাকুরীকাল ১০(দশ) বছর পূর্তি হওয়ায় জাতীয় বেতন স্কেল,২০১৫ অনুযায়ী উচ্চতর গ্রেড পাওয়ার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ,রাজনগর বরাবর আবেদন করেছেন। কর্মচারীগণের চাকুরীকাল সন্তোষজনক হওয়ায় জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ী উচ্চতর গ্রেড মঞ্জুরের জন্য সভায় প্রস্তাব করেন।

বিবিধ ০১:সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত কর্মচারী জনাব অনুপ চন্দ্র দাশ,সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর এবং জনাব হোসেন আহমদ,গাড়ী চালক এর চাকুরীকাল ১০(দশ) বছর পূর্তি হওয়ায় এবং তাঁদের চাকুরীকাল সন্তোষজনক হওয়ায় জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ী উচ্চতর গ্রেড প্রদানের প্রস্তাব সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়।

বিবিধ ঃ ০২ মূখ্য নির্বাহী কর্মকর্তা,রাজনগর সভায় জানান যে ফতেপুর ইউনিয়ন ব্যতীত ০৭ টি ইউনিয়ন পরিষদে মোট ০৮ জন মহল্লাদারের পদ শূন্য আছে মর্মে শূন্য তালিকা পাওয়া যায়। বিধি মোতাবেক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে মহল্লাদারদের শূন্য পদ পুরন করা প্রয়োজন।

বিবিধ ০২:সিদ্ধান্ত ঃ যে সকল ইউনিয়নে মহল্লাদার পদ শূন্য আছে সে সকল ইউনিয়নের ওয়ার্ড ভিত্তিক মহল্লাদার নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ-০৩ঃ উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানগন আলোচনায় অংশ নিয়ে জানান যে করোনা প্রতিরোধের বিষয়ে সচেতন হওয়ার জন্য নিয়মিত মাস্ক ব্যবহারের জন্য এবং করোনা টিকা গ্রহণের জন্য এলাকায় মাইকিং করে প্রচারকার্য চলমান আছে।

বিবিধ-০৪ ঃ উপজেলা নির্বাহী অফিসার,রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে আগামী মার্চ মাসের ৭ মার্চ ও ২৬শে মার্চ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ আয়োজনের জন্য বাজেটের স্বল্পতার কারনে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জাতীয় দিবস উদযাপন খাত হতে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য সভায় প্রস্তাব করেন। এছাড়া তিনি আরোও জানান যে,উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জাতীয় দিবস উদযাপন খাত হতে বার্ষিক ০১(এক) লক্ষ টাকা ব্যয়ের নির্দেশনা থাকায় ইতোমধ্যে গত ১৬ডিসেম্বর,২০২১খ্রি. উপলক্ষ্যে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনে ব্যয় হওয়ায় এ খাতে অতিরিক্ত ব্যয়ের পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রনালয় হতে প্রশাসনিক পূর্বানুমতি গ্রহণ আবশ্যক বিধায় আগামী ৭মার্চ ও ২৬মার্চ,২০২২খ্রি. যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জাতীয় দিবস উদযাপন খাতে ০২(দুই) লক্ষ টাকা ব্যয়ের প্রশাসনিক পূর্বানুমতি গ্রহনের জন্য সিনিয়র সচিব,স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা বরাবর পত্র প্রেরণের জন্য সভায় প্রস্তাব করেন।

বিবিধ ৩: সিদ্ধান্ত ঃ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে আগামী মার্চ মাসে ৭ই মার্চ ও ২৬মার্চ,২০২২খ্রি. যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ আয়োজনের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জাতীয় দিবস উদযাপন খাতে ০২(দুই) লক্ষ টাকা ব্যয়ের প্রশাসনিক পূর্বানুমতি গ্রহনের জন্য সিনিয়র সচিব,স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার,রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ : ৪: উপজেলা পরিষদের আবাসিক এলাকায় গেজেটেড কোয়ার্টারের ৩/৪ নং বাসাটি অনেক পূর্বে রংকরণ করা হওয়ায় বর্তমানে বাসাটির রং নষ্ট হয়ে গিয়েছে। বাসাটি রংকরণ ও মেরামতের প্রয়োজন হওয়ায় তা মেরামত করা হয়। বাসা মেরামত ও রং করণ সম্পন্ন করে প্রো: মেসার্স শাওন এন্টারপ্রাইজ ইলেকট্রিক এন্ড হার্ডওয়ার ২৪,৬০০/-( চব্বিশ হাজার ছয়শত) টাকার বিল পরিশোধের জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ বরাবর দাখিল করিলে বিলটি এ কার্যালয়ে পাওয়া যায়।

সিদ্ধান্ত : দাখিলকৃত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত ও সংরক্ষণ খাত হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ-০৫ ঃ** উপজেলা নির্বাহী অফিসার,রাজনগর ২১ ফেব্রুয়ারী,২০২২খ্রি. উপলক্ষ্যে মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের উদ্দেশ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদযাপন খাত হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের জন্য সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ ৫ঃ সিদ্ধান্ত ঃ ২১ ফেব্রুয়ারী,২০২২খ্রি. উপলক্ষ্যে মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের উদ্দেশ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদযাপন খাত হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের প্রস্তাব সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়।

সভাপতি সকলের সহিত সমন্বয় করে একযোগে কাজ করার অনুরোধ জানিয়ে রাজনগর উপজেলার উন্নয়ন ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষর)
(মুক্তি চক্রবর্তী )
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার।

স্মারক নম্বর- ০৫.০০.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-২০ (৪৫) তারিখ ঃ ১৭/০২/২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য,২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ,রাজনগর ,মৌলভীবাজার।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৬.। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১-০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

০৩। উপজেলা.........................................কর্মকর্তা, রাজনগর, মৌলভীবাজার।

(স্বাক্ষর) ১৭।০২।২২
(প্রিয়াংকা পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২।

১৭/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩২ তম মাসিক সভার উপস্থিতি(স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক"

| ক্র. নং | পদবি | প্রতিনিধির নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, রাজনগর | | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রাজনগর | | |
| ৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ , রাজনগর | | |
| ৪ | চেয়ারম্যান ০১ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ (সদস্য) | | [illegible] 17.02.2022 |
| ৫ | চেয়ারম্যান ০২ নং উত্তরভাগ ইউনিয়ন পরিষদ (সদস্য) | শিবেন্দ্র চন্দ্র সরকার চেয়ারম্যান ২নং উত্তরভাগ ইউ/প | [illegible] |
| ৬ | চেয়ারম্যান, ০৩ নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদ(সদস্য) | বাবুল হোসেন ৩নং মুন্সিবাজার ইউ/প | [illegible] 17.02.2022 |
| ৭ | চেয়ারম্যান ০৪ নং পাঁচগাঁও ইউনিয়ন পরিষদ(সদস্য) | [illegible] চেয়ারম্যান ৪নং পাঁচগাঁও | [illegible] |
| ৮ | চেয়ারম্যান, ০৫ নং রাজনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | টিপু খান | [illegible] 17.02.2022 |
| ৯ | চেয়ারম্যান ০৬ নং টেংরা ইউনিয়ন পরিষদ(সদস্য) | চেয়ারম্যান ৬নং টেংরা ইউপি [illegible] ১৭/০২/২০২২ইং | |
| ১০ | চেয়ারম্যান ০৭ নং কামারচাক ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১১ | চেয়ারম্যান ০৮ নং মনসুরনগর ইউনিয়ন পরিষদ(সদস্য) | | |
| ১২ | অফিসার ইনচার্জ, রাজনগর থানা(সদস্য) | | |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও প, প, কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | [illegible] |
| ১৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ১৫ | উপজেলা প্রকৌশলী, রাজনগর (সদস্য) | মোঃ [illegible] SAE | [illegible] 17.02.22 |
| ১৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজনগর (সদস্য) | মোঃ কামরুজ্জামান বাবর (SALO) | [illegible] |
| ১৭ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, (ভাঃপ্রাঃ), রাজনগর(সদস্য) | | |
| ১৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | [illegible] |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা , রাজনগর (সদস্য) | [illegible] | [illegible] |

| | | | |
|---|---|---|---|
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভাঃ প্রাঃ), রাজনগর | [illegible] চন্দ্র ঘোষ | |
| ২২ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজনগর (সদস্য) | মোঃ শোহেল-উদ্দিন | |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর (সদস্য) | মধুছন্দা রায় উ.ম.বি.ক. রাজনগর | 27/2/22 |
| ২৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ২৬ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য রাজনগর (সদস্য) | | |
| ২৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজনগর(সদস্য) | | |
| ২৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর (সদস্য) | [illegible] | |
| ২৯ | ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ বন কর্মকর্তা, (অতদা), রাজনগর (সদস্য) | | |
| ৩০ | শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক , রাজনগর (সদস্য) | | |
| ৩১ | উপজলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজনগর (সদস্য) | UAVDO | 27/02/22 |
| ৩২ | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, রাজনগর (সদস্য) | | |
| ৩৩ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজনগর (সদস্য) | | |
| ৩৪ | মোছাঃ রুশনা আক্তার<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৫ | মোছাঃ জেছমিন বেগম<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৬ | মোছাঃ লাইলী বেগম<br>সংরক্ষিত আসনে মহিলা (সদস্য) | | |
| ৩৭ | উপ- সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজনগর (সদস্য) | | |
| ৩৮ | কনসালট্যান্ট, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রাজনগর (সদস্য) | | |
| ৩৯ | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড, রাজনগর (সদস্য) | | |
| ৪০ | ফিল্ড সুপার, ইসলামিক ফাউন্ডেশন, রাজনগর. (সদস্য) | | |
| ৪১ | উপজেলা ডেভেলপমেন্ট ফেসিলিটেটর,<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), রাজনগর. | | |
| ৪২ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র রাজনগর। | | |
| ৪৩ | | | |
| ৪৪ | | | |

উপজেলা পরিষদ
রাজনগর, মৌলভীবাজার

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-২৮(৪৫)

তারিখ ঃ ১৬ /০৩/২০২২ খ্রি.

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদের ৩৩ তম মাসিক সাধারণ সভা আগামী ২৩/০৩/২০২২ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

এ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো। বিভাগীয় কর্মকর্তাদের স্ব-স্ব বিভাগের কার্যপত্র নিম্নোক্ত ছক মোতাবেক আবশ্যিক ভাবে আগামী ২২/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিক ভাবে unorajnagar@mopa.gov.bd /unorajnagar16@gmail.com এ সফট কপি ও হার্ড কপি নিম্ন স্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| বিভাগের নাম | বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন (যদি থাকে) | আলোচ্য মাসে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ ও সমস্যা (যদি থাকে) |
|---|---|---|
| | | |

সভার আলোচ্যসূচি ঃ
০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
০২। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
০৩। প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক উপস্থাপিত প্রকল্প সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৪। বিবিধ।

১৬।০৩।২২
(প্রিয়াংকা পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২

ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর
চেয়ারম্যান................................ইউপি (সকল)
উপজেলা..............................................কর্মকর্তা (সকল),রাজনগর
জনাব......................................................................

স্মারক নং- ০৫.৪৬.৫৮৮০.০০২.০২.০৩৭.১৯-২৮(৪৫)

তারিখ ঃ ১৬/০৩/২০২২ খ্রি.।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-
০১। জনাব নেছার আহমদ, জাতীয় সংসদ সদস্য, ২৩৭ মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।
০৫ । গোপনীয় সহকারী, জেলা পরিষদ মৌলভীবাজার। চেয়ারম্যান জেলা পরিষদ, মৌলভীবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৬।০৩।২২
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার।

উপজেলা পরিষদ

রাজনগর, মৌলভীবাজার।

www.rajnagar.moulvibazar.gov.bd

**২৩ মার্চ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের (৫ম উপজেলা পরিষদ) ৩৩ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ জনাব মো: শাহজাহান খান চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর মৌলভীবাজার।
তারিখ ও সময় ঃ ২৩/০৩/২০২২খ্রি. , বেলা ঃ ১১.৩০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রাজনগর, মৌলভীবাজার।
সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা,রাজনগরকে অনুরোধ জানান। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা গত ১৭/০২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজনগর উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং পাঠান্তে অন্য কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করেন।

অতঃপর স্থায়ী কমিটিসমূহের সংশ্লিষ্ট বিভাগীয় বিষয়ে আলোচনা করার জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিববৃন্দকে আহবান করেন।

০১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায় নি । উক্ত কমিটির সদস্য সচিব জানান যে কোভিড-১৯ এর ১ম, ২য় ও ৩য় ডোজ টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। টিকা প্রদানের বিষয়ে জনগনের সুবিধার্থে ইউনিয়নের ওয়ার্ড/সুবিধামত বিদ্যালয় সমূহে টিকা কেন্দ্র চালু করে টিকা প্রদান করা হবে এতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | করোনা ভাইরাস মোকাবিলায় ও স্বাস্থ্য সচেতনার লক্ষ্যে প্রত্যেকে মাস্ক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জনগনকে সচেতন করা ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজনগর<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান |

০২। যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উক্ত কমিটির সদস্য সচিব এর পক্ষে প্রতিনিধি জানান যে এডিপি /২০২১-২২ অর্থ বছরের প্রত্যায়ক ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত অর্থে গ্রহণকৃত প্রকল্পের দরপত্র গ্রহণ করা হয়েছে যা দরপত্র মূল্যায়ণের কাজ চলমান আছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র,কমিউনিটি ক্লিনিকের ডেলিভারী কেন্দ্রে মেডিকেল যন্ত্রপাতি সরবরাহ ও রাস্তা/হাটবাজারের গুরুত্বপূর্ন স্থানে সোলার বাতি স্থাপন কাজ ০৭/০৪/২০২২ তারিখে অনলাইনে প্রকাশ করা হবে বলে জানান। মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় অবহিত করেন যে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর এবং প্রধান ফটক নির্মাণ এবং আবাসিক এলাকার বাউন্ডারী ওয়াল নষ্ট হওয়ায় তা মেরামত ও সংস্কার/ নির্মাণ করা প্রয়োজন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০২ | (ক) এডিপি/২০২১-২২ অর্থ বছরের আওতায় ও রাজস্ব উদ্বৃত অর্থে গৃহিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) উপজেলা পরিষদের আবাসিক এলাকার বাউন্ডারী ওয়াল এবং গেইট নির্মাণের বিষয়ে সরেজমিন তদন্ত করে প্রাক্কলন প্রস্তুত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,রাজনগর<br>ও<br>উপজেলা প্রকৌশলী, রাজনগর |

দুর্যোগ ব্যবস্থাপনা শাখা ঃ সভায় কমিটির সদস্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর প্রতিনিধি জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উপলক্ষ্যে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সহ অন্যান্য প্রকল্পসমূহ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

০৩। উপজেলা কৃষি ও সেচ কমিটি সংক্রান্ত ঃ

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, রাজনগর সভায় উপস্থিত থেকে সভাকে অবগত করেন যে বর্তমানে বোরো ফসলে প্রয়োজনের তুলনায় পানি সরবরাহ করা হচ্ছে না ফলে বোর ধান উৎপাদনে আনেকাংশে ব্যহত হচ্ছে বিধায় তিনি পানি উন্নয়ন বোর্ডের সহযোগিতা চান।

পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বোর জমিতে সময়মত পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগন সভায় দৃষ্টি আকর্ষণ করেন।

সহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড সভায় জানান যে মনু নদীতে পানির প্রবাহ কম থাকায় ক্যানেল দিয়ে পানি কম প্রবাহিত হচ্ছে ফলে সব জমিতে পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে না তা ছাড়া অনেক পুরাতন ক্যানেল অনেকাংশে ভরাট হয়ে যাওয়ায় পানি সরবরাহ বিঘ্নিত হচ্ছে। চেয়ারম্যান ফতেপুর ইউপি জানান যে মুনিয়ার পাড়-কাশিমপুর হাওর এলাকার পানি উন্নয়ন বোর্ড কর্তৃক মাটি খনন করা হয়েছে কিন্তু পাম্প হাউজ দিয়ে নদীতে পানি যাওয়ার রাস্তা খনন করা হয় নাই ফলে মাটি পুনরায় ভরাট হবে।

চেয়ারম্যান ৬ নং টেংরা ইউপি জানান যে পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের কাজ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সাথে যোগাযোগ করে শুরু করা হলে যে এলাকায় প্রকল্পের কাজ হচ্ছে তা দেখাশুনায় সহযোগিতা করতে পারবেন। আখালীছড়া খননের একটি প্রকল্প রয়েছে সেটা এখনও বাস্তবায়িত হচ্ছে না মর্মে সভায় উল্লেখ করেন।

চেয়ারম্যান উত্তরভাগ ইউনিয়ন পরিষদ সভায় উল্লেখ করেন যে নুনু মিয়া নামক জনৈক ব্যক্তি রাস্তা হতে মাটি খনন করার ফলে গালিমপুর গ্রামে বসবাসরত অনেকের আসা যাওয়ার রাস্তা প্রায় বন্ধ হয়ে যাচ্ছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৩ | পানি উন্নয় বোর্ড কর্তৃক গৃহীত প্রকল্প সমূহের বাস্তবায়নের সুবিধার্থে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সাথে যোগাযোগ করে প্রকল্প বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড রাজনগর ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

০৪। মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়। আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান ২০২১-২০২২ চক্রের নতুন ১৪৩৫ জন উপকারভোগীর নামে ১০/-টাকার ব্যাংক হিসাব খোলা হয়েছে এবং সঞ্চয় কার্যক্রম চলমান আছে। আইজিএ প্রকল্পের আওতায় ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন প্রশিক্ষণ কার্যক্রম চলছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৪ | ক) বিধি মোতাবেক উপকারভোগির উপজেলা কমিটির আবেদন অনলাইনে সম্পন্ন করে সঞ্চয় কার্যক্রম চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাল্য বিবাহ রোধে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজনগর ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়নি। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রাজনগর সভায় জানান যে নতুন বই বিতরন করা হয়েছে। প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের যথাসময়ে বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে আগমন ও প্রস্থান নিশ্চিত করা সহ বিদ্যালয়ের পরিস্কার-পরিচ্ছন্নতা রাখার জন্য সকল বিদ্যালয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৫ | স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়ের পাঠদান কর্মসূচী এবং শিক্ষক-কর্মচারী ও ছাত্র/ছাত্রীর যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক শিক্ষা কর্মকতা,রাজনগর |

০৬। উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায় নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা শিক্ষা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জানান যে সকল রেজিঃ ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ করা হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৬ | করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিস্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে শিশুদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য এবং যথাসময়ে বই বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজনগর । |

০৭। উপজেলা সমাজকল্যাণ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজনগর আলোচনায় অংশ নিয়ে বলেন বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে । তিনি জানান বয়স্কভাতা ভোগী-৭৩৮২জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা-২৭২২ জন, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা-২৭১২ জন, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি ১১৪ জন নিয়মিতভাবে পাচ্ছে। চা শ্রমিকের জীবনমান কার্যক্রম বাস্তবায়নেরে লক্ষ্যে অনলাইনে আবেদন কার্যক্রম চলিতেছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান রয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৭ | (ক) বিধবা ও বয়স্ক ভাতা প্রতিস্থাপন/ তালিকা প্রস্তুত করার বিষয়ে যাচাই বাছাই করে প্রস্তুতের বিষয়ে সহযোগিতা করার জন্য এবং চা শ্রমিকের তালিকা দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যানগন। |

০৮। উপজেলা মুক্তিযুদ্ধ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা কর্মকর্তা এ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৮ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>রাজনগর |

০৯। উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কার্যপত্র পাওয়া যায়নি । উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), জানান ২০২০-২০২১ অর্থবছরের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ২০৮ টি গভীর নলকূপের মধ্যে (৬নং গভীর ও টিএসপি) কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ৬৫ টি নলকূপের বোরিং কাজ সম্পন্ন হয়েছে এবং ২০২১-২০২২ অর্থবছরের ২০৮ টি স্থান নির্ধারণ করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে হাওর

অঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প এর অধীন ৭৫ টি গভীর নলকূপ এর মধ্যে ৫৫ টি বোরিং সম্পন্ন হয়েছে।

মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের স্কল স্কীম ৩৮ টি, পাবলিক স্যানিটেশন ও হাইজিন সুবিধা ৪ টি, প্রবাহমান পানি সরবরাহসহ হাত ধোয়ার স্টেশন ৯ টি ,কমিউনিটি ক্লিনিকে নতুন স্যানিটেশন ও হাইজিন সুবিধাসহ ৬টি এবং ১০ টি কমিউনিটি ক্লিনিকে পানির উৎস স্থাপন সংস্কার এর বরাদ্দ পাওয়া যায়।

উল্লেখ্য যে প্রতিটি কমিনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে সরবরাহের স্কল স্কীম এর জন্য নন্যুতম ৩০ টি পরিবার আছে এমন এলাকা নির্ধারণ এবং স্যানিটেশন ও হাইজিন সুবিধা নির্মানের স্থান তালিকা নির্ধারণের ক্ষেত্রে নির্মান কাজের জন্য ৩ শতাংশ জমি প্রদানের ব্যবস্থা করতে হবে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৯ | (ক) বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) রাজনগরকে অনুরোধ জানানো হয়। বরাদ্দ কৃত গভীর নলকূপ এবং হাওর আঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাপ্ত প্রকল্পের কাজের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজনগর |

<u>১০। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভার কার্যপত্র পাওয়া যায় । উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে চলিত অর্থবছরে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৫.৫৩ লক্ষ টাকা মোট আদায় হয়েছে ২০.০৬ লক্ষ টাকা। কোভিড-১৯ এর কারনে ঋণ আদায় কার্যক্রম বন্ধ ছিল । বর্তমানে ঋণ আদায় কার্যক্রম পুরোপুরিভাবে শুরু করা হয়েছে।

<u>আমার বাড়ী আমার খামার ঃ</u> সভায় আমার বাড়ী, আমার খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারীর নিকট হতে কার্যপত্র পাওয়া যায় । এ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ২১.৬১ লক্ষ বকেয়া সহ আদায় করা হয়েছে ২৫.১৫ লক্ষ টাকা। মাঠ পর্যায়ে ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে বলে সভায় উল্লেখ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১০ | ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সরকারী নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ,রাজনগরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রাজনগর<br>সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজনগর |

<u>১১। মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির কার্যপত্র পাওয়া যায়। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা (অঃদাঃ), রাজনগর সভায় দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে জানান। তিনি জানান মাঠ পর্যায়ে মৎস্য চাষিদেরকে মাছ চাষের উপর ২৫ জন চাষীকে পরামর্শ দেওয়া হয়েছে। ইউনিয়ন প্রকল্পের কার্যক্রম ০৮ টি ইউনিয়নে চলমান আছে। উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজনগর জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । এ মাসে প্রায় ২০২৮ টি গবাদি পশু ও ১৪,৫০০ টি হাঁস মুরগির টিকা প্রদান করা হয়েছে। এ মাসে গবাদি পশু ও হাঁস মুরগির টিকা বিক্রয় বাবদ ৪,৯৯৫/-টাকা এবং কৃত্রিম প্রজনন ফি ১২,৩০০/- টাকা সংশ্লিষ্ট সরকারি খাতে জমা দেওয়া হয়েছে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১১ | (ক) প্রাণিসম্পদ অধিদপ্তর এর নির্দেশনা মোতাবেক টিকা এবং কৃত্রিম প্রজনন ফি এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা রাজনগর |

১২। উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর উপস্থিত ছিলেন। তিনি জানান যে আভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২১-২২ এর আওতায় রাজনগর উপজেলায় ৭৪০ মেট্রন ধানের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১২ মেট্রন ১৮৩৮ মেট্রন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৭৫২ মেট্রন সিদ্ধ চাল সংগৃহীত হয়েছে। সংগ্রহ অভিযান ২৮/০২/২২ পর্যন্ত চলমান থাকবে।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১২ | বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা এবং ধান ও চাল সংগ্রহ করার বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগরকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর |

১৩। উপজেলা যুব উন্নয়ন ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সদস্য-সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজনগরের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক চলছে মর্মে সভাকে অবহিত করেন। ফেব্রুয়ারী/২২ মাসে ঋণ আদায়যোগ্য ১,৬৪,৪০০/- তন্মধ্যে আদায়কৃত ১, ৫২,০০০/- টাকা। খেলাপী ঋণের পরিমাণ ৩৬,৮৭,১১৩/-টাকা খেলাপী ঋণীদের নিকট নোটিশ প্রদান করে ঋণ আদায়ের জন্য তাগিদ দেওয়া হচ্ছে। শুরু হতে এ পর্যন্ত সর্বমোট ৮৯৫৭৭ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আত্মকর্মীর সংখ্যা ৬,৩০৭ জন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে তার কার্যালয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার ০২ টি, ১টি ক্যাশিয়ার, ১টি অফিস সহায়ক এর পদ শূন্য রয়েছে।

তিনি আরো জানান যে যুব কর্মে অনন্য অবদানের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক " শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২" এর বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আগামী ০৩/০৪/২০২২ তারিখের মধ্যে উপযুক্ত প্রার্থীগণকে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৩ | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিভাগীয় কার্যক্রম পরিচালনায় গতিশীল হওয়ার জন্য উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, রাজনগরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , রাজনগর |

১৪। উপজেলা সাংস্কৃতিক বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। উক্ত কমিটির সদস্য সচিব উপজেলার শিল্পকলা একাডেমির কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

| ক্র, নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৪ | শিল্পকলা একাডেমি সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রাজনগর |

১৫। উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি সংক্রান্ত

উক্ত কমিটির সদস্য সচিব সভায় উপস্থিত। তিনি জানান যে বিধি মোতাবেক পানি উন্নয়ন বাঁধের পার্শ্বে এবং সড়ক পরিবহন এর আওতাধীন রাস্তার পার্শ্বে বনায়ন করা হচ্ছে। এ বছর সড়ক ও জনপথ বিভাগের রাস্তার পাশ হতে প্রায় ৬.০০ লক্ষ টাকার গাছ বিক্রি করা হয়েছে। এ বছর আরো প্রায় ১০,০০০ চারার মাধ্যমে বিভিন্ন স্থানে বনায়ন করা হবে এতে কিছু উপকারভোগী নিয়োগ করা হবে।

চেয়ারম্যান ৬ নং টেংরা ইউপি জানান যে রাজনগর চা বাগান হতে কে বা কাহারা মূল্যবান গাছ কর্তন করে পরিবেশের ভারসাম্য নষ্ট করিতেছে এতে বন বিভাগের অনুমতি আছে কি না জানা নেই। তা ছাড়া তারাপাশা হতে প্রতিদিন ১০ টনের অধিক ট্রাক দিয়ে বালু সরবরাহ করার ফলে তারাপাশা হতে টেংরা পর্যন্ত ছোট রাস্তাটি বিভিন্ন স্থানে ভাংগন দেখা দিয়েছে ফলে জনগন/ যানবাহন চলাচলে অনুপযোগি হয়ে পড়িতেছে। পানি উন্নয়নের বাঁধের নিকট হতে বালু উত্তোলন করায় বাঁধ ভাংগন দেখা দিতে পারে বলে জানান।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৫ | বনায়নের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ ও ইউনিয়ন চেয়ারম্যানের সহিত যোগাযোগ রেখে বিধি মোতাবেক বনায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ বন কর্মকর্তা মৌলভীবাজার রেঞ্জ-২ |

<u>১৬। উপজেলা আইনশৃঙ্খলা বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। কমিটির সদস্য-সচিব অনুপস্থিত থাকায় বিস্তারিত আলোচনা সম্ভব হয় নি।

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৬ | তথ্য উপাত্তসহ আগামি সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইনচার্জ ,রাজনগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, রাজনগর থানা |

<u>১৭। উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি সংক্রান্ত ঃ</u>

উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কোন কার্যপত্র পাওয়া যায়নি। তাই এ বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি।

**বিবিধ ঃ ০১** উপজেলা নির্বাহী অফিসার,রাজনগর আলোচনায় অংশ নিয়ে জানান যে, উপজেলা পরিষদের ১৪২৮ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ ৭,৮০০/- টাকার চাহিদাপত্র ইউনিয়ন ভূমি অফিস রাজনগর সদর হতে পরিশোধের জন্য পাওয়া যায়।

সিদ্ধান্ত : দাখিলকৃত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের টেলিফোন বিল, ইন্টারনেট বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধ খাত হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ ঃ ০২** স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে মার্চ মাসে ৭ই মার্চ বিভিন্ন অনুষ্ঠানাদি, ১৭ ই মার্চ অনুষ্ঠিত বিভিন্ন অনুষ্ঠান ও মুজিব শতবর্ষ পালনের বিভিন্ন অনুষ্ঠানসহ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযথ মর্যাদায় বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণভাবে উদযাপনের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ২,০০(দুই)লক্ষ টাকা ব্যয়ের নিমিত্ত স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০২০.১৬.১৫৮ তারিখ: ১০/০৩/২০২২ মূলে মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন পাওয়ায় অগ্রিম উত্তোলন করা হয়।

**বিবিধ ০২: সিদ্ধান্ত ঃ** মহান ২৬ শে মার্চ ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য অগ্রিম উত্তোলিত অর্থের ব্যয় ভাউচার সমন্বয় পূর্বক বিধি মোতাবেক ভ্যাট আইটি কর্তন করার জন্য জনাব মো: ইকতার আলী সি এ কাম ইউডিএ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজনগরকে সংশ্লিষ্ট সরকারি খাতে জমা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**বিবিধ-০৩ ঃ** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২-১৪৬ তারিখ: ০৮/০৩/২০২২ মূলে প্রাপ্ত মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য বিভিন্ন অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য ১.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত অর্থ ব্যয়ের ভূতাপেক্ষ অনুমোদনের প্রয়োজন।

বিবিধ ৩: সিদ্ধান্ত ঃ মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ১.০০ লক্ষ টাকা ব্যয়ের সমন্বয় সাপেক্ষে ভ্যাট আইটি কর্তন সহ বিল ভাউচার পাওয়ায় সভায় সর্বসম্মতক্রমে ভূতাপেক্ষ অনুমোদিত হয়।

বিবিধ : ৪ : উপজেলা পরিষদের জীপ গাড়ী নং-০০৭৯ এর ফেব্রুয়ারী/২২ ও মার্চ/২২ মাসের গ্যাস,অকটেন ইত্যাদি জ্বালানী বাবদ ৩৬,১০৪/- টাকার বিল ম্যানেজার, হাজী ইকবাল ফিলিং ষ্টেশন ,মৌলভীবাজার দাখিল করিলে বিলটি উত্তোলনক্রমে ভ্যাট আইটি কর্তন করে পরিশোধ করা হয়েছে। বিলটি অদ্যকার সভায় ভূতাপেক্ষ অনুমোদনের প্রয়োজন।

বিবিধ ৩: সিদ্ধান্ত ঃ দাখিলকৃত বিলটির বিল ভাউচার পাওয়ায় সভায় সর্বসম্মতক্রমে ভূতাপেক্ষ অনুমোদিত হয়।

বিবিধ : ৪: উপজেলা পরিষদের পৃথক পৃথক ১০ টি মিটারের জুলাই/২১ মাস হতে ডিসেম্বর/২১ মাস পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ ৮২,২৬৪/- টাকা বকেয়া বিল পরিশোধের জন্য ডিজিএম পল্লী বিদ্যুত সমিতি, রাজনগর, মৌলভীবাজার বিল দাখিল করেন।

বিবিধ : ৪: সিদ্ধান্ত : দাখিলকৃত বকেয়া বিদ্যুৎ বিলগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিদ্যুৎ বিল/টেলিফোন বিল/ভূমি উন্নয়ন কর পরিশোধের খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ :৫: মূখ্য নির্বাহী কর্মকর্তা জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ তারিখ: ০৪/০১/২০২১ মূলে প্রাপ্ত পত্রের আলোকে মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য আশ্রায়ন প্রকল্পের আওতায় রাজনগর উপজেলায় ০১ টি গৃহ নির্মান করে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সরাসরি ক্রয় পক্রিয়া পদ্ধতিতে নির্মাণের ক্ষেত্রে নূন্যতম প্রাক্কলিত ব্যয় ১,৭১,০০০/-(এক লক্ষ একাত্তর হাজার) ভ্যাট ও আয়কর ব্যতীত টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে গৃহ নির্মাণ করার নির্দেশনা রয়েছে। উল্লেখ্য যে, কোভিড-১৯ এবং উপজেলা রাজস্ব তহবিলের স্বল্পতার কারনে যথা সময়ে উল্লেখিত গৃহটি নির্মাণ করা সম্ভব হয়নি বিধায় সংশ্লিষ্ট মন্ত্রনালয়ের অনুমোদিত বাজেট বরাদ্দ মোতাবেক উল্লেখিত বাসগৃহটি বর্তমান বাজার দরে নির্মাণ করা সম্ভব নয়। এমতাবস্থায় আশ্রয়ন-২ প্রকল্প কর্তৃক সর্বশেষ অনুমোদিত নকশা ও প্রাক্কলন (মুজিববর্ষ উদযাপন উপলক্ষে সংশোধিত) অনুযায়ী মানসম্মত নির্মাণ সামগ্রী ব্যবহার করে টেকসই বাসগৃহ নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়,মৌলভীবাজার এর (ত্রান ও পুনর্বাসন শাখা) এর স্মারক নং- ৫১.০১.৫৮০০.০০০.১৪.০২৩-২১-৫৪ ও তারিখ ১০/০২/২০২২খ্রি. মূলে প্রতিটি ঘর নির্মাণ বাবদ ব্যয় ২,৫৯,৫০০/-(দুই লক্ষ উনষাট হাজার পাঁচশত) টাকা নির্ধারন করে উপ বরাদ্দ পাওয়া যায়। উল্লেখিত প্রাপ্ত উপবরাদ্দ অনুযায়ী বাসগৃহ নির্মাণের জন্য অনুমোদিত বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয়ের পূর্বে স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদনের আবশ্যিকতা রয়েছে মর্মে সভায় উল্লেখ করেন।

